প্রথম আলো

Prothom Alo North America

9 May 2024, Thursday, 8th Year, Issue 373, 40 Pages

৯ মে ২০২৪, ২৬ বৈশাখ ১৪৩১, ১ জিলকদ ১৪৪৫, বৃহস্পতিবার, ৮ম বর্ষ , সংখ্যা ৩৭৩, পৃষ্ঠা: ৪০

ফোক সম্রাজ্ঞী মমতাজ মাতিয়ে চলেছেন উত্তর আমেরিকা

পৃষ্ঠা ১০

মিশিগানে মঞ্চ কাঁপাতে আসছেন কুমার শানু

পৃষ্ঠা ১৪

সব চেয়ে কম ভোটের রেকর্ড

উপজেলা নির্বাচন

প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হচ্ছে না উপজেলা নির্বাচন, সেকারণে ভোটার কমছে বলে মনে করছেন বিশ্লেষকেরা।

ঢাকা অফিস

স্বল্প ভোটারের উপস্থিতির মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়ে গেল ষষ্ঠ উপজেলা পরিষদের প্রথম ধাপের নির্বাচন।

জাল ভোট, ব্যালট কেড়ে নিয়ে পছন্দের প্রার্থীর প্রতীকে সিল মারাসহ নানা অনিয়মের মধ্য দিয়ে বুধবার ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপ অনুষ্ঠিত হলো। অনেক স্থানে এসব অনিয়মের সঙ্গে যুক্ত ছিলেন ভোট গ্রহণ কর্মকর্তারাও। তবে আশঙ্কা থাকলেও ভোট ঘিরে বড় কোনো গোলযোগ হয়নি। প্রভাব বিস্তার নিয়ে কোথাও কোথাও বিচ্ছিন্ন সহিংসতা ও ককটেলবাজির ঘটনা ঘটে। কেন্দ্রে কেন্দ্রে খুব একটা ভোটার উপস্থিতি দেখা না গেলেও নির্বাচন কমিশন (ইসি) দাবি করেছে, ভোট দিয়েছে ৩০ থেকে ৪০ শতাংশ মানুষ।

নির্বাচনে ৩০ থেকে ৪০ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। ভোটের এই হার গত ৫টি উপজেলা নির্বাচনের মধ্যে সর্বনিম্ন। নির্বাচন কমিশন সূত্র বলছে, সর্বশেষ ২০১৯ সালের পঞ্চম উপজেলা ভোটে গড়ে ৪১ শতাংশের বেশি ভোট পড়ে। ২০১৪ সালে চতুর্থ উপজেলা ভোটে ৬১ শতাংশ এবং তৃতীয় উপজেলা ভোটে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

- ভোটের এই হার গত ৫টি উপজেলা নির্বাচনের মধ্যে সর্বনিম্ন।
- নির্বাচন কমিশন বলছে, মোটাদাগে এক তৃতীয়াংশের বেশি মানুষ ভোট দেয়নি।

একলাফে ডলারের দর বাড়ল ৭ টাকা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

ডলারের দর নির্ধারণে আলোচিত 'ক্রলিং পেগ' পদ্ধতি চালু করল বাংলাদেশ ব্যাংক। গতকাল বুধবার এই পদ্ধতি চালুর মধ্য দিয়ে ডলারের একটি মধ্যবর্তী দরও নির্ধারণ করে দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক, যার নাম দেওয়া হয়েছে ক্রলিং পেগ মিড রেট (সিপিএমআর)। এতে ডলারের বিপরীতে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

আদালতে যা বললেন স্টর্মি

ট্রাম্প-স্টর্মি মামলা

উত্তর আমেরিকা ডেস্ক

৭ মে মঙ্গলবার নিউইয়র্কের ম্যানহাটনের আদালতে ট্রাম্পের বিরুদ্ধে সাক্ষ্য দেওয়ার সময় ট্রাম্পকে নিয়ে আবারও নিজের ক্ষোভ উগরে দিয়েছেন পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলস। এ সময় ট্রাম্প আদালতে উপস্থিত ছিলেন।

ট্রাম্পের আইনজীবী স্টর্মির কাছে জানতে চান, আপনি কি প্রেসিডেন্ট (সাবেক) ট্রাম্পকে ঘৃণা করেন? ঝটপট জবাবে স্টর্মি বলেন, 'হ্যাঁ'।আদালতকে স্টর্মি জানান, মুখ বন্ধ রাখার জন্য ট্রাম্পের সঙ্গে তাঁর যে চুক্তি হয়েছিল, সেই অনুযায়ী অর্থ পেতে বিলম্ব হচ্ছিল। তাই তিনি চুক্তিটি ভেঙে দেন। তখন নিজের

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪



ডোনাল্ড ট্রাম্প

স্টর্মি ড্যানিয়েল

উইন রোজারিও হত্যাকাণ্ড

সিটি হলের সামনে নাগরিক প্রতিবাদ

ডেস্ক রিপোর্ট

বাংলাদেশী উইন রোজারিও পুলিশের হাতে নির্মমভাবে হত্যার শিকার হয়েছেন। গত ২৭ মার্চ নিজের ঘরে মায়ের কোলে উইন নিহত হয়েছেন নিউইয়র্কের পুলিশের হাতে। বডি ক্যামেরায় এ নির্মম সত্য স্পষ্ট হওয়ার পর নাগরিক আন্দোলন আরও প্রতিবাদী হয়ে উঠেছে।

জাস্টিস কমিটি, ডেসিস রাইজিং আপ অ্যান্ড মুভিং, মোহাম্মদ বাহের মা, নির্বাচিত কর্মকর্তারা এবং অন্য ক্ষুব্ধ

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫

১৯ বছর বয়সী বাংলাদেশী উইন রোজারিওকে হত্যার প্রতিবাদে সমাবেশ। জাস্টিস কমিটি এবং ডেসিস রাইজিং আপ অ্যান্ড মুভিং এ প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। ছবি: সংগৃহীত

Queens Social Adult Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস করে থাকি

আমরা ৭ দিনই খোলা

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

Tribune Training Academy
SECURITY GUARD & OSHA TRAINING
সিকিউরিটি গার্ড ও ওশা লাইসেন্স ট্রেনিং
Get Your License Today!
SECURITY
Contact Us
Phone: 718-790-2664
Email: tribunest@gmail.com
40-38 75th Street, Elmhurst, NY 11373
www.tribunest.com

raju law
ONE OF THE TOP IMMIGRATION LAW FIRMS IN THE USA
F1
স্ট্যাটাস হারিয়ে ফেলেছেন?
অভিজ্ঞ অ্যাটর্নির পরামর্শ নিয়ে REINSTATEMENT আবেদন করে আবার স্ট্যাটাস ফিরে পেতে পারেন।
Raju Mahajan, Esq.
Chelsea Smith, Esq.
Rachael Eva Warner Hilburd, Esq.
Ericline M. Williams, Esq
Stephanie Mazzotta, Esq.
John P. Yun, Esq.
Amanda V. Skiscim, Esq.
Head Office (Washington DC)
301-919-3610
BRANCH OFFICES
Atlanta : 770-655-9166, 458-272-5793
Los Angeles : 323-499-5815, 213-729-9345
Bangladesh : 01602-270365, 01760-697648, 01728-383454
NEW YORK BRANCH
118-35 Queens blvd. Suite 400, Forest Hills NY 11375
934-345-7003
info@rajulaw.com
833-725-8529 (24x7)

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি
আমাদের সেবাসমূহ
যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেষ্ট করা হয়
স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
প্রেগন্যান্সি টেষ্ট করা হয়।
অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।
আপনি জানেন কি?
বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।
মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com
Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন
74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432
TEL: 718-263-5999
TEL: 718-577-0711
TEL 718-764-6911
*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং
Do you want apply for a green card?
Are you having credit card problems?
Has your bank account been sealed?
Are you being deported?
Are you unable to pay your debts?
Are you getting harrassed by creditors?
আমরা বাংলায় কথা বলি
WE ARE OPEN 7 DAYS a week
IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.
ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME
CALL: 718-263-5999
*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ
সুরাইয়া রহমান

CENTERLIGHT
Healthcare PACE
55+ বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য
অল-ইনক্লুসিভ কেয়ার কর্মসূচি
Medicare ও Medicaid-এর কভার করা সব পরিষেবা ও প্রেসক্রিপশনের ওষুধের জন্য একটি পরিকল্পনা:
• চিকিৎসা সেবা
• ভিজিটিং নার্স
• দাঁত, দৃষ্টি, শ্রবণ
• প্রেসক্রিপশনের ওষুধ
• ওভার-দ্যা-কাউন্টার (OTC)
• শারীরিক ও অকুপেশনাল থেরাপি
• বাড়িতে স্বাস্থ্য সহায়তাকারী
• প্রাপ্তবয়স্কদের ডে সেন্টার
• বিনোদন ও আহার
• পরিবহন এবং অন্যান্য।
Rx
সেইসাথে - প্রাত্যহিক জিনিসপত্র যেমন মুদি এবং প্রসাধন সামগ্রী ব্যবহারের জন্য আমাদের My Needs Card নিন**
আরো তথ্যের জন্য, ফোন করুন:
1-877-286-PACE (7223) | TTY 711 MON-FRI 8AM-8PM
centerlighthealthcare.org
*পরিষেবা, প্রেসক্রিপশনের ওষুধ এবং IDT দ্বারা নির্ধারিত OTC-এর জন্য চিকিৎসাগত আবশ্যকতা।
**My Needs Card, PACE স্ট্যান্ডার্ড বেনিফিট প্যাকেজের অধীনে প্রয়োজনীয় বা ইতোমধ্যে সরবরাহ করা Medicare এবং/অথবা Medicaid-এর কভার করা পরিষেবাগুলির বিকল্প নয়।
H3329_KeepingPACE2022_Newspaper_Approved 10132022 Bengali
বার্ধক্যের গতির সাথে তাল মিলিয়ে চলা

আপনাকেই বলছি!!!
I AM VERY UPSET
I AM VERY ANGRY
+1 347 279 8366 , +1 347 476 7522,
CIVA
CENTRE FOR IMMIGRATION AND VISA ASSISTANCE (CIVA)

Bring your Product from Bangladesh to USA with Very affordable Price
Bangladesh to USA

sunman express
global money transfer
টাকা পাঠানো
এখন আরো
সহজ
DOWNLOAD
MOBILE APP
SUNMAN EXPRESS MOBILE APP
sunmanexpress.com
718-505-2224
DHAKA BANK
LIMITED
EXCELLENCE IN BANKING
aibl
UCB
bKash

চতুর্থ শখার
শুভ উদ্বোধন

এ্যাংকর ট্রাভেলস-এর
চতুর্থ শাখা এখন ব্রুকলিনের
চার্চ ম্যাকডোনাল্ডে

ANCHOR TRAVELS | sunman express
global money transfer

আপনাদের ভালোবাসায় সফলতার সাথে ওজনপার্ক ও জ্যাকসন হাইটসে মোট ৩টি শাখায় সেবা দিয়ে আসছি আমরা। এরই ধারাবাহিকতায় উদ্বোধন করতে যাচ্ছি ব্রুকলিনে এ্যাংকর ট্রাভেলসের চতুর্থ শাখা।

উক্ত উদ্বোধন অনুষ্ঠানকে সফল করতে আপনার উপস্থিতি আন্তরিকভাবে কামনা করছি!

10th MAY | FRIDAY 2:30 PM

487 McDonald Avenue
Brooklyn, New York 11218

929 723-6446 929 409-4188

সম্পাদকীয়

বোরোর বাম্পার ফলন, কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত হোক

উন্নত কৃষি প্রযুক্তি ও অনুকুল আবহাওয়ায় বোরো আবাদ বেড়েছে। বোরোর আশানুরূপ ফলনে সারা দেশের কৃষকের মুখে হাসি ফুটেছে। হাওড়গুলোয় পুরোদমে চলছে ধান কাটা-মাড়াই ও শুকানোর কাজ। অনেক কৃষক ইতোমধ্যে ধান ঘরে তুলেছেন। তবে কৃষকরা বলছেন, ফলন ভালো হলেও ঝড় বৃষ্টির আশঙ্কায় আগাম ধান কাটতে হচ্ছে।

এ ছাড়া অনেক জায়গায় ধানের ভালো দাম পাওয়া গেলেও কিছু কিছু জায়গায় তা মিলছে না। অতিরিক্ত গরমে ধান কাটাও যথেষ্ট কষ্টসাধ্য হচ্ছে বলে জানিয়েছেন তারা।

কিন্তু সোনার ধানে ঘর-আঙিনা ভরে উঠলেও কৃষকের মুখে নেই হাসি। কারণ, সরকার এবার ধানের দাম মনপ্রতি ১ হাজার ২৮০ টাকা নির্ধারণ করলেও কেনা শুরু করবে ৭ মে থেকে। ফলে কৃষক চাষাবাদের খরচের দেনা শোধ, ধান কাটা ও মাড়াইয়ের খরচ মেটাতে এখনই ফসল বিক্রি করতে বাধ্য হচ্ছেন। কতিপয় ফড়িয়া ও আড়তদার এ সুযোগ নেওয়ায় কৃষক পাচ্ছেন না ন্যায্যমূল্য।

চলতি মৌসুমে সার, সেচ-এসব উপকরণ বাবদ অতীতের তুলনায় বেশি খরচ করতে হয়েছে। ভালো দাম পেয়ে বাড়তি খরচের কথা ভুলে যাচ্ছেন কৃষক। তারা বলছেন এবার আবাদ খরচ মিটিয়ে তাদের লাভ থাকছে। এটা খুশির খবর। বোরোর একটি বড় অংশ আসে হাওড়াঞ্চল থেকে। এবার প্রাকৃতিক দুর্যোগের আগেই হাওড়াঞ্চলের প্রায় ৯০ শতাংশ ধান কাটার খবরটি ইতিবাচক। প্রাকৃতিক দুর্যোগ শুরু হওয়ার আগে হাওড়ের বোরো ফসল ঘরে তুলতে পারবেন কি না, তা নিয়ে প্রতিবছর চিন্তিত থাকেন কৃষক। এ অবস্থার অবসানে ধানের নতুন জাত আবিষ্কার করা দরকার, যেটির জীবনকাল প্রচলিত ধানের জাতের চেয়ে কম। জলবায়ু পরিবর্তনের কারণে দেশের কৃষকদের বংশপরম্পরায় অর্জিত জ্ঞান এখন তেমন একটা কাজে লাগছে না। এ অবস্থায় নতুন পরিস্থিতি মোকাবিলা করে কৃষক যাতে বাম্পার ফলন অব্যাহত রাখতে পারেন, সেজন্য তাদের যথাযথ প্রশিক্ষণ দিতে হবে।

কৃষিপ্রধান এ দেশের মোট জনশক্তির অধিকাংশই কৃষির সঙ্গে সম্পৃক্ত। দেশকে এগিয়ে নেওয়ার স্বার্থেই কৃষকের কথা গুরুত্বের সঙ্গে ভাবতে হবে। দেশের উন্নয়ন ত্বরান্বিত করতে হলে কৃষক যেন দুর্দশাগ্রস্ত না হন, এজন্য তাদের পাশে দাঁড়াতে হবে। সবার খাদ্যের জোগান দিতে কৃষক যেভাবে মাথার ঘাম পায়ে ফেলেন, তা স্মরণে রেখে সরকারকে তাদের পাশে দাঁড়াতে হবে।

কৃষক কষ্ট করে ফসল উৎপাদন করলেও দামের বেলায় অধিকাংশ ক্ষেত্রে তারা বঞ্চিত হন, এ খবর বেশ পুরোনো। কখনো কখনো, বিকল্প ব্যবস্থা না থাকায় উৎপাদন খরচের চেয়ে কম মূল্যে বিভিন্ন ফসল বিক্রি করতে বাধ্য হন কৃষক। কৃষককে সুরক্ষা দেওয়ার জন্য সরকারি নীতিমালা থাকা দরকার। সরকার চালকল মালিকদের কাছ থেকে চাল কিনলে লাভবান হন চালকল মালিক ও ব্যবসায়ীরা। সরকারিভাবে সরাসরি কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করা হলে কৃষক লাভবান হবেন।

বাম্পার ফলন হলেও সার, ঔষধ ও শ্রমিক খরচে লাভ নিয়ে শঙ্কায় চাষিরা। মাঠ জুড়ে এখন বোরো ধানের বাম্পার ফলনের হাতছানি। স্থানীয় চাহিদা মিটিয়ে এখানকার ধান যায় দেশের বিভিন্ন স্থানে। সার, ঔষধ, বারতি সেচ ও শ্রমিক খরচে চাষিদের কপালে চিন্তার ভাজ। কৃষি কাজে ব্যবহৃত কিটনাশকসহ সেচ ব্যবস্থা সহজলভ্য ও ধানের সঠিক মূল্য পেলে সাধারন কৃষকেরা লাভবান হবে, বলছেন সংশ্লিষ্টরা।

বিভিন্ন সংকটের কারণে আগামী দিনে বহু দেশ খাদ্যপণ্য রপ্তানি সীমিত করতে পারে, যা বহুল আলোচিত। এ বিষয়টি বিবেচনায় রেখে দেশের খাদ্যনিরাপত্তা নিশ্চিত করতে পদক্ষেপ নিতে হবে। এজন্য কৃষকের হাতে সঠিক সময়ে কৃষি উপকরণের সরবরাহ নিশ্চিত করতে হবে। কৃষি উৎপাদন বাড়াতে হলে কৃষকদের যথাযথভাবে উৎসাহিত করা দরকার। দেশে কৃষিপণ্য বিপণনের যে ব্যবস্থা গড়ে উঠেছে, এর পরিবর্তন করা জরুরি। লক্ষ করা যায়, অনেক সময় কৃষক উৎপাদিত পণ্যের যে দাম পান, তা উৎপাদন খরচের সমান। লাভ হয় মূলত মধ্যস্বত্বভোগীদের। দেশে এমন ব্যবস্থা গড়ে তোলা দরকার, যাতে কৃষক সরাসরি ভোক্তার কাছে তাদের উৎপাদিত পণ্য বিক্রি করতে পারেন। এতে কৃষক যেমন লাভবান হবেন, তেমনি উপকৃত হবেন ভোক্তারাও। আগামী দিনে কৃষকদের উৎপাদন খরচ আরও বৃদ্ধির আশঙ্কা রয়েছে। এটি বিবেচনায় রেখে কৃষি খাতে প্রয়োজনীয় ভর্তুকি দেওয়ার পদক্ষেপ নিতে হবে। তা না হলে দেশের খাদ্যনিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছে।

কৃষিপ্রধান এ দেশের মোট জনশক্তির অধিকাংশই কৃষির সঙ্গে সম্পৃক্ত। দেশকে এগিয়ে নেওয়ার স্বার্থেই কৃষকের কথা গুরুত্বের সঙ্গে ভাবতে হবে। দেশের উন্নয়ন ত্বরান্বিত করতে হলে কৃষক যেন দুর্দশাগ্রস্ত না হন, এজন্য তাদের পাশে দাঁড়াতে হবে। সবার খাদ্যের জোগান দিতে কৃষক যেভাবে মাথার ঘাম পায়ে ফেলেন, তা স্মরণে রেখে সরকারকে তাদের পাশে দাঁড়াতে হবে। প্রতি বছর ধানের দাম নির্ধারণ ও ক্রয়ের উদ্যোগ যেন সময়োপযোগী হয়, সরকারকে সেদিকে নজর রাখতে হবে। ব্যবসায়ীরা যেন নিজেদের স্বার্থে সিন্ডিকেট তৈরি করে চাল নিয়ে চালবাজি করতে না পারে, সেজন্য সরকার পদক্ষেপ নেবে, এটাই প্রত্যাশা।

বর্তমান প্রজন্ম সম্পদ না বোঝা

সেলিম খান

বর্তমান প্রজন্ম নিয়ে এ প্রশ্ন অনেকের ভেতরে। বিশেষ করে সন্তানের উজ্জ্বল ভবিষ্যতের চিন্তায় উদ্বিগ্ন মা-বাবারা এই প্রশ্নের মধ্যে আবর্তিত হতে থাকেন। বিষয়টি এমন নয় যে এই প্রজন্মের মা-বাবাই শুধু এমনটা ভাবছেন। তাঁদের মা-বাবারাও একই ভেবেছিলেন। ওই সেই ঈশ্বরী পাটনীর প্রার্থনা: আমার সন্তান যেন থাকে দুধে ভাতে। এদের জন্য আশি বছরেরও আগে একটা দাওয়াই দিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট। তাঁর বক্তব্য ছিল: আমরা সব সময় আমাদের তরুণদের ভবিষ্যৎ তৈরি করে দিয়ে যেতে পারব না, তবে ভবিষ্যতের জন্য আমাদের তরুণদের প্রস্তুত করে দিয়ে যেতে পারব। এ কথাটা মনে রাখলে সমাজের অনেক মুশকিল আসান হয়ে যায়।

এই লেখায় বর্তমান প্রজন্ম বলতে জেনারেশন জেডকে বোঝানো হয়েছে। যাদের জন্ম ১৯৯৭-২০১২-এর মধ্যে। অর্থাৎ, এদের বয়স ১২ থেকে ২৭ বছর। এরা কেউ কিশোর, কেউ তরুণ। কেউ লেখাপড়া তো কেউ কাজের সাথে যুক্ত। এই প্রজন্মকে অনেকেই সংক্ষেপে জেন জেড বা জুমার বলে থাকেন। যে কেউ বলতেই পারেন গরমের চোটে টিকতে পারি না, দেশ-বিদেশের যুদ্ধ-সংঘাত-সংকট-সমস্যা শুনতে শুনতে কান ঝালাপালা হওয়ার অবস্থা, এর মধ্যে আবার জেন জেড নিয়ে উদ্বেলিত হওয়ার কী হলো?

আসলেই। একটু বয়স্ক যারা, অনেক লড়াই-সংগ্রামের পর সংসারে একটু থিতু হয়েছেন, তাঁরা বর্তমান প্রজন্মকে ঈর্ষা করেন। করেন এই কারণে যে, তাঁরা শৈশবে-কৈশোরে-তারুণ্যে পাননি, আজ তাঁদের সন্তানেরা বলার আগেই সবকিছু পেয়ে যাচ্ছে। সবাই পাচ্ছে এমনটা না। তবে কথাটা অসত্যও না। আর দুই প্রজন্মের মধ্যেকার চিন্তার ব্যবধান চিরকালই ছিল, আছে, থাকবে। তোরা একেবারে উচ্ছন্নে গেছিস—এমন কথা বাবার মুখ থেকে শোনেননি, এমন বয়স্ক মানুষের সংখ্যা খুবই কম, বিশেষত পুরুষেরা। এখন অনেক মা-বাবাই নিজের সন্তানকে বুঝতে পারছেন না বলে অভিযোগ করেন। আসলে দোষটা তাঁদের না। সমস্যাটা হলো, তাঁরা তাঁদের মা-বাবার দৃষ্টি দিয়ে নিজের সন্তানকে দেখছেন। পদ্মা নদীতে তো প্রতি সেকেন্ডে ১৫ লাখ ঘনমিটার পানি প্রবাহিত হয়, আর সময় দৌড়াচ্ছে তো আরও অনেক বেশি গতিতে। তাহলে নিজের সন্তানের মধ্যে নিজেকে খুঁজতে গিয়ে মিলের চেয়ে অমিলই বেশি পাবেন—এটাই স্বাভাবিক।

প্রজন্মের ব্যবধান একসময় ধরা হতো ২৫-৩০ বছর। এই ব্যবধান মূলত তরুণ ও বয়স্ক প্রজন্মের মধ্যে ভেদ রেখা টেনে দেয়। এই ভেদ বা ব্যবধান দুটি ভিন্ন প্রজন্মের মানুষের চিন্তা, বিশ্বাস ও কাজের মাধ্যমেই সংজ্ঞায়িত হয়েছে। আর ধারণাটি নৈতিক মূল্যবোধ বা সংস্কৃতির সীমিত পরিমণ্ডলে বেঁধে রাখার বিষয় নয়। তবে দুই প্রজন্মের ব্যবধান এখন ১৫ বছরে নেমে এসেছে বলে কেউ কেউ মনে করেন। এর পেছনে প্রযুক্তির উৎকর্ষতা ছাড়াও ছোট পরিবার, পরিবারের দায়িত্বশীল সদস্যদের কর্মজীবন, সামাজিক অনিশ্চয়তা এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের কল্যাণে বিশ্বগ্রামের বাসিন্দা হওয়াও দায়ী।

এখনকার ছেলেমেয়েরা খুব স্বার্থপর, নিজের ছাড়া কিছু বোঝে না—এই অপবাদ খুব সহজেই দেগে দেওয়া হচ্ছে বর্তমান প্রজন্মের সাথে। আসলেই কি তাই? যদি কেউ হয়েও থাকে, তার জন্য দায়ী তো পরিবারে তার বেড়ে ওঠার ধরন। কিন্তু বলুন তো, নিরাপদ সড়ক, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ফি-র ওপর ভ্যাট প্রত্যাহার—এসব প্রতিবাদ কারা শুরু করেছিল। আজ গাজায় ইসরায়েলি সামরিক বাহিনীর গণহত্যা এবং আমেরিকা ও তার বন্ধুদের এতে সহায়তা দেওয়ার বিরুদ্ধে আমেরিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কীভাবে ফুঁসে উঠেছে। গ্রেপ্তার, বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার—কোনো কিছুই তাদের থামাতে পারছে না। এরা কারা? এরাই তো বর্তমান প্রজন্ম। এদের মধ্যে বাংলাদেশি শিক্ষার্থীরাও আছে। আমেরিকার মতো বিত্তশালী ও পরাক্রমশালী রাষ্ট্রের সুখময়

অনেক ভালো কথার মধ্যে সমস্যাও অবশ্যই কিছু থাকে। নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের সোশ্যাল সাইকোলজিস্ট জোনাথন হায়ডট 'দ্য অ্যাংশাস জেনারেশন' নামে একটা বই লিখেছেন। জুমারদের নিয়ে লেখা। আসলে বর্তমান প্রজন্মের একটা অংশ উদ্বেগ ও বিষণ্নতায় ভোগে। এর জন্য জোনাথন সোশ্যাল মিডিয়ার অপ্রতিরোধ্য ব্যবহারকে দায়ী করেছেন। ইন্টারনেট ও স্মার্টফোন সহজলভ্য হওয়ার কারণে তারা নানামুখী সংকটে পড়ছে।

ভবিষ্যৎ জীবনকে হেলায় উড়িয়ে দিয়ে এরা অন্যায়ের প্রতিবাদে শামিল হয়নি? একে আপনি কোন স্বার্থপরতা দিয়ে ব্যাখ্যা করবেন?

আরে বয়স্ক 'বুদ্ধিমানেরা' বুঝতে পারছে না, এদের হাতেই ভবিষ্যৎ পৃথিবীর ভার থাকবে। এজন্য তারা তপ্ত ধরিত্রী, অসাম্যে ভরা মানবসংসার, কথা ও কাজে অমিলসহ সব বিষয়ে শুধু সচেতনই নয়, প্রতিবাদে মুখর। বেশ কয়েক বছর আগে আমেরিকার কিশোর-তরুণদের মধ্যে চালানো এক জরিপে প্রশ্ন করা হয়েছিল, তারা এত রাজনীতি বিমুখ কেন? নতুন প্রজন্মের প্রতিনিধিদের জবাব ছিল, তাঁরা যেহেতু আমাদের নিয়ে ভাবেন না, তাই আমরাও তাঁদের নিয়ে ভাবি না। একটু খেয়াল করলে দেখবেন, বিশ্ব যারা চালায় বলে ধরে নেওয়া হয়, সেসব দেশের অধিকাংশ সরকার বা রাষ্ট্রপ্রধানের বয়স সত্তরের ওপরে। বাইডেনের মতো কেউ কেউ তো আশি পার করে ফেলেছেন। এঁদের তো রাজনৈতিক সন্ন্যাস নেওয়ার সময় এখন। কিন্তু এরা বিশ্বের দণ্ডমুণ্ডের কর্তা সেজে বসে আছেন।

জলবায়ু পরিবর্তনের কথাই ধরা যাক। বৈশ্বিক উষ্ণায়ণ প্রাক-শিল্পযুগের তাপমাত্রার চেয়ে দেড় ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমিত রাখার আন্তর্জাতিক চুক্তিতে আমেরিকাও শামিল ছিল। কিন্তু ট্রাম্প প্রেসিডেন্ট হয়ে ঘোষণা দিলেন, বিশ্ব উত্তপ্ত হচ্ছে—এটা তিনি বিশ্বাসই করেন না। ফলে এ–সংক্রান্ত আন্তর্জাতিক তহবিলে অর্থ সরবরাহ বন্ধ। এরপর বাইডেন এসে আবার চালু করলেন। এটা তো গেল একটা সামান্য উদাহরণ। দেশে দেশে এমন হাজারো উদাহরণ পাওয়া যাবে যে, কুর্সী বদল হলেই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত পাল্টে যায়। এই রাজনীতিকদের ওপর যদি বর্তমান প্রজন্ম আস্থা না রাখতে পারে, তাহলে কী খুব দোষ দেওয়া যাবে? ইকোনমিস্টের তথ্য অনুযায়ী, আমেরিকায় এই সময় এক হাজারের বেশি জুমার বিভিন্ন রাজনৈতিক দলের পদে আছে। দেশে দেশে তারা আরও বেশি করে ক্ষমতার অংশীদার হতে চায়। সিদ্ধান্ত গ্রহণে প্রভাব রাখতে ইচ্ছুক। সেটাই হওয়া উচিত। কারণ, ভবিষ্যৎ পৃথিবীটা তো তাদেরই। ফলে এই প্রজন্ম রাজনীতি বিমুখ বা রাজনীতি সম্পর্কে অসচেতন—এটা একেবারে যথার্থ নয়।

সাম্প্রতিক কিছু জরিপ বলছে, আমাদের তরুণেরা বিদেশে যেতে অনেক বেশি আগ্রহী। এর মধ্যে দোষ খুঁজতে যাওয়ার কোনো অর্থ হয় না। পড়ালেখার জন্য তারা বিদেশের ভালো বিশ্ববিদ্যালয় যেতে চায়। কেউ কাজের জন্য যেতে চায় বিদেশে। এখন কেউ একটু বেশি আয়ের জন্য, পরিবারকে ভালো রাখার জন্য দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে ঢাকায় আসতেই পারে। এতে যদি দোষ না হয়ে থাকে, তাহলে বর্তমান প্রজন্মের বিদেশে গিয়ে কাজ করার ইচ্ছায় সমস্যা কোথায়?

আমাদের ই-কমার্স, এফ-কমার্স সাইটগুলো দেখুন। দেখবেন তরুণ প্রজন্মের শত শত প্রতিনিধি সেখানে পসরা নিয়ে হাজির। তারা কারও মুখাপেক্ষী হয়ে বসে নেই। দেশে বসে অনেক তরুণ বাইরের দেশের কাজ করছেন। আমেরিকায় নাকি এই মুহূর্তে বিভিন্ন প্রতিষ্ঠানে ছয় হাজারের বেশি প্রধান নির্বাহী বা সিইও আছে, যারা বর্তমান প্রজন্মের বা জুমার। আমাদের এখানেও যদি পরিসংখ্যান সংগ্রহ করা সম্ভব হতো, তাহলে সংখ্যাটা একেবারে কম হতো না।

অনেক ভালো কথার মধ্যে সমস্যাও অবশ্যই কিছু থাকে। নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের সোশ্যাল সাইকোলজিস্ট জোনাথন হায়ডট 'দ্য অ্যাংশাস জেনারেশন' নামে একটা বই লিখেছেন। জুমারদের নিয়ে লেখা। আসলে বর্তমান প্রজন্মের একটা অংশ উদ্বেগ ও বিষণ্নতায় ভোগে। এর জন্য জোনাথন সোশ্যাল মিডিয়ার অপ্রতিরোধ্য ব্যবহারকে দায়ী করেছেন। ইন্টারনেট ও স্মার্টফোন সহজলভ্য হওয়ার কারণে তারা নানামুখী সংকটে পড়ছে। এর মধ্যে একটি হচ্ছে আত্মপরিচয়। আর সে পরিচয় লৈঙ্গিক। অর্থাৎ, আমি কে? ছেলে না মেয়ে, না উভয়ই, না কেউ না? তাদের অনেকের ভাবনার পরিসরকে সীমিত করে দিচ্ছে এই ইন্টারনেট। ইউটিউব, ফেসবুক, ইনস্টাগ্রাম, টিকটকে সংক্ষিপ্ত সময়ের ভিডিওর ব্যাপক জনপ্রিয়তা প্রমাণ করে এই প্রজন্মের অনেকেই অল্প সময়ে সবকিছু পেতে চায়। ফলে বই বা ওয়েবে বড় লেখা পড়ার অনীহা প্রকট।

এই সমস্যা আমাদের তৈরি এবং আমাদেরকেই এর সমাধান করতে হবে। কারণ, এই বিশ্বকে শিশুর বাসযোগ্য করে যাওয়ার অঙ্গীকার রাখতে হলে, এর কোনো বিকল্প নেই। আর বর্তমান প্রজন্ম বা জুমাররা যে সফল হবে, সে ব্যাপারে সন্দেহের কোনো আলামত আপাতত নেই।

লেখক: নির্বাহী সম্পাদক, ডিজিটাল বিভাগ, ইনডিপেনডেন্ট টেলিভিশন

লালনের গান, মধুখালির খুন, প্রোপাগান্ডিস্ট ও সাধারণ মানুষ

কাকন রেজা

ওহিও স্টেট ইউনিভার্সিটির একটি ভিডিও ক্লিপ দেখলাম। সেখানের মুসলিম শিক্ষার্থীরা গাজায় হামলার প্রতিবাদে ইসরায়েল বিরোধী বিক্ষোভের অংশ হিসেবে নামাজ পড়ছেন খোলা মাঠে। আর অন্য ধর্মের শিক্ষার্থীরা চারিদিকে দেয়াল বানিয়ে ঘিরে রেখেছে তাদের। যাতে পুলিশ নামাজরতদের বিরুদ্ধে অ্যাকশনে যেতে না পারে। পুলিশ কে ঠেকিয়ে তারা স্লোগান দিচ্ছে, যা বাংলায় দাঁড়ায়, 'তাদের প্রার্থনা করতে দাও'। এটাই হওয়া উচিত। যুক্তরাষ্ট্রের অন্যতম বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীরা সেটাই দেখাচ্ছে, আসলে কী হওয়া উচিত।

এখন আমাদের দেশের দিকে তাকাই। আমাদের 'কলাবিজ্ঞানী'রা বৃষ্টির জন্য প্রার্থনা তথা নামাজকে ব্যঙ্গ করছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়, যে বিশ্ববিদ্যালয় কিনা এশিয়ার ৪শ বিশ্ববিদ্যালয়ের মধ্যে নেই। সেখানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং অতি-গতিশীল কিছু শিক্ষার্থী বৃষ্টির জন্য নামাজের বিপক্ষে অবস্থান নিয়েছেন। জানি না, এরা ওহিও স্টেট ইউনিভার্সিটির ছাত্র-শিক্ষকদের চেয়েও বেশি তালেবর কিনা। অনেকে বলেন, বৃষ্টির জন্য নামাজ পড়লে বৃষ্টি হবে কিনা, এমন কথা। বাঁকা ভাবেই বলেন। কিন্তু ব্যাঙের বিয়ের নামে বৃষ্টি নামানোর অসম্ভব রকম অবৈজ্ঞানিক এবং পুরোপুরি কুসংস্কারের চর্চা তাদের চোখে পড়ে না। একটি বেসরকারি বিদ্যালয়ের শিক্ষার্থীদের 'বৃষ্টি বন্দনা'র ক্রিয়া-কর্ম দেখলাম সামাজিকমাধ্যমের কল্যাণে। এই যে, বৃষ্টি বন্দনা এটা কি বিজ্ঞান সম্মত? কী শেখানো হচ্ছে বাচ্চাদের? বৃষ্টি বন্দনা, যা অনেকটাই প্রকৃতি পূজার প্রতিরূপ, তা করে কি বৃষ্টি নামানো সম্ভব? এই অবৈজ্ঞানিক বিষয়, সোজা কথায় কুসংস্কার শেখানো হচ্ছে বাচ্চাদের। এটা কি উচিত? সংস্কৃতির নামে যেখানে ব্যাঙের বিয়ে ও বৃষ্টি বন্দনার মতন কুসংস্কার চর্চা করা হয়, সেখানের বাচ্চারা বিজ্ঞানমনস্ক হয়ে উঠবে কীভাবে! নামাজের সাথে এসবের তুলনা করা হলো আরো বড় মূর্খতা। নামাজ বা প্রার্থনার সাথে ধর্মের যোগ থাকতে পারে, কিন্তু কুসংস্কারের কোনোভাবেই নয়। যারা সৃষ্টিকর্তায় বিশ্বাস করেন, তারা প্রার্থনা করতে পারেন, চাইতে পারেন। মানুষ তো সরকারের কাছেও চায়।

এখন আসি আরেকটি ব্যাপারে, যে ব্যাপারটিতে আমি কোনো কিছু এর আগে লিখিনি। ফরিদপুরের মধুখালির দুই শ্রমিককে পিটিয়ে হত্যার কথা বলছি। এ ব্যাপারে কেন লিখিনি, লিখিনি এ কারণে যে, জানি এই ঘটনা কোনো আকস্মিক ব্যাপার নয়। এটা পরিকল্পিত। একটা দাঙ্গা বাঁধানোর পায়তারা। গতবার ভারতের নির্বাচনের পূর্বে মোদির বাংলাদেশে আসা নিয়ে যে লঙ্কাকাণ্ড বেঁধেছিলো এবং তাতে নির্বাচনে জোশ পেয়েছিলো ভারতের

হিন্দুত্ববাদী দল বিজেপির উগ্রপন্থী সমর্থকরা। তারা দেখিয়েছিলো, বিজেপি নির্বাচিত না হলে পার্শ্ববর্তী দেশের সংখ্যালঘুদের উপর অত্যাচার হবে। এবারও সে প্রচেষ্টাই ছিলো। কিন্তু এবার সাধারণ মানুষ এবং আমাদের ইসলামিস্টরাও ব্যাপারটি বুঝে চুপ করে ছিলেন। এটাকে তারা স্রেফ পরিকল্পিত হত্যাকাণ্ড হিসেবেই দেখেছেন এবং পারপার্সটা বুঝেছেন। সুতরাং বিজেপির বাংলাদেশ চ্যাপ্টার এখন পর্যন্ত এ বিষয়ে গতবারের সফলতা পায়নি।

এরপর আসি লালনের গানের দু'লাইন ফেসবুকে লেখায় একজন হিন্দু যুবককে গ্রেপ্তার নিয়ে। এটা ছিলো অনেকটা ক্ষততে মলম লাগানোর মতন। কারণ, লালনের এই গান সব জায়গায় গীত হয়। আমি নিজেও শুনি এবং লালনের এই গানের দর্শন নিয়ে চিন্তা করি এবং তা চিন্তার খোরাক জোগায় বলে। খুব সহজিয়া, কিন্তু গভীর দর্শন ধারণ করে এই গান। সুতরাং এই গানের কথা লেখায় গ্রেপ্তারের বিষয় ফরিদপুরের ঘটনায় বিক্ষুব্ধ মানুষের মনের ক্ষততে মলম লাগানোর খানিক চেষ্টা বললে খুব কি ভুল বলা হবে?

এখন আসি সেই সব মানুষদের বিষয়ে, যারা নিজেদের অসাম্প্রদায়িক দাবী করেন, জাহির করেন সবজান্তা হিসেবে। দেখবেন, তারা ফরিদপুরের ওই পরিকল্পিত হত্যাকাণ্ড নিয়ে কিছু বলেননি, কিন্তু তাদের মুখ খুলেছে লালনের গানের কথা নিয়ে গ্রেপ্তারের ব্যাপারে। তারা কি জানতেন না, এমনটা করলে প্রশ্ন উঠবে? জানতেন। জানতেন বলেই তারা প্রশ্নটা উঠিয়েছেন যাতে পরিকল্পিত সেই হত্যাকাণ্ডের ঘটনা মানুষ এই ইস্যুতে ভুলে যায়। তাদের চেষ্টা খানিক সফলও হয়েছে। যারা বুদ্ধিবৃত্তির চর্চা করেন এবং আমার মতন সাধারণ মানুষেরও এ ব্যাপার নিয়ে লিখতে হচ্ছে। এই যে কথিত অসম্প্রদায়িক ও 'সবজান্তা শমসের' যারা, তারা কি জানেন না, মানুষ তাদের কী চোখে দেখে? জানেন। মানুষেরা জানে তারা কতটা ডগমাটিক ও মতান্ধ হতে পারেন। তাদের ডগমাটিজমকে আড়াল করতে উল্টো তারা মানুষকেই ধর্মান্ধ, মূর্খ, প্রতিক্রিয়াশীল ইত্যাদি অভিধায় অভিহিত করেন। তারা এসব বলে মানুষকে বাতিল করে দিতে চান। এই বাতিল করাটা তাদের আত্মরক্ষার কৌশল। তাদের সবচেয়ে বড় অস্ত্র দেশের গণমাধ্যম। যার অনেকটাই তাদের নিয়ন্ত্রণে। ফলে তাদের গলাবাজির প্রচারণাটাই বেশি হয়। প্রচার বললাম না। কারণ তারা প্রচার করেন না, প্রচারণা তথা প্রোপাগান্ডা চালান। আর এই প্রোপাগান্ডিস্টরাই আমাদের দেশে বড় বুদ্ধিজীবীর তকমা এঁটে থাকেন।

ফুটনোট : যে দেশে প্রোপাগান্ডিস্টরা বুদ্ধিজীবীর তকমা পায়, সে দেশের ভবিষ্যত নিয়ে সংশয় থেকেই যায়। কারণ প্রোপাগান্ডিস্টদের ধর্ম তো নেই-ই, বিজ্ঞান আর দর্শনও নেই। তাদের রয়েছে নিজেদের জাহির করার কিম্ভুত চেষ্টা, আর অন্ধ আনুগত্য।

KARNAFULLY HOME CARE

[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]

WE CARE
YOUR FAMILY
LIKE OURS

সততা এবং বিশ্বস্ততাই আমাদের বৈশিষ্ট্য

NYS
Department of
Health CDPAP

মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন

Mohammed Hasem, MBA
President and CEO

হোম কেয়ার সার্ভিস
নিলে আপনিও পেতে পারেন
প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ
সর্বোচ্চ $৮০০ । আজই আসুন

347-621-6640
Fax: 347-338-6799
karnafullyhc@gmail.com
hasem@lovetocarehhc.com
info@lovetocarehhc.com

Main Office
167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432

Jackson Heights Branch
37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372

Buffalo Branch
1114 Walden Avenue
Buffalo, NY, 14211

www.lovetocarehc.com

প্রধান অতিথি:
আবু জাফর মাহমুদ

গেস্ট অব অনার:
লেফটেন্যান্ট কর্নেল ডা. হামিদুজ্জামান

বিশেষ অতিথি:
গিয়াস আহমেদ
মোহাম্মদ হানিফ
এটর্নী মঈন চৌধুরী

Choudhury S Hasan MD
Gastroenterologist

PERRY D. SILVER
Attorney at Law
Ph: 917-533-1033

কর্ণফুলী ট্রাভেলস্

NEW EXPRESS PHARMACY

Happy Family SADC

DESHBANGLA PHARMACY

CONEY ISLAND HARDWARE & BUILDING SUPPLIES

NAZ PHARMACY

ROYAL COMMUNITY CARE

HAMZA AUTO REPAIR

SASCO TOOLS

PROHEALTH HOMECARE
Mamun Ur Rashid
President
917-476-8914

Alim Abdul

Ashiana

NY INSURANCE BROKERAGE

BUY YOUR DREAM HOUSE

BUILDERS PRO MATERIAL

Bangladeshi American Friendship Society of USA Inc.

Present

৯ম বারের মত
বাংলাদেশী-আমেরিকান ফ্রেন্ডশীপ সোসাইটি অব ইউএসএ ইনক (বাফস) ও
৬৬ প্রিসেন্ট কমিউনিটি কাউন্সিল এর যৌথ আয়োজনে

ব্রুকলিন মেলা
BROOKLYN FAIR

MAY 19TH 2024 SUNDAY

PLACE: CHURCH AVENUE
(Bet. Mcdonald Ave & Church), Brooklyn

Title Sponsor
SHAH NAWAZ MBA
Ph: 718-775-7852

MEDIA PARTNERS
TIME TV
পরিচয়
বাংলা পত্রিকা
আজকাল
প্রথম আলো
জনমত
Jamuna TV
IBTV

Silver Sponsor
Silver Sponsor
NURUL AZIM
516-451-3748

Grand Sponsor
Maimonides Health

Gold Sponsor
Utshob Group

FOR STALL
917-783-8138, 646-331-4100, 917-400-1176

চেয়ারম্যান
সৈয়দ এস এম রেজা

প্রধান উপদেষ্টা
এটর্নী মঈন চৌধুরী

চিফ কো-অর্ডিনেটর
নুরুল আজিম

কো-চেয়ারম্যান
আবছার উদ্দিন

উপদেষ্টা
মনির আহমদ, কামাল হোসেন মিঠু

কো-অর্ডিনেটর
আহসান হাবিব

সাংস্কৃতিক চেয়ারম্যান
অনিক রাজ

আহ্বায়ক
শাহ নেওয়াজ

যুগ্ম সাংস্কৃতিক চেয়ারম্যান
জাহাঙ্গীর আলম জয়, ইকবাল হায়দার

সদস্য সচিব
ফিরোজ আহমেদ

True Care

Send Money To Your Loved Ones

Fresh Food
Mohammad Sarwar

MHC

Farhad CPA & Associates

BARI

BOBBY'S AUTO REPAIR CENTER INC.

CAREGIVER PRO
(718) 504-8054

BANGLA CDPAP

Immigrant Elder Home Care LLC

PRIME CARE MEDICAL

M&J Hardware & Building Supply

MASUD H. SIRAZI
646.363.0331

FAHAD SOLAIMAN
CEO

Reliable Home Care
Licensed Home Health Care Agency
TEL: 718-785-9700

Law Office Of Michael Gasi Esq.
And Associates, P.C.

সার্বিক সহযোগিতায়: ...

সার্বিক তত্ত্বাবধানে:

কাজী আজম
সভাপতি
৯১৭-৭৮৩-৮১৩৮

প্রচারে: আশরাফুল হাসান

এস.এম ফেরদৌস
সাধারণ সম্পাদক
৬৪৬-৩৩১-৪১০০

Law Offices
এক্সিডেন্ট কেইসেস
মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম
917-282-9256
(To schedule appointment only)
বিনামুল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন
আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।
Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী
নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত
Timothy Bompart, Esq
Attorney at Law
গাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্ম
এপয়েন্টমেন্টের জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬
কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
স্লিপ এন্ড ফল
হাসপাতালে ভুল চিকিৎসা
লেড পয়জনিং
ইমিগ্রেশন
পলিটিক্যাল এসাইলাম
বিনা পরীক্ষায় নাগরিকত্ব
এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)
IMMIGRATION
স্টুডেন্ট ভিসা
ডিপোর্টেশন কেইসেস
ইনভেষ্টমেন্ট ভিসা
ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
সকল প্রকার ইমিগ্রেশন
সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নুন্যতম ৫০ ডলার
Law offices of Timothy Bompart
37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076
Immigration Petitions & Adjustment of Status.
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

লিটল বাংলাদেশ ব্রুকলিন পথমেলা আগামী ১৫ জুন

ডেস্ক রিপোর্ট

যুক্তরাষ্ট্রের ব্রুকলিনের ম্যাকডোনাল্ড অ্যাভিনিউতে প্রতিবারের মতো এবারও অনুষ্ঠিত হতে যাচ্ছে বাংলাদেশিদের জাঁকজমকপূর্ণ পথমেলা। আগামী ১৫ জুন এই মেলার তারিখ নির্ধারণ করা হয়েছে। অন্যান্যবার এই মেলা ব্রুকলিন পথমেলা নামে অনুষ্ঠিত হলেও এবার থেকে এই মেলা অনুষ্ঠিত হবে লিটল বাংলাদেশ ব্রুকলিন পথমেলা নামে। এছাড়া মেলায় প্রবাসী পত্রিকার সম্পাদক মোহাম্মদ উল্লাহকে স্বর্ণপদক দেওয়া হবে। বুধবার (০১ মে) এক সংবাদ সম্মেলনে মেলার আহবায়ক এবং চার্চ-ম্যাকডোনাল্ড বাংলাদেশি বিজনেস অ্যাসোসিয়েশনের উপদেষ্টা মামুম অর রশীদ লিখিত এসব তথ্য জানান। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি রফিকুল ইসলাম পাটোয়ারী, সাধারণ সম্পাদক মহিদুল আলম বাপ্পি, মেলা কমিটির সদস্য সচিব আমির হোসেন রানা, মেলা কমিটির প্রধান সমন্বয়কারী মহিউদ্দিন, সংগঠনের কোষাধ্যক্ষ আনোয়ারুল আজিম, জয়েন্ট সেক্রেটারি মীর কাশেম । সংবাদ সম্মেলনে মেলার বিস্তারিত তুলে ধরেন সাবেক সভাপতি রব চৌধুরী। সংবাদ সম্মেলনে আয়োজকরা জানান, এই মেলা ব্রুকলিন পথমেলা হিসেবে এতদিন প্রচার করে আসলেও এখন এখন থেকে লিটল বাংলাদেশকে ব্র্যান্ডিং করা হবে। আয়োজকরা আরও জানান, আমরা বরাবরই এই মেলা ভিন্ন তারিখে আয়োজন করে থাকি। এবারও তার ব্যতিক্রম হবে না। আমাদের আয়োজন আপনাদের মাধ্যমে সারা পৃথিবীর মানুষ জানতে পারে। আমাদের কাজকর্ম সমাদৃত হয়। এই মেলায় এবার কিছু নতুনত্ব থাকবে। তারা জানান, গত বছর আমাদের মেলায় একটা রিকশা ছিল। এটা আমাদের দেশের ঐতিহ্য। এর মাধ্যমে অনেক বাচ্চা রিকশা সম্পর্কে জানতে পেরেছে। রিক্সা মানে কী, এই রিক্সা কারা চালায়, শ্রমজীবী মানুষ হিসেবে তাদের কষ্টের কথা আমাদের বাচ্চারা জানতে পেরেছে। দ্বিতীয়ত, গত বছর আমরা মেলায় মুক্তিযোদ্ধা ও প্রবীনদের বসার জন্য আলাদা সীটের ব্যবস্থা করেছি। তৃতীয়ত, মেলায় আগত দর্শনার্থীদের জন্য পোর্টেবল টয়লেটের ব্যবস্থা ছিল। এবারও তা থাকবে। আয়োজকরা জানান, অন্যান্য মেলায় প্রবাসের পরিচিত শিল্পীরা থাকেন। আমাদের মেলায় প্রবাসের পাশাপাশি দেশের পরিচিত শিল্পীরাও থাকবে। অতিথিদের মধ্যে নিউইয়র্ক সিটির মেয়র উপস্থিত থাকবেন। সবকিছু ঠিকঠাক থাকলে নতুন অতিথিও থাকবে।

পতেঙ্গায় বিধ্বস্ত প্রশিক্ষণ বিমানের এক পাইলট নিহত

ঢাকা অফিস

পাইলট জাওয়াদ

চট্টগ্রাম নগরের পতেঙ্গা এলাকায় কর্ণফুলী নদীতে বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় এক পাইলট মারা গেছেন। বৃহস্পতিবার দুপুর সাড় ১২টার দিকে পতেঙ্গার বানৌজা ঈসা খাঁ হাসপাতালে (নেভি হাসপাতাল) পাইলট জাওয়াদ চিকিৎসাধীন অবস্থায় মারা যান। মৃত্যুর বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন চট্টগ্রাম নগর পুলিশ বন্দর জোনের উপকমিশনার (বন্দর) শাকিলা সোলতানা।

তিনি বলেন, বিমান বাহিনীর বিধ্বস্ত প্রশিক্ষণ বিমানের পাইলট ও কো-পাইলট প্যারাসুট দিয়ে নেমে এলে তাদেরকে আহত অবস্থায় উদ্ধার করে বানৌজা ঈসা খাঁ হাসপাতালে ভর্তি করা হয়। বেলা ১২টার দিকে হাসপাতালের চিকিৎসক পাইলট জাওয়াদকে আনুষ্ঠানিকভাবে মৃত ঘোষণা করেছেন।

এর আগে এক বার্তায় আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) জানায়, বাংলাদেশ বিমানবাহিনীর একটি ইয়াক-১৩০ প্রশিক্ষণ যুদ্ধবিমান যান্ত্রিক ত্রুটির কারণে চট্টগ্রামের পতেঙ্গায় দুর্ঘটনার কবলে পড়ে। পরে বিমানের দুজন পাইলটকে উদ্ধার করা হয়।

জানা গেছে, বিমানটি উড্ডয়নের কিছুক্ষণ পরে এটিতে যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। একপর্যায়ে বিমানটিতে আগুন ধরে যায়। এসময় বিমানে থাকা দুজন পাইলট প্যারাশুট দিয়ে নেমে যান। একপর্যায়ে বিমানটি কর্ণফুলী নদীতে বিধ্বস্ত হয়।

দুর্ঘটনাস্থলের পাশেই সার্জেন্ট জহুরুল হক বিমান ঘাঁটির অবস্থান। দুর্ঘটনাকবলিত বিমানটি সেখান থেকে উড়াল দিয়েছিল বলে জানা গেছে।

ফোক সম্রাজ্ঞী মমতাজ মাতিয়ে চলেছেন উত্তর আমেরিকা

সোহানা নাজনীন

জনপ্রিয় বাংলা লোকগানের নায়িকা মমতাজ বেগম, যিনি মমতাজ নামেই বেশী পরিচিত। বর্তমানে নিউইয়র্কে অবস্থান করছেন। দীর্ঘ দশ বছর বিরতির পর মমতাজ পুনরায় এসেছেন উত্তর আমেরিকায়। নিউইয়র্ক সহ আরো কয়েকটি স্টেটে ইতোমধ্যে গানের শো করেছেন। তার মধ্যে নিউইয়র্কের টাইমস স্কয়ারে সহস্রকণ্ঠে বর্ষবরণ অনুষ্ঠানে হাজারো বাঙালির উপস্থিতিতে মমতাজের গাওয়া "তেজপাতা" গানটি উল্লেখযোগ্য। টাইমস স্কয়ারের বিলবোর্ডে গানটির প্রমো প্রচারিত হয়। অগণিত দর্শকদের ভালোবাসা ও করতালিতে মমতাজ নিজেকে সম্মানিত বোধ করেন।

প্রথম আলো উত্তর আমেরিকার এক সাক্ষাতকারে বর্ষবরণের অনুভূতি সম্পর্কে মমতাজ বলেন, "এমন সম্মান আমার জীবনের জন্য বিরল এবং বিশাল উপার্জন। অনেকদিন পর আমেরিকায় নতুন প্রজন্মের কাছে আসলাম। যেখানে যাচ্ছি সেখানেই উপচে পড়া ভীড়, তাদের ভালোবাসায় আমি সিক্ত।"

তিনি আরো বলেছেন, "আগে কোন দেশে এমন আয়োজন চোখে পড়েনি, অন্য দেশে সময় মেন্টেইন একটা বড় ফ্যাক্টর। কিন্তু টাইমস স্কয়ারে এক্কেবারে শেষের দিকে আমি স্টেজে উঠি। তখন মাত্র দশ মিনিট আমার জন্যে বরাদ্দ ছিল। কিন্তু উপস্থিত সবাই সেটা মানতে রাজি না। বেগতিক দেখে এক পুলিশ অফিসার স্টেজে উঠে ঘোষনা দেন যে বাঙ্গালির ফোক কুইনের জন্য আনলিমিটেড সময় দেয়া হল। বড় স্ক্রীনে "তেজপাতা" গানটা তিনবার দেখান হয়েছিল।"

এদিকে ২ মে শুক্রবার নিউজার্সির কাউন্সিলওম্যান শিফা উদ্দীনের কাছ থেকে সম্মাননা গ্রহণ করলেন দেশের সবচেয়ে জনপ্রিয় শিল্পী মমতাজ। মাটি ও মানুষের শিল্পী এই সম্মাননা গ্রহনের পর সেপা উদ্দীনকে গান গেয়ে শোনান। দেশে বাঙালি উৎসবে গান গাওয়া আর প্রবাসে বাঙালি উৎসবে গান করা, এই দুইয়ের পার্থক্য সম্পর্কে মমতাজ উচ্ছ্বসিত হয়ে জানান, "বাংলাদেশের নিজ সংস্কৃতি থেমে নেই, প্রবাসেও এই চর্চা অব্যাহত। তবে আমরা ছোটবেলায় যে বৈশাখী পালন করতাম তা এখন আর হয় না। সেই মেলায় যাওয়া, খেলাধুলা করা, নানান বাহারি জিনিস কেনা, বাতাসা-কদমা খাওয়া এখন খুব মিস করি। তবে এখন শহরের মানুষ খুব জোরেসোরেই বৈশাখী পালন করে। বিশেষ করে প্রবাসে, আমার দুই মেয়ে কানাডায় থাকে। তারা বৈশাখী উপলক্ষ্যে শাড়ি-চুড়ি-টিপ যোগাড় করে পালন করেছে। আমি নিউইয়র্কে দেখেছি, যে কোন বয়সের প্রতিটা বাঙালি মানুষ চিরায়ত বাঙালি সাজে মেলায় এসেছে। তারা বাউল গান গাইছে, এলোমেলো ভাবে ঘুরে বেড়াচ্ছে, দেখেই আমার শান্তি।"

মমতাজ তার আমেরিকা সফরে ফ্লোরিডা, নিউজার্সি, কানেক্টিকাট, আরো বিভিন্ন স্টেট ঘুরেছেন। ফ্লোরিডায় তিনি হেলিকপ্টার যোগে কোকো বিচ দেখেছেন। সামনের সপ্তাহে ভার্জিনিয়া, টেনেসি যাবার ইচ্ছা আছে। নিউইয়র্কের জ্যামাইকায় শেষ অনুষ্ঠান সম্পন্ন করে মমতাজ ১৯ তারিখে বাংলাদেশে ফিরে যাবেন। এই বছরে অগাস্টের শেষে আবারো আমেরিকায় আসার প্ল্যান আছে মমতাজের। ফোবানা তে যোগদান ছাড়াও অন্য স্টেটে যাবেন বলে আশা রাখেন তিনি।

শোটাইম মিউজিকের আয়োজনে গোল্ডেন এজ হোম কেয়ার বৈশাখী মেলা ১২ মে

ডেস্ক রিপোর্ট

১২ মে রোববার শোটাইম মিউজিক আয়োজন করতে যাচ্ছে গোল্ডেন এজ হোম কেয়ার বৈশাখী মেলা ১৪৩১ । জ্যামাইকায় অবস্থিত দ্যা মেরি লুইস একাডেমী (176-21 Wexford Terrace, Jamaica, NY 11432) এ ঠিকানায় এই বৈশাখী মেলা অনুষ্ঠিত হবে l ইতিমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। অনুষ্ঠানে থাকছে রকমারি শাড়ি কাপড়ের, পিঠা ও জুয়েলারীর স্টল এবং মনমাতানো সাংস্কৃতিক অনুষ্ঠান।

দুপুর ২ টা থেকে রাত ১০ টা পর্যন্ত চলবে এই উৎসব। উৎসবের প্রধান আকর্ষণ বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী বিন্দুকনা, বন্যা তালুকদার এবং প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী রানো নেওয়াজ , শাহ মাহবুব , মিতু মাহমুদ, চন্দ্র রায়, কামরুল ইসলাম, লিয়ানা, নৃত্যাঞ্জলি এর পরিবেশন। আরো থাকছে মন মাতানো ফ্যাশান শো ও আকর্ষণীয় রাফেল ড্র। ওয়ার্ল্ড ট্রাভেলসের সৌজন্যে নিউইয়র্ক ঢাকা নিউইয়র্ক এয়ার টিকেট সহ আকর্ষণীয় পুরস্কার l

গোল্ডেন এজ হোম কেয়ার পাওয়ার্ড বাই আশা হোমকেয়ার এ অনুষ্ঠানের পৃষ্টপোষকতা করছে। গ্র্যান্ড স্পন্সর হিসেবে ব্যবসায়ী নুরুল আজিম এবং রিভার্টেল নামের প্রতিষ্ঠান থাকছে বলে জানিয়েছেন শো টাইম মিউজিকের কর্ণধার আলমগীর খান আলম।

শিলা বৃষ্টিতে ক্ষতিগ্রস্তদের পাশে নিউইয়র্ক প্রথম আলো এবং নাহিয়ান ফাউন্ডেশন

বিশেষ প্রতিনিধি

গোলাপগঞ্জের বাঘা গ্রামে শিলা বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগোষ্ঠীর পাশে দাঁড়িয়েছে নিউইয়র্ক প্রথম আলো ফাউন্ডেশন এবং নাহিয়ান ওয়েলফেয়ার ফাউন্ডেশন। প্রবাসীদের সহযোগিতায় এবং নাহিয়ান ফাউন্ডেশনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত সংখ্যালঘু এবং অনগ্রসর কয়েকটি পরিবারকে নগদ অর্থ সহযোগিতা করা হয়েছে।

৪ মে শনিবার বিকেলে গোলাপগঞ্জের দক্ষিণ বাঘা গ্রামে অনাড়ম্বর আনুষ্ঠানিকতায় উপকারভোগীদের মধ্যে অনুদানেট টাকা হস্তান্তর করা হয়েছে। প্রথম আলো ফাউন্ডেশনের প্রতিনিধি হিসাবে ধরিত্রী রক্ষায় আমরা (ধরা) কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য ও সিলেটের নাগরিক আন্দোলনের সংগঠক আব্দুল করিম কিম ক্ষতিগ্রস্ত পরিবারদের মধ্যে এই অর্থ সহায়তা তুলে দেন। এসময় উপস্থিত ছিলেন রোমেনা বেগম সমাজকর্মী ও প্রথম আলো উত্তর আমেরিকার প্রতিনিধি, প্রথম আলো উত্তর আমেরিকার গোলাপগঞ্জ প্রতিনিধি সামিল হোসেন ও মাঠ কর্মী আফসর হোসেন।

প্রান্তিক ও সংখ্যালঘু উপকারভোগীদের মধ্যে অনুদান বিতরণ অনুষ্ঠানে আব্দুল করিম কিম বলেন, দেশের বাইরে থেকেও স্বদেশের বিপন্ন মানুষের পাশে থাকার চেষ্টা করেন প্রবাসীরা। অনগ্রসর জনগোষ্ঠীর জন্য

> সম্প্রতি আকস্মিক শিলা বৃষ্টিতে সিলেট অঞ্চলের গোলাপগঞ্জসহ বেশ কিছু এলাকায় মানুষের ঘরবাড়ি ও ফসলের ক্ষতি হয়েছে।

সাহায্য সহযোগিতা পাওয়ার বিরাট চাহিদার সামনে ক্ষুদ্র অনুদান যথেষ্ট না হলেও গুরুত্বের। রোমেনা বেগম বলেন, দেশের অনগ্রসর মানুষজনের কোন কারণেই একা বোধ করার কারণ নেই। বিশেষ বিশেষ ব্যক্তি ও সংগঠন এমন মহৎ উদ্যোগের মধ্য দিয়ে বলার চেষ্টা করে, যেকোনো বাস্তবতায় আমরা পাশে আছে। পাশে থাকার এ বার্তাই অবহেলিত জনগোষ্ঠীকে উঠে দাঁড়াতে সহায়তা করে।

উল্লেখ্য নিউইয়র্ক প্রথম আলো ফাউন্ডেশন এবং নাহিয়ান ফাউন্ডেশন নিউইয়র্ক ভিত্তিক অলাভজনক প্রতিষ্ঠান। সম্প্রতি আকস্মিক শিলা বৃষ্টিতে সিলেট অঞ্চলের গোলাপগঞ্জসহ বেশ কিছু এলাকায় মানুষের ঘরবাড়ি ও ফসলের ক্ষতি হয়েছে। সরকারি ও বেসরকারি উদ্যোগে বর্ষা ও বৃষ্টির এ মৌসুমে বিভিন্ন এলাকায় ত্রাণ কার্য পরিচালিত হচ্ছে। যদিও চাহিদা এবং প্রয়োজনের তুলনায় এসব সহযোগিতা অপর্যাপ্ত বলে জানিয়েছেন এলাকার জনসংগঠকরা।

বোস্টনে মহিলা আ.লীগ সভাপতির মরদেহ উদ্ধার

ইমা এলিস

নাসিম পারভীন

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘনিষ্ঠ বান্ধবী ও নিউ ইংল্যান্ড মহিলা আওয়ামীলীগের সভাপতি প্রবাসী নাসিম পারভীনের মরদেহ তাঁর বোস্টনের নিজ বাড়ি থেকে উদ্ধার করেছে পুলিশ। স্থানীয় সময় ৭ মে মঙ্গলবার বিকেলে যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের বোস্টনের নিকটস্থ শহর ওয়েষ্ট রক্সবুরির নিজ বাড়ির দরজা ভেঙ্গে পুলিশ তার মরদেহ উদ্ধার করে। দীর্ঘদিন ধরে তিনি ওই বাড়িতে একাই বসবাস করতেন। তাঁর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন বোস্টনের আওয়ামীলীগ নেতা ওসমান গণি।

তিনি জানান, নাসিম পারভীনের ১ ছেলে ও ১ মেয়ে ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের অন্যান্য শহরে থাকেন। উভয়ের ব্যস্ততার কারণে মাঝে মধ্যে মায়ের সাথে দেখা হত। সর্বশেষ মায়ের সাথে তাদের ফোনে কথা হয় ২ মে বৃহস্পতিবার। এরপর অনেক চেষ্টা করেও তারা আর মাকে ফোনে পাননি। এতে তাদের সন্দেহ হলে মঙ্গলবার বিকেলে ওয়েষ্ট রক্সবুরির বাসায় গিয়ে কলিং বেল টিপে এবং দরজায় ধাক্কা দিয়ে সাড়া না দিলে পুলিশে খবর দেন তাঁর ছেলে। পুলিশ এসে দরজা ভেঙ্গে নাসিম পারভীনের মরদেহ উদ্ধার করে স্থানীয় হাসপাতালের মর্গে পাঠায়। এ রিপোর্ট লেখা পর্যন্ত তাঁর মৃত্যুর কারণ জানা যায়নি।

আওয়ামীলীগ নেতা ওসমান গণি জানান, নাসিম পারভীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘনিষ্ঠ বান্ধবী ছিলেন। বেশ কয়েক বছর আগে জাতিসংঘের অধিবেশনের জন্য প্রধানমন্ত্রী নিউ ইয়র্কে এলে নাসিম পারভীনের সাথে দেখা হয়। উভয়ে আলিঙ্গন করে কুশল বিনিময় করেন। নাসিম পারভীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘনিষ্ঠ বান্ধবী হলেও তাদের দেখা হয়েছিল ৩০ বছর পর।

বোস্টন প্রবাসী নাসিম পারভীন সাবেক পররাষ্ট্র মন্ত্রী একে আব্দুল মোমেনের সাবেক স্ত্রী। তাঁদের বিবাহ বিচ্ছেদের পর তিনি ১ ছেলে ও ১ মেয়ে নিয়ে ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের (বোস্টনের নিকটস্থ) ওয়েষ্ট রক্সবুরির বাড়িতে দীর্ঘদিন ধরে বসবাস করতেন।

বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস-বাফা'র বৈশাখী উৎসব

উত্তর আমেরিকা অফিস

একাডেমি অব ফাইন আর্টস (বাফা) বৈশাখ নানা বৈচিত্রময় আয়োজনে উদযাপন করেছে। তারই ধারাবাহিকতায় ৪ মে রোববার সন্ধ্যায় ব্রঙ্কসের ১৫১৪ ওলমস্টেড এভিনিউর পিএস ১০৬ মিলনায়তনে "শঙ্খ বাজে চিত্ত মাঝে" শিরোনামে অনুষ্ঠিত হলো সাংস্কৃতিক পরিবেশনা। শামিম আরা বেগম ও গোলাম মোস্তফার উপস্থাপনায় বর্ণাঢ্য এ অনুষ্ঠান শুরু হয় শিশু-কিশোর ও বড়দের অংশগ্রহনে সমবেত সঙ্গীতের মধ্য দিয়ে। সদ্য প্রয়াত রবীন্দ্র সঙ্গীত শিল্পী সাদি মোহম্মদ স্মরণে শিল্পীরা গেয়ে উঠেন - আগুনের পরশমনি ছোঁয়াও প্রাণে। সমবেত সংগীত পরিচালনায় ছিলেন তানভীর তমাল। এ সময় দর্শকসারীতে এক আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়।

অনুষ্ঠানে বরেণ্য অভিনয় শিল্পী রেখা আহমেদ ও বর্ষীয়ান সাংবাদিক মনজুর আহমদকে সম্মাননা প্রদান করা হয়। বাফার পরিচালনা পর্ষদ সদস্য মুনিরা ও ফারজানা এবং নৃত্য বিভাগের শিক্ষার্থী অস্মিতা ও জান্নাত আলোকিত এই দুই অগ্রজকে ফুল দিয়ে বরণ করেন। সম্মাননা পর্বে স্বাগত বক্তব্য রাখেন সাপ্তাহিক বাঙালী সম্পাদক কৌশিক আহমেদ। রেখা আহমেদের প্রতি সম্মান জানিয়ে অভিনয় শিল্পী শিরিন বকুল অভিনয় করেন রেখা আহমেদের লেখা ও অভিনীত নাটক বীরাঙ্গনা সখিনা। মানপত্র পাঠ করেন ক্লারা রোজারীও ও খায়রুল ইসলাম পাখী। উত্তরীয় পরিয়ে দেন মোশারফ হোসেন ও জুলফিকার হোসেন বকুল। ক্রেস্ট তুলে দেন সাংবাদিক কৌশিক আহমেদ এবং নাট্যব্যক্তিত্ব মুজিব বিন হক। মানপত্র তুলে দেন ফরিদা ইয়াসমিন ও শামীম আরা বেগম।

বাফা'র কর্ণধার ফরিদা ইয়াসমিন তাঁর বক্তব্যে বলেন, অভিনয় শিল্পী রেখা আহমেদ ও বর্ষীয়ান সাংবাদিক মনজুর আহমদকে সংবর্ধনা দিতে পেরে বাফা গর্বিত। বাফার শিক্ষার্থী তথা নতুন প্রজন্ম তাদের দৃষ্টান্ত অনুসরন করে সামনে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা পাবে। এছাড়াও শিশু কিশোরদের বাংলা সংস্কৃতির সাথে পরিচয় করিয়ে দেয়ার লক্ষ্যে যে সকল অভিভাবক বাফার সাথে যুক্ত হয়েছেন তিনি তাদের ধন্যবাদ জানান।

বর্ষবরণের এই আয়োজনে মনোমুগ্ধকর নৃত্য পরিবেশন করেন বাফার শিক্ষার্থীরা। পুতুল নাচ, হেই সামালো, নিটোল পায়ে রিনিঝিনি, টাপা টিনি, বাংলাদেশের ঢোল এই চমতকার সব গানের সাথে নাচের কোরিওগ্রাফী করেছেন প্রশিক্ষক রাসেল আহমেদ। নৃত্য পরিবেশনায় ছিল সারাফ, কথা , নাসিমা, অদিতিয়া, জয়িতা, আবৃত্তি, তনুশ্রী, শুভশ্রী, মিথিলা, আরিশা, এলিজা, রায়না, ইশারা, শ্রেয়শী, তাহনিয়াত, জ্বারা, রাজবিকা, দিশিতা, অধরা, বর্তিকা, শ্রীময়ী, অস্মিতা, জান্নাতুল, লাইসা, আজওয়া, বৃন্দা, সময়, সৃজিতা, ইরাম এবং রাসেল আহমেদ।

আমন্ত্রিত শিল্পী ইফতির সাথে দলীয়ভাবে গিটার বাজিয়ে দর্শকদের মাতিয়ে রাখেন গিটার বিভাগের শিক্ষার্থীরা। এএফএম আফতাবুজ্জামান স্পন্দনের নেতৃত্বে এই পর্বটিও ছিল দর্শক নন্দিত।



Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- Represent Taxpayers for I.R.S./State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses

IRS e-file — IRS AUTHORIZED E-FILE PROVIDER

ব্যঙ্গল ক্লাবের সহসভাপতি আলী চৌধুরী তানু জানিয়েছেন, বিভিন্ন সীমাবদ্ধতা থাকলেও দর্শকদের ব্যাপক উপস্থিতিতি তাদের আপ্লুত করেছে। ভবিষ্যতে আরও বড় পরিসরে এমন অনুষ্ঠান বেঙ্গল ক্লাবের ব্যানারে করা হবে বলে তিনি জানালেন।

বৈশাখের অনুষ্ঠানে পান্তা ইলিশ সহ দেশি খাবারের স্টল ছিল। শাড়ি গহনার স্টল নিয়ে বসেছিলেন স্বদেশীরা।

শফিকুল আলম কলি'র মৃত্যুতে চুরাশিয়ানদের দোয়া ও শোকসভা

উত্তর আমেরিকা ডেস্ক

নর্থ আমেরিকা এসএসসি '৮৪ গ্রুপের সদস্য শফিকুল আলম কলি গত ৪ মে শনিবার ভোরে নিউইয়র্কের এস্টোরিয়ার নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন। ৫ মে রোববার বাদ মাগরিব ইস্ট এলহার্স্ট বায়তুন নূর মসজিদে মরহুমের জানাজার নামাজ অনুষ্ঠিত হয় এবং ৬ মে সোমবার সকাল দশটায় তার মরদেহ লং আইল্যান্ডের ওয়াশিংটন মুসলিম মেমোরিয়াল কবর স্থানে দাফন করা হয়েছে।

যশোরের সন্তান খ্যাতনামা টেবিল টেনিস খেলোয়ার শফিকুল আলম কলি ২০১৫ সালে স্বপরিবারে মার্কিন যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছিলেন। স্ত্রী আর তিন সন্তান নিয়ে বসবাস করতেন নিউইয়র্কের এস্টোরিয়াতে। অসুস্থতার কোনো পূর্ব লক্ষণ ছাড়াই আকস্মিকভাবে ঘুমের মধ্যে মারা যান তিনি। সদা হাস্যোজ্জ্বল মানুষটির মৃত্যুর খবরটি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে সর্বত্রই শোকের ছায়া নেমে আসে।

এসএসসি'৮৪ ব্যাচ নর্থ আমেরিকা, নিউইয়র্ক তাদের সতীর্থ ও প্রিয় বন্ধু কলি'র স্মরণে গত ৬ মে সোমবার কুইন্সের হিলসাইডের পানশীতে শোকসভা ও দোয়ার আয়োজন করে। বন্ধুকে হারিয়ে সবাই ভীষণ শোকাভিভূত ও ভারাক্রান্ত ছিলেন। তারা প্রয়াত বন্ধুর আত্মার শান্তি কামনা এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। শোকসভায় এসএসসি' ৮৪ ব্যাচ নর্থ আমেরিকার সদস্যরা, কলির পরিবারের জন্য অর্থ সংগ্রহ করেন এবং সকল সংগৃহিত অর্থ মরহুমের পরিবারের কাছে হস্তান্তর করা হবে, জানান।

দোয়া ও শোক সভায় বক্তব্য রাখেন-শামস চৌধুরী রুশো, মাসুদ ভূইঁয়া, ইয়াসমিন শেখ প্রমুখ।

সিটি হলের সামনে

প্রথম পৃষ্ঠার পর

লোকজন ৮ মে বুধবার সিটি হলের সামনে প্রতিবাদ সমাবেশ করেছেন।

নিউইয়র্ক অ্যাটর্নি জেনারেল দ্বারা গত সপ্তাহে প্রকাশিত ফুটেজে দেখা যাচ্ছে যে এনওয়াইপিডি অফিসার সালভাতোর অ্যালঙ্গি এবং ম্যাথিউ সিয়ানফ্রোকো বারবার কিশোরটিকে টিজ এবং গুলি করছিল। যখন তার মা তাকে অফিসারদের থেকে রক্ষা করার চেষ্টা করেছিলেন, তারা রোজারিও ঘরে ঢুকার পর দুই মিনিটেরও কম সময়ে তারা তাকে হত্যা করেছিলেন। ভিডিওতে উইনের মা এবং ভাইকে অফিসারদের গুলি না করার জন্য অনুরোধ করতে শোনা যায়। উইন রোজারিওর পরিবার এবং সমর্থকরা অ্যালঙ্গি এবং সিয়ানফ্রোকো -এর বিরুদ্ধে অবিলম্বে বরখাস্ত এবং বিচারের আহ্বান জানিয়েছেন। মানসিক স্বাস্থ্য ঝুঁকিপূর্ণ রুগীর জরুরি কলে রেসপন্স থেকে পুলিশকে অপসারণ এবং নিউ ইয়র্ক সিটির মানসিক স্বাস্থ্য অবকাঠামো এবং প্রোগ্রামগুলিতে উল্লেখযোগ্য বিনিয়োগ করার দাবি জানিয়েছেন।

"অফিসার সালভাতোর অ্যালোঙ্গি এবং ম্যাথিউ সিয়ানফ্রোকো কয়েক মিনিটের মধ্যে আমার ছেলেকে হত্যা করেছে। তারা আসার আগে সবকিছু শান্ত ছিল। তারপরে তারা এসে বিশৃঙ্খলা সৃষ্টি করে এবং আমার সামনে তাকে হত্যা করে," বলেছেন নোটান ইভা কস্তা, উইন রোজারিওর মা। "এই পুলিশরা ছিল বন্দুকধারী মানুষ। আমার সন্তানকে তারা হত্যা না করলেও পারত । আমি আমার ছেলেকে রক্ষা করার চেষ্টা করেছি। আমি পুলিশকে গুলি না করার জন্য অনুরোধ করেছি, কিন্তু পুলিশ তাকে হত্যা করেছে। আমার দাবি অ্যালোঙ্গি এবং সিয়ানফ্রোকোকে বহিস্কার করতে হবে। তাদের চাকরিচ্যুত না হওয়া পর্যন্ত বিনা বেতনে বরখাস্ত করা উচিত। তাদের বিচার হওয়া উচিত।"

১৯ বছর বয়সী উইন রোজারিও তার ওজোন পার্ক, কুইন্সের বাড়িতে ছিলেন যখন তাকে ২৭ মার্চ, অফিসার সালভাতোর অ্যালঙ্গি এবং ম্যাথিউ সিয়ানফ্রোকোর গুলিতে হত্যা করা হয়েছিল। তাকে তার মা এবং তার ছোট ভাইয়ের সামনে হত্যা করা হয়েছিল।

জাস্টিস কমিটির নির্বাহী পরিচালক লয়েডা কোলন বলেছেন, "অফিসার সালভাতোর অ্যালোঙ্গি এবং ম্যাথিউ সিয়ানফ্রোকোর উইন রোজারিওর হত্যা একটি ভয়ঙ্কর অভিজ্ঞতা

"আমার ভাইকে হত্যা করার পর, NYPD আমার সাথে এবং আমার মায়ের সাথে অপরাধীদের মতো আচরণ করেছে এবং NYPD এবং সিটি আমার পরিবারের সাথে এমন আচরণ করেছে যে আমদের কোন কিছুতে তাদের কিছু যায় আসে না। আমার ভাইকে মেরে ফেলার পর তারা আমাদের থানায় নিয়ে যায় এবং আমাদের সাথে কিছু নিতে দেয়নি। আমার গায়ে হাফপ্যান্ট ছিল এবং আমি জামাকাপড় পরতেও পারিনি বা ফোনও নিতে পারিনি। তারা আমাদের সাথে এমন আচরণ করেছিল যে আমরা কিছু ভুল করেছি যখন তারাই আমার ভাইকে হত্যা করেছিল। তারা আমার মাকে এক ঘণ্টারও বেশি সময় ধরে জিজ্ঞাসাবাদ করেছিল, এমনকি সে যে অবস্থায় ছিল সেখানে, এমনকি তাকে বলার আগে যে উইন মারা গেছে। তারা আমাকে একাই জিজ্ঞাসাবাদ করেছিল, যদিও আমি নাবালক। আমাদের ৪৮ ঘন্টার বেশি সময় ধরে আমাদের অ্যাপার্টমেন্টে ফিরে যেতে দেওয়া হয়নি। এমনকি তারা আমাদের বিড়াল বা আমার বাবা-মায়ের ওষুধও নিতে দেয় নি। আমার ভাইকে পুলিশের হাতে নিহত হতে দেখার পর, আমাদের থাকার জন্য অন্য কোথাও থাকার জায়গা খুঁজে বের করতে হয়েছিল," বলেছেন উইন রোজারিওর ভাই উৎস রোজারিও।

উইন রোজারিওর বাবা, ফ্রান্সিস রোজারিও, অপমানজনক আচরণ সম্পর্কে কথা বলেছেন এবং মেয়র অ্যাডামসকে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছেন: "উইনকে খুন করার পরের দিনগুলি আমার পরিবারের জন্য ভয়ঙ্কর ছিল। NYPD আমার স্ত্রী এবং আমার অন্য ছেলের সাথে এমন আচরণ করেছে যেন তারা মানুষ না হয়ে অপরাধী ছিল যারা তাদের পরিবারের সদস্যকে খুন হতে দেখেছিল। উইনকে হত্যার পর, পুলিশ আমার স্ত্রী ও ছেলেকে থানায় নিয়ে যায় এবং আইনজীবী ছাড়াই তাদের জিজ্ঞাসাবাদ করে। আমরা ন্যায়বিচার পেতে পারি কিনা তা নিয়ে আমি চিন্তিত কারণ মনে হচ্ছে সিস্টেমটি আমাদের বিরুদ্ধে কারচুপি করা হয়েছে। একজন বাবা হিসাবে আমি বিশ্বাস করতে পারি না যে এটি ঘটেছে এবং আমার অনেক উদ্বেগ রয়েছে। আমার স্ত্রী বা ছেলে আহত বা অসুস্থ হলে, আমি ৯১১ নম্বরে কল করতে পারি বলে মনে হয় না কারণ পুলিশ এসে তারা কী করবে তা নিয়ে আমি ভীত। আমার পরিবারের এই সময়ে মেয়রের সমবেদনার প্রয়োজন নেই, আমাদের পদক্ষেপ দরকার। অ্যাটর্নি জেনারেলের উচিত এই কর্মকর্তাদের অভিযুক্ত করা এবং যত তাড়াতাড়ি সম্ভব তাদের বিচার করা। এর মধ্যে মেয়র চাইলে এখনই ব্যবস্থা নিতে পারেন, বাংলাদেশিদের জীবন গুরুত্বপূর্ণ তা দেখানোর জন্য আলোঙ্গি এবং সিয়ানফ্রোকোকে বিনা বেতনে স্বহিষ্কার করা হউক এবং যত তাড়াতাড়ি সম্ভব তাদের বরখাস্ত করা নিশ্চিত করা হউক।"

জাস্টিস কমিটি এবং ডেসিস রাইজিং আপ অ্যান্ড মুভিং এ প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। এ দুটি সংস্থা যারা উইন নিহত হওয়ার পর থেকে রোজারিও পরিবারের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে। পরিবার এবং সংগঠকরাও NYPD-কে সমস্ত মানসিক স্বাস্থ্য রুগীদের কলের রেসপন্স থেকে সরিয়ে দেওয়ার আহ্বান জানিয়েছে।

কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকার নতুন কমিটির অভিষেক ও ঈদ পূণর্মিলনী।

আদালতে যা বললেন স্টর্মি

প্রথম পৃষ্ঠার পর

আইনজীবীর মাধ্যমে ট্রাম্পের আইনজীবীর সঙ্গে যোগাযোগ করেন স্টর্মি। সেই সঙ্গে সংবাদমাধ্যমে এ বিষয়ে মুখ খোলেন তিনি। আদালতে এমনটাই জানিয়েছেন স্টর্মি। তিনি বলেন, এর পর নতুন চুক্তির খসড়া প্রস্তুত করা হয়। তিনি তাতে সম্মতি দেন। সই করেন।

স্টর্মি যখন এসব বলছিলেন, তখন ট্রাম্পকে কোনো প্রতিক্রিয়া দেখাতে দেখা যায়নি। আদালতে ট্রাম্প বেশ শান্ত ছিলেন।

বারবার কেন ট্রাম্পকে নিয়ে মজা করেন—স্টর্মির কাছে এমন প্রশ্ন রাখেন আইনজীবী। জবাবে স্টর্মি বলেন, এসব তিনি (ট্রাম্প) আগে শুরু করেছেন।

এ সময় সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া ট্রাম্পের পোস্ট আদালতে পড়ে শোনান স্টর্মি। পোস্টে ট্রাম্প লিখেছিলেন, স্টর্মির মুখ দেখতে অনেকটা ঘোড়ার মতো। এ বিষয়ে স্টর্মি আদালতকে বলেন, এমন কথা এর আগেও অনেকবার বলেছেন ট্রাম্প।

স্টর্মির মূল নাম স্টেফানি ক্লিফোর্ড। তিনি বলেন, ট্রাম্প তাঁকে তাঁর হোটেলের পেন্টহাউস স্যুটে আমন্ত্রণ জানিয়েছিলেন। সেখানে তাঁদের মধ্যে যৌন সম্পর্ক হয়। তবে ট্রাম্পের দাবি, স্টর্মি ড্যানিয়েলসের সঙ্গে এমনটা কখনো ঘটেনি।

আদালতে ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগ, ২০০৬ সালে স্টর্মি ড্যানিয়েলসের সঙ্গে তাঁর যৌন সম্পর্ক গড়ে উঠেছিল। পরে ২০১৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনের আগে এ বিষয়ে মুখ না খুলতে ট্রাম্পের পক্ষ থেকে ১ লাখ ৩০ হাজার ডলার ঘুষ দেওয়া হয়েছিল স্টর্মিকে। আর এ তথ্য গোপন করেছিলেন।

এবার ওই মামলায় বিচারের মুখোমুখি হয়েছেন ট্রাম্প। স্টর্মি সাক্ষ্য দিয়েছেন। এর আগে ২০১৮ সালে নিজের লেখা বই 'ফুল ডিসক্লোজার' ও পিকক চ্যানেলের জন্য নির্মিত তথ্যচিত্র 'স্টর্মি'তে ট্রাম্পের সঙ্গে নেভাডা গলফ রিসোর্টে দেখা হওয়ার 'দুর্ভাগ্যজনক' স্মৃতিগুলো বর্ণনা করেছেন স্টর্মি।

একলাফে ডলারের দর বাড়ল ৭ টাকা

প্রথম পৃষ্ঠার পর

টাকার বড় ধরনের অবমূল্যায়ন হয়েছে। একলাফে মার্কিন মুদ্রাটির দর বেড়েছে ৭ টাকা।

গতকাল কেন্দ্রীয় ব্যাংকের প্রজ্ঞাপন জারির আগপর্যন্ত ১ মার্কিন ডলারের বিনিময় দর ছিল ১১০ টাকা। কিন্তু সিপিএমআর নির্ধারণের পর ডলারের দর বেড়ে দাঁড়িয়েছে ১১৭ টাকা।

ডলারের দাম এমন এক সময়ে বাড়ানো হলো, যখন কেন্দ্রীয় ব্যাংকের একের পর এক বিতর্কিত সিদ্ধান্তে প্রায় টালমাটাল ডলারের বাজারসহ অর্থনীতির নানা দিক। রিজার্ভ তলানিতে ঠেকেছে, জোর করে আমদানির লাগাম টেনে ধরায় কমেছে রাজস্ব আয়। ক্ষতিগ্রস্ত হয়েছে বিনিয়োগ ও কর্মসংস্থান। জিনিসপত্রের দাম লাগামহীন বেড়ে সাধারণ মানুষের ভোগান্তি চরমে পৌঁছেছে। এখন ঘোষণা দিয়ে ডলারের দর বাড়ানোর ফলে জিনিসপত্রের দাম আরেক দফা বাড়ার আশঙ্কা করছেন ব্যবসায়ীরা।

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশনের (এফবিসিসিআই) সভাপতি মাহবুবুল আলম বলেন, ডলারের দর এক দিনে ৭ টাকা বৃদ্ধি করে ১১৭ টাকা করাটা নতুন চ্যালেঞ্জ সৃষ্টি করবে। এতে রপ্তানিকারকেরা হয়তো বাড়তি দর পাবেন, তবে আমদানিকারকদের সমস্যা হবে। আমদানি ব্যয় বেড়ে গেলে নেতিবাচক প্রভাব পড়বে বাজারের ওপর। বিশেষ করে সাধারণ ভোক্তাদের কষ্ট বেড়ে যাবে।

উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আনতে চলতি বছরের জানুয়ারিতে সংকোচনমূলক মুদ্রানীতি ঘোষণা করেছিল বাংলাদেশ ব্যাংক। তখনই ডলারের বিনিময় হার নির্ধারণে ক্রলিং পেগ পদ্ধতি চালুর চিন্তা করা হচ্ছে বলে জানিয়েছিল কেন্দ্রীয় ব্যাংক। শেষ পর্যন্ত ক্রলিং পেগ চালু করে ডলারের দর নির্ধারণ করে দিলেও বাজারে এর সুফলের চেয়ে বরং কুফল নিয়েই বেশি কথা হচ্ছে।

ডলারের বাজারে দীর্ঘদিন ধরে চলা অস্থিরতার জন্য বর্তমান গভর্নর আব্দুর রউফ তালুকদারের নেওয়া নানা ভুল নীতিকেই দায়ী করছেন বিশেষজ্ঞরা। তাঁরা বলছেন, এই গভর্নর দায়িত্ব নেওয়ার পর থেকেই ডলারের বাজার চরম অস্থির হয়ে ওঠে। এ সময়ে তিনি কৃত্রিমভাবে ডলারের দর কমিয়ে রাখতে নানান কৌশল নিতে থাকেন। একেক সময় একেক দর, একেক খাতের জন্য একেক দর বেঁধে দেওয়াসহ এমন সব কাণ্ড ঘটাতে থাকেন, যার ফলে ডলারের মজুত তো বাড়েইনি, উল্টো কমেছে। একসময় ৪৮ বিলিয়ন ডলার অতিক্রম করা রিজার্ভের মজুত কমতে কমতে নেমে আসে ১৪-১৫ বিলিয়ন ডলারে।

বাংলাদেশ ব্যাংকের সাবেক প্রধান অর্থনীতিবিদ ড. বিরূপাক্ষ পাল বলেন, 'ক্রলিং পেগ করে কিছু হবে না। অনেক আগেই ডলারের দর বাজারের ওপর ছেড়ে দেওয়া দরকার ছিল। দেয়ালে পিঠ ঠেকে গেছে। এখন সব বিলম্বিত সময়ের ফর্মুলা দেওয়া হচ্ছে। ডি গ্রেড পাওয়া গভর্নরের কাছ থেকে এর চেয়ে বেশি কিছু কি আশা করা যায়? বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতি ব্যবস্থাপনাও খুবই খারাপ। মূল্যস্ফীতি বিশ্বব্যাপী কমছে, অথচ দেশে বাড়ছে। এর কারণ হলো ঠিক সময়ে ঠিক কাজটি করা যায়নি।'

বাংলাদেশে ডলারের বাজারে অস্থিরতা শুরু হয় দুই বছর আগে। পরিস্থিতি সামাল দিতে রেমিট্যান্স প্রবাহ বাড়ানোর উদ্যোগ নেয় কেন্দ্রীয় ব্যাংক। বাড়ানো হয়

প্রণোদনা। প্রবাসী ও রপ্তানিকারকদের ডলার সংরক্ষণ ও বিনিয়োগে শর্ত শিথিল করা হয়। কড়াকড়ি আরোপ করা হয় বিলাসী পণ্য আমদানিতে। এসবের ফল হয় আরও খারাপ। ব্যাংকিং চ্যানেলে ডলার আসা কমে যায়, নির্ধারিত দরে ডলার দুষ্প্রাপ্য হয়ে যায়। খোলাবাজারে অনেক বেশি দরে ডলার বিক্রি হয়।

পরে ধরপাকড় ও ভয়ভীতি ছড়ালে ডলারের বাজার আরও অস্থির হয়ে ওঠে। বাধ্য হয়ে বাজারে ডলারের অপরিহার্য চাহিদা পূরণে রিজার্ভ থেকে ডলার বিক্রি বাড়িয়ে দেয় কেন্দ্রীয় ব্যাংক। আমদানিকারকেরা ডলার না পেয়ে এলসি খুলতে পারেননি। একপর্যায়ে নিত্যপণ্য ও শিল্পের কাঁচামাল ও যন্ত্রপাতি আমদানিও সংকুচিত হয়। নতুন করে ডলারের বাড়তি দর আবার এমন আশঙ্কা তৈরি করছে বলে মনে করছেন বিশ্লেষকেরা।

সব চেয়ে কম ভোটের রেকর্ড

প্রথম পৃষ্ঠার পর

২০০৯ সালে ৬৭ দশমিক ৬৯ শতাংশ ভোট পড়ে।

বুধবার মধ্যরাত পর্যন্ত ১৩৯টির মধ্যে ১৩৬ উপজেলার ফলাফল পাওয়া গেছে। এর মধ্যে ১১৬ উপজেলায় আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী বিজয়ী হয়েছেন। এ ছাড়া স্বতন্ত্র থেকে ৮ জন, বিএনপির ৫ জন, জাতীয় পার্টির ৩ জন, জাতীয় জনসংহতি সমিতির (জেএসএস) ২ জন, ইসলামী আন্দোলনের ১ জন ও আল ইসলামের ১ জন বিজয়ী হয়েছেন। বিএনপি থেকে যারা নির্বাচিত হয়েছেন তাদের ইতোমধ্যে দল থেকে বহিষ্কার করা হয়েছে। দলের সিদ্ধান্ত অমান্য করে তারা নির্বাচনে অংশ নেন। গাজীপুর সদরে বিএনপির বহিষ্কৃত নেতা ইজাদুর রহমান মিলন জয়ী হয়েছেন।

প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হচ্ছে না উপজেলা নির্বাচন, সেকারণেই ভোটার কমছে বলে মনে করছেন বিশ্লেষকেরা। তারা বলছেন, বিএনপিসহ বিরোধী কোনো দল ভোটে না আসায় কমছে আগ্রহ। নির্বাচন ব্যবস্থার ওপরও কমছে আস্থা।

বিশ্লেষকরা বলছেন, একদিকে মাঠে বিরোধী রাজনৈতিক দলের প্রতিদ্বন্দ্বিতা নেই। অন্যদিকে ক্ষমতাসীন দলের একাধিক প্রার্থী থাকায় কমেছে ভোটারের আগ্রহ।

ফেয়ার ইলেকশন মনিটরিং অ্যালায়েন্সের (ফেমা) সভাপতি মুনিরা খান বলেন, 'কোনো পার্টি মনোনয়ন দিচ্ছে না। নিজেদের প্রার্থী বলে কাউকেই তারা স্বীকার করছে না। হয়ত দেখা যাবে যে একটি দলেরই ৫ থেকে ৬ জন দাঁড়িয়েছে। এখন ভোটাররা মনে করে, আমি যাকেই ভোট দেই না কেন, যে দল আমি পছন্দ করি সেই দলের লোকই তো হচ্ছে। অতএব আমার ভোট দিয়ে লাভ কি?'

সর্বপ্রথম উপজেলা নির্বাচন হয় ১৯৮৫ সালে, এরপর ১৯৯০ তে। সেই দুই ভোটের হার জানা না গেলেও, ২০০৯ সালে আওয়ামী লীগ সরকারের সময়ে চতুর্থবার উপজেলা নির্বাচনে ভোট পড়েছিল ৬৭ দশমিক ৬৯ শতাংশ। ২০১৪ সালে ভোটে সে হার ৬১ আর বিএনপি না এলেও ২০১৯-এ তা ৪১ শতাংশ।

আইনজীবী শাহদীন মালিক বলেন, 'আগে পরিবারতন্ত্রের আধিক্য দেখা যেতো না। এজন্যই এখান থেকে মানুষ দুরে সরে আছে। নির্বাচন কমিশন বলছে, ৩০ থেকে ৪০ শতাংশ ভোট দিয়েছে অর্থাৎ মোটাদাগে এক তৃতীয়াংশের বেশি ভোট দেয়নি। নির্বাচন ব্যবস্থা যে ভেঙে পড়া, উপজেলা নির্বাচন তার আরেকটা উদাহরণ হয়ে থাকল।'

পর্যবেক্ষকরা আরও বলছেন, নির্বাচন ব্যবস্থায় পরিবর্তন আনতে হবে। পাশাপাশি ভোটারকে তার ভোটের গুরুত্ব সম্পর্কে সচেতন করতে হবে।

নির্বাচনি পর্যবেক্ষক সংস্থা জানিপপের চেয়ারম্যান ড. নাজমুল আহসান কলিমুল্লাহ বলেন, 'অন্যান্য দেশে একজন ব্যক্তি এক ভোটও যদি পান অন্য প্রার্থীদের তুলনায় তাহলে তাকে জয়যুক্ত ঘোষণা করা হয়। এতভাগ ভোট পেতেই হবে অথবা সেকেন্ড রাউন্ডের ব্যবস্থা হবে যদি একটি নির্দিষ্ট পর্যায় পর্যন্ত উন্নীত না হয়, এ ব্যবস্থাটি বিদ্যমান থাকায় এখানে ফলাফল কি হবে তা অনেকাংশে প্রেডিকটেবল।'

এবারের উপজেলা নির্বাচন হচ্ছে চার ধাপে। ২১ মে দ্বিতীয়, ২৯ মে তৃতীয় ও ৫ জুন চতুর্থ ধাপের ভোট। সেগুলোতে ভোটার আনাও বড় চ্যালেঞ্জ হবে মনে করছেন নির্বাচন বিশ্লেষকরা।

ইসরায়েলকে দেওয়া বোমার চালান স্থগিত করল আমেরিকা

উত্তর আমেরিকা ডেস্ক

ইসরায়েলকে দেওয়া বোমার একটি চালান স্থগিত করেছে আমেরিকা। একজন জেষ্ঠ্য মার্কিন কর্মকর্তার বরাতে এ তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি। এক প্রতিবেদনে বলা হয়েছে, এই চালানটি ইসরায়েলে পাঠানোর কথা ছিল। কিন্তু ইসরায়েল রাফাহতে বড় ধরনের অভিযান পরিচালনা করতে পারে এই আশঙ্কায় চালানটি স্থগিত করা হয়।

এক মার্কিন কর্মকর্তা বিবিসিকে জানিয়েছে, চালানটিতে ৯০৭ কেজি বোমা ছিল। মার্কিন এ সিদ্ধান্ত পুনঃবিবেচনার আহ্বান জানিয়েছে ইসরায়েল। গাজায় ইসরায়েলি আগ্রাসনে বিপুল সংখ্যক বেসামরিক প্রাণহানি এবং মানবিক বিপর্যয়ের কারণে দেশের ভেতরে ব্যাপক চাপে আছেন মার্কিন প্রেসিডেন্ট।

বাসা ভাড়া

মে মাস থেকে নিউ বেইসমেন্ট ভাড়া হবে. PS 33 and Police Station থেকে এক ব্লক দূরে Queen Village এ মনোরম পরিবেশে বেইসমেন্ট ভাড়া হবে. স্টুডেন্ট আর স্বামী স্ত্রী অগ্রাধিকার পাবে. আলাদা কিচেন আর বাথরুম এবং বড় দুইরুম. দুই Block এর ভিতর Q1,Q27,Q88 ,Q36,Q43 and N26, N22 and N6 bus. স্ট্রিট পার্কিং (ঝাড়ু নাই)সব সময় খালি থাকে. যোগাযোগ - 3475925884

জ্যাকসন হাইটসের অ্যাপার্টমেন্টে রুমমেট আবশ্যক

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে একটি অ্যাপার্টমেন্টে বিশাল আকৃতির একটি রুমে থাকার জন্য একজন রুমমেট আবশ্যক। আলাদা দরজা আছে। বাথরুম এবং কিচেন শেয়ার করতে হবে। টেক্সটের মাধ্যমে যোগাযোগ করুন 929-720-2181 MD Tofazzal Hossain 1347-605-0593

আবশ্যক

হিউম্যান হোমকেয়ার কোম্পানীতে কাজ করার জন্য আগ্রহী কিছু কর্মী আবশ্যক। জরুরি ভিত্তিতে রিজ্যুমি পাঠানোর অনুরুধ করছি। newal.saki@humancareny.com

ন্যানী আবশ্যক

মিজুরী রাজ্যের সেন্টলুইসে বসবাসকারী নবজাতক শিশু এবং দুই বছরের শিশু আন্তরিকভাবে দেখাশুনা এবং সপ্তাহে তিনদিন রান্না করাসহ অন্যান্য কাজে (পরিষ্কার-পরিচ্ছন্নতা) সহযোগিতা করার জন্য ন্যানী আবশ্যক। থাকা খাওয়াসহ মাসে বেতন ১,৫০০ ডলার। প্রতি ছয় মাসে একবার নিউইয়র্কে যাতায়াতের সুযোগ থাকবে এবং যাতায়াতের খরচ বহন করা হবে। যোগাযোগ: ৭৬৫-৬০৯-৭২২৪

অফিস সহকারি আবশ্যক

জ্যাকসন হাইটসের একটি অফিসে কম্পিউটার এবং ইনস্যুরেন্সের কাজ জানা অফিস সহকারি আবশ্যক। যোগাযোগ: 929-395-3945

লাইভ ইন বেবিসিটার আবশ্যক

লং আইল্যান্ডে সোমবার-শুক্রবার নবজাতক শিশুর যত্ন নেওয়ার জন্য লাইভ ইন বেবিসিটার খুঁজছেন। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে 917-280-7656 নম্বরে কল করুন।

আবশ্যক

কুইনসের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিস্ট আবশ্যক। প্রার্থীকে উঁচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলায় দক্ষ হতে হবে। ল' ফার্মে কাজের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুমি ইমেইল করুন: ravi@gehilaw.com

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

World Travel and Vacation
TRAVEL THE WORLD
Mohammad Hossain
President
214.714.3110 (24/7)
1901 Knightsbridge Rd, Farmers Branch, TX-75234
Mohammad.benu@gmail.com

ওমরা ভিসা, হজ্বের জন্য প্যাকেজসহ যেকোনো বিমানযাত্রার সব ব্যবস্থার জন্য আমাদের পেশাদারিত্ব আর বিশ্বস্থতার প্রতিষ্ঠান। দয়া করে ফোনে বা ইমেইলে যোগাযোগ করুন।

পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854.
Email: amrsolarllc@yahoo.com

HOUSE FOR SALE BY OWNER

2 FAMILY 4 LEVELS 20X55, BRONX INDEPENDENT DRIVEWAY NEAR THE 6 TRAIN $1.1 MILLION
CALL: 718-300-6223

ন্যানি আবশ্যক

কুইন্সের জ্যামাইকায় ছয়মাসের বাচ্চার যত্ন সহকারে দেখভালের জন্য একজন ন্যানি আবশ্যক। যোগাযোগ - 929-268-5801 স্থান - ব্রায়ারউড স্টেশানের পাশে.

পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

বাড়ি বিক্রয় !

ব্রঙ্কস এলাকায় দুই ফ্যামেলী বাড়ি বিক্রয় করা হবে।

লোকেশান
ক্যাসেল হিল এভিনিউ, জেরেগা এভিনিউ, মরিস পার্ক এবং পেলহাম পার্কওয়ে। যা বাংলাদেশি কমিউনিটির প্রাণকেন্দ্রে। বাংলাদেশী সুপার মার্কেট, মসজিদ, ট্রেন, স্কুল খুব নিকটে।

আগ্রহীরা যোগাযোগ করুন:
917-442-8648

রুম ভাড়া

জামাইকার সাটফিন ব্লু বার্ডে একটি রুম সাবলেট ভাড়া দেওয়া হবে,সাবওয়ে ও গ্রোসারী থেকে তিন মিনিটের দূরত্ব,একজন অথবা দুজন মহিলা হলে ভালো হয়। 347-238-7171

আবশ্যক

নিউইয়র্কে একটি স্বনামধন্য সাপ্তাহিক পেপারে ডেলিভারিতে শুক্রবার ব্রুকলিন, ওজন পার্ক, জ্যামাইকায় কাজ করার জন্য গাড়ি সহ ড্রাইভার আবশ্যক । 646-645-9830

লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email: drmah007@gmail.com, **ফোন: ৫৭১–৪৮৯–৯০১৩**

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

সুখবর! সুখবর!!

আমেরিকান সিটিজেনদের জন্য সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড দারীদের জন্য উমরাহ ভিসা পেতে আজই যোগাযোগ করুন ।

571-830-9213
Email: rashid.ozonepark@gmail.com

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা, ইন্‌ক
JALALABAD ASSOCIATION OF AMERICA, INC

সাধারণ সভা

তারিখ : ১৯ মে, ২০২৪ রবিবার সময় : বিকাল ৫টা
স্থান : Taj Mahal Party Hall
148-01 Hillside Ave Jamaica, NY 11435

সম্মানিত জালালাবাদবাসী,
আগামী ১৯ মে, রবিবার জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত সাধারণ সভায় জালালাবাদবাসীর উপস্থিতি একান্তভাবে কাম্য।

আমন্ত্রণক্রমে

বদরুল খান
সভাপতি
৬৪৬-৮২৪-৪৮১৪

রোকন হাকিম
ভারপ্রাপ্ত-সাধারণ সম্পাদক
৯১৭-৩৬২-২৪৪২

মোঃ লোকমান হোসেন (লুকু), *সহ-সভাপতি (সিলেট জেলা)* • শামীম আহমেদ, *সহ-সভাপতি (সুনামগঞ্জ জেলা)* • মোঃ শফিউদ্দিন তালুকদার, *সহ-সভাপতি (হবিগঞ্জ)* • বশির খান, *সহ-সভাপতি (মৌলভীবাজার)* • মোহাম্মদ আলিম, *কোষাধ্যক্ষ* • মোঃ জিল্লুর রহমান খান, *সাংগঠনিক সম্পাদক* • ফয়ছল আলম, *প্রচার ও দপ্তর সম্পাদক* • হোসেন আহমদ, *সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক* • মান্না মুনতাসির, *ক্রীড়া সম্পাদক* • বুরহান উদ্দিন, *আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক* • জাহিদ আহমেদ খান, *সমাজ কল্যাণ সম্পাদক* • সুতিপা চৌধুরী, *মহিলা বিষয়ক সম্পাদক* • আব্দুল আজিজ, *কার্যকরী সদস্য (সিলেট জেলা)* • হুমায়ুন কবির সোহেল, *কার্যকরী সদস্য (সুনামগঞ্জ জেলা)* • দেলোয়ার হোসেন মানিক, *কার্যকরী সদস্য (হবিগঞ্জ জেলা)* • মিজানুর রহমান, *কার্যকরী সদস্য (মৌলভীবাজার জেলা)*

বোর্ড অব ট্রাস্টি: কাওছারুজ্জামান কয়েছ • বদরুন নাহার খান মিতা • ছয়দুন নূর • সৈয়দ নাজমুল হাসান কুবাদ

প্রচারে: **ফয়ছল আলম**, *প্রচার ও দপ্তর সম্পাদক*

Save Yourself This Tax Season

Nizamul Wahed Shahir, EA
Licensed Real Estate Agent
M.Com (Accounting)

ADMITTED TO PRACTICE BEFORE THE IRS — ENROLLED AGENT
Authorized e-file Provider

Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com

প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে আমরা যত্নবান ও আন্তরিক।

Tax • Immigration • Real Estate

- Income Tax and Accounting Services For: Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
- Sales and Payroll Tax
- Business Licenses and Setup
- FBAR and FATCA Filing
- Notary Public
- Immigration Form Fill-Up Services
- Credit Repair, Real State and much more...

Member of

NYSSEA
naea — National Association of Enrolled Agents

184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

হোম কেয়ার

আপনার আত্মীয় স্বজন, আপনজন ও অন্যান্যদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই। এবং আমরা কোন ফি চার্জ করি না।

বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার জন্য আজই কল করুন

Mamun Ur Rashid
President
917-476-8914

PROHEALTH HOMECARE

375 McDonald Ave, Brooklyn, NY 11218
Tel: 718-633-1112, Fax : 718-633-1117

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যান্শিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
tax refund
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

MONEY TRANSFER
মানি ট্রান্সফার
বিদেশ থেকে বৈধ
পথে টাকা পাঠানোর
সহজ উপায়
2.5% Incentive
Highest Rate
No Fees
bKash
Notary Public
$$$$
Successful Transfer
SEND
৳৳৳৳
Payment Received
RECEIVED
Fast, Secure &
Reliable Remittance
DHAKA BANK LIMITED
SBAC
JAMUNA BANK
SIBL
UCB
Contact Us
718-406-9745
We Are Authorized Agents
World Tours & Travel
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA

UP TO 10%
Discount
on Flight Booking
Special Fare Available
NEW YORK - DHAKA - NEW YORK
Emirates
QATAR
KUWAIT AIRWAYS
TURKISH AIRLINES
Book Online
www.globaltravelbd.com
• All domestic & international flights any country
• No extra charge for credit card
• No hidden charges
• 24/7 customer support
US: 718-406-9745
BD: 01810140650
24/7 customer support
Global Travel & Tours
BOOK NOW
World Tours & Travel
USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA
Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka- 1000
24/7 Hotline: 718-406-9745

বিএএসজের ফুড ব্যাংক আটলান্টিক সিটিতে

সুব্রত চৌধুরী

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির উদ্যোগে 'ফুড ব্যাংক' এর আয়োজন করা হয়।

২ মে, বৃহস্পতিবার ২৭০৯, ফেয়ারমাউণ্ট এভিনিউতে অবস্থিত 'বাংলাদেশ কমিউনিটি সেন্টার' এ সকাল সাড়ে দশটা থেকে দুপুর একটা পর্যন্ত 'ফুড ব্যাংক' এর কার্যক্রম চলে।

'ফুড ব্যাংক' কার্যক্রম এর আওতায় শাকসব্জি, ফল, টিনজাত খাবার সহ বিভিন্ন ধরনের খাদ্য সামগ্রী বিতরন করা হয়। আটলান্টিক সিটির বিভিন্ন কমিউনিটির লোকজন এই 'ফুড ব্যাংক' কার্যক্রমে অংশ নেয়। ফুড ব্যাংক কার্যক্রমে সহায়তা করে কমিউনিটি ফুড ব্যাংক অব নিউজার্সি।

কমিউনিটি ব্যক্তিত্ব গিয়াসউদদীন পাঠান, আমিন খান, আফিয়া নাসরিন, মাসুম বাউল প্রমুখের সার্বিক সহযোগিতায় ফুড ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়।

বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতির সময়কালে এই ফুড ব্যাংকের কার্যক্রম কমিউনিটিতে বেশ সাড়া ফেলেছে।

বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি মো: জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক মো: জাকিরুল ইসলাম খোকা ও ট্রাষ্টি বোর্ড এর চেয়ারম্যান আব্দুর রফিক ফুড ব্যাংক এর কার্যক্রম সফল করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

আটলান্টিক সিটি বোর্ড অব এডুকেশনের পর্ষদ সভা

উত্তর আমেরিকা ডেস্ক

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটির বোর্ড অব এডুকেশনের বিশেষ পর্ষদ সভা অনুষ্ঠিত হয়েছে।

২ মে বৃহস্পতিবার সন্ধ্যায় সিটির আটলান্টিক এভিনিউস্থ সিটি সেন্টার ভবনের বোর্ড অব এডুকেশনের পর্ষদ সভাকক্ষে এই পর্ষদ সভা অনুষ্ঠিত হয়। পর্ষদ সভা সঞ্চালনা করেন পর্ষদ সচিব এনজি ব্রাউন।

সভায় পর্ষদ সভাপতি শে স্টিল, সহ সভাপতি ওয়াল্টার জনসন, রুথ বায়ারড, পেট্রিসিয়া বেইলি, সুব্রত চৌধুরী, টরেস মেফিল্ড, হলিশা ব্রিজারস, মোঃ এ সিদ্দিক উপস্থিত ছিলেন। সভার শুরুতে আটলান্টিক সিটি পাবলিক স্কুলের সুপারিনটেনডেন্ট ডঃ লা কোয়েটা স্মল তাঁর প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

সভায় অংশগ্রহণকারী পর্ষদ সদস্যরা সভার আলোচ্যসূচী অনুযায়ী বিভিন্ন বিষয়ের উপর সুচিন্তিত মতামত দেন।

আটলান্টিক সিটিতে ঈদ পুনর্মিলনী ও মেজবান অনুষ্ঠিত

সুব্রত চৌধুরী

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে ৫ মে, রোববার ঈদ পুনর্মিলনী ও মেজবান অনুষ্ঠিত হয়েছে। ওইদিন দুপুর একটা থেকে রাত দশটা পর্যন্ত অনুষ্ঠানের বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল সুধী সমাবেশ, ইসলামী আলোচনা, আড্ডা, মেজবান, শিশু-কিশোরদের খেলাধূলা ইত্যাদি।

আটলান্টিক সিটির ১৬, উওর ফ্লোরিডা এভিনিউতে অবস্হিত ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটি এর উদ্যোগে তাদের নিজস্ব ভবনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটির পরিচালক মোঃ ইকবাল হোসেন । এছাড়া বক্তব্য রাখেন ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটির ইমাম তৌফিক আজিজ ও হাওয়ার্ড বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মির্জা গালিব।

অনুষ্ঠানে আটলান্টিক সিটির পঞ্চম ওয়ার্ডের কাউন্সিলম্যান এম আনজুম জিয়া, আটলান্টিক সিটি স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, বিএএসজে সভাপতি জহিরুল ইসলাম বাবুল, বিএএসি সভাপতি শহীদ খান, বিএএসজের ট্রাষটি বোর্ডের সভাপতি আব্দুর রফিক, লোকাল ৫৪ এর ট্রাষটি বোর্ডের সদস্য সৈয়দ শহীদ, বীর মুক্তিযোদ্ধা জাহাংগির হোসেন ভূঁইয়া, কবি, সাংবাদিক আবু নসর সহ বিভিন্ন কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহনে অনুষ্ঠানটি সম্প্রীতির মেলবন্ধনে কমিউনিটির মিলনমেলায় পরিনত হয়।অনুষ্ঠানে নিউ জারসি রাজ্যের পার্শ্ববর্তী রাজ্যগুলো থেকেও প্রবাসী বাংলাদেশিরা যোগ দেন।

বিভিন্ন কমিউনিটির বিপুল সংখ্যক লোকজন তাদের পরিবার পরিজন নিয়ে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রবাসে বেড়ে ওঠা প্রজন্মের উচ্ছ্বাস ছিল চোখে পড়ার মতো। তারা প্রাণের উচ্ছ্বাসে বিভিন্ন ধরনের রাইডে চড়ে আনন্দ উপভোগ করে।অনেকে হাওয়াই মিঠাই খেয়ে উচ্ছ্বাস প্রকাশ করে।

মোঃ ইকবাল হোসেন বিশাল এই আয়োজন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। কয়েক হাজার লোকের অংশগ্রহনে অনুষ্ঠিত 'ঈদ পুনর্মিলনী ও মেজবান অনুষ্ঠান' উপলক্ষে কমিউনিটিতে বেশ সাড়া পড়েছিল।

যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের মতবিনিময় সভা

শেখ শফিকুর রহমান

যুক্তরাষ্ট্রে সফররত স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডাঃ রোকেয়া সুলতানা এমপি ও আওয়ামীলীগের দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়ার সাথে মতবিনিময় করেছে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ। ২ মে বৃহস্পতিবার নিউইয়র্কের জ্যাকসন হাইটস নবান্ন রেস্টুরেন্ট পার্টি হলে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সভাপতি ড.সিদ্দিকুর রহমান। সাধারন সম্পাদক আব্দুস সামাদ আজাদের পরিচালনায় প্রধান অতিথির ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামীলীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডাঃ রোকেয়া সুলতানা এমপি, প্রধান বক্তা

ছিলেন আওয়ামীলীগের দপ্তর সম্পাদক ও প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া।

কোরআন তেলওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয় পরে বাংলাদেশের জাতীয় সংগীত বাজানো হয় এবং সকল শহীদদের স্মরনে এক মিনিট দাড়িয়ে নীরবতা পালন করা হয়। অনুষ্ঠানস্থল নিউইয়র্ক মহানগর আওয়ামীলীগ, নিউইয়র্ক স্টেট আওয়ামীলীগ, যুবলীগ, শ্রমিকলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবকলীগ, মহিলা আওয়ামীলীগের নেতা কর্মীদের উপস্থিতে কানায় কানায় পরিপূর্ন হয়ে উঠে মতবিনিময় সভাটি।

সভার শুরুর প্রাক্কালে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের অপর অংশের নেতৃবৃন্দরা মতবিনিময় সভায় উপস্থিত হলে সাময়িক টানটান উত্তেজনা বিরাজ করে। যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সভাপতি ড.সিদ্দিকুর রহমানের বুদ্ধিমত্তায় পুরো অনুষ্ঠান শান্তিপুর্ন ভাবে শেষ হয়।অনুষ্ঠানে শুধু স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডাঃ রোকেয়া সুলতানা ও ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া বক্তব্য রাখেন।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেলস ট্যাক্স
★ বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
•Emirates •Qatar Airways •Etihad Airways •Turkish Airlines •Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে
প্রতি ঘন্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং
আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

LEGAL NETWORK INTERNATIONAL, LLC
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ইমিগ্রেশন/ এসাইলাম সেন্টার: গ্রিন কার্ড ও নাগরিকত্ব

অর্ধ শতাধিক ATTORNEY এবং CPA দের সমন্বয়ে গড়া
ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.
৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫,৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

মুগ্ধতা ছড়ালো এনবিসিএস’র ‘বৈশাখী আড্ডা’

জলি আহমেদ

বৈশাখ মানেই নতুন বছর। বৈশাখ মানেই মেলা, উৎসব-পার্বণে শামিল হওয়া। পুরোনোকে বিদায় জানানো। আর এই উৎসব যে শুধু বাংলাদেশেই সীমাবদ্ধ তা কিন্তু নয়। প্রবাসে থেকেও বাঙালিরা বৈশাখ উদযাপন করেন। এরই ধারাবাহিকতায় সুদূর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বৈশাখী আড্ডায় মেতেছিলেন বাঙালিরা।

৫ মে রোববার নিউইয়র্কের আগ্রা প্যালেসে ‘বৈশাখী আড্ডা’র আয়োজন করে নিউইয়র্ক সিটি বাংলাদেশি সিভিল সার্ভিস সোসাইটি (এনবিসিএস)। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন এস এম নাজমুল হাসান ডেপুটি কান্সল জেনারেল! এ আড্ডায় প্রবাসী বাংলাদেশিরা পরিবারসহ উপস্থিত হন। নারীরা পড়েন রঙ বেরঙের শাড়ি। ছেলেরা পরেন পাঞ্জাবি। শিশুরাও বাঙালি সাজে উপস্থিত হয়। এ যেন সুদূর আমেরিকায় ছোট্ট এক বাংলাদেশ।

‘বৈশাখী আড্ডা’য় সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা আয়োজন ছিল। একই সঙ্গে ছিল বাঙালি নানা খাবার। পুরো অনুষ্ঠানস্থল সাজানো হয় বৈশাখী ঢঙ্গে। এমন আয়োজনে বড়দের সঙ্গে বাচ্চারা অংশ নিয়ে অনেক খুশি।

সবচেয়ে বেশি উপভোগ্য হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। পুরো অনুষ্ঠানেই তুলে ধরা হয় বাংলাদেশের জনপ্রিয় বেশ কয়েকটি গান। কৃষ্ণা তিথীসহ অনেকেই গান পরিবেশন করেন। গান ছাড়াও নাচ ও কবিতা আবৃতি করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে মূলত পারফর্ম করেন এনবিসিএসের সদস্যরা। প্রত্যেকটি পারফর্ম ছিল স্মরণ রাখার মতো।

এনবিসিএসের সভাপতি ডা. নাফিসুর রহমান বলেন, ‘আমরা প্রবাসে আছি। দেশ থেকে অনেক দূরে থাকি। কিন্তু তারপরও লালা-সবুজকে ধারণ করি। আমরা যেখানেই যাই বাংলা সাংস্কৃতিককে ধারণ করার চেষ্টা করি। প্রবাসের মাটিতে বেড়ে ওঠা শিশু-কিশোরদের বাংলাদেশের নিজস্ব কৃষ্টি কালচার ও উৎসবের সঙ্গে পরিচিতি এবং যুক্ত থাকার উদ্দেশ্যে এই আয়োজন।’

বৈশাখী আড্ডার আহবায়ক হিসেবে ছিলেন আরিফ আহমেদ অর্ণব। আর সদস্য ছিলেন ফাতেমা খান, মো. শানু, মাহবুব এম কবির, মো. শফিকুল ইসলাম, সায়েদা হাবীব, একেএম শামসুজ্জামান পিন্টু, মনজুর কাদের, আনোয়ার পারভেজ, সোহেল আহমেদ ও সেলিনা শারমিন।

বড় অপরাধ

শেষ পৃষ্ঠার পর

ছিলো ৩ চলতি বছর তা বেড়ে হয়েছে ৬। এছাড়া খুনের ঘটনা ৩৩ থেকে কমে ২৩ এবং চুরি ১ হাজার ১২২ থেকে কমে ১ হাজার ৩ এ নেমেছে। এছাড়া অটো চুরি ১ হাজার ২৭৩ থেকে কমে হয়েছে ১ হাজার ১৩৪ এবং গ্র্যান্ড লর্সেনি ৪ হাজার ৫১ থেকে কমে হয়েছে ৩ হাজার ৭৭২।

এদিকে গুলির ঘটনা ৭০ থকে ৬০ এবং পরিবহন সংক্রান্ত অপরাধ ১৭৪ থেকে ১৩৪ এ নামলো। এনওয়াইপিডি’র তথ্য মতে, ছিনতাইয়ের ঘটনা আগের বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। এর সংখ্যা ১ হাজার ২৩৭ থেকে বেড়ে ১ হাজার ৩২৬ এ পৌঁছেছে। এছাড়া ধর্ষণের ঘটনা বেড়েছে ৬টি।

তথ্য অনুসারে, শহরটি বছরে ৩৯ শতাংশ ঘৃণামূলক অপরাধের বৃদ্ধি পেয়েছে,যা আগের বছর ছিলো ৪৬ চলতি বছর পৌঁছেছে ৬৪ তে। গত মাসে এনওয়াইপিডি ৩২টি ইহুদি বিরোধী ঘটনা শনাক্ত করে যা গত বছরের এপ্রিলে ১৬টি ছিল৷

কর্মকর্তারা বলছেন, প্রশাসনের দক্ষতা এবং অতিরিক্ত পুলিশ মোতায়নের কারণে অপরাধ কিছুটা কমেছে। তবে কেউ কেউ আইনের ফাঁক ফোকর বন্ধ না হলে শহরের পরিবেশ স্থিতিশীল রাখা কষ্টসাধ্য হবে বলেও মন্তব্য করেছেন।

ব্রুকলিন পথমেলা মেলা

শেষ পৃষ্ঠার পর

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বীর মুক্তিযোদ্ধা ও রাজনৈতিক বিশ্লেষক ব্যবসায়ী আবু জাফর মাহমুদ। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত থাকবেন পেনডামিক হিরো ডা. হামিদুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জেবিবিএ সভাপতি গিয়াস আহমেদ, কমিউনিটি এক্টিভিষ্ট মোহাম্মদ হানিফ এবং এটর্নী মঈন চৌধুরী।

এই পথমেলার চেয়ারম্যান হিসেবে রয়েছেন, সৈয়দ এস এম রেজা, প্রধান উপদেষ্টা এটর্নী মঈন চৌধুরী, চীফ কো-অর্ডিনেটর নুরুল আজিম, কো-চেয়ারম্যান আবছার উদ্দিন, উপদেষ্টা মনির আহমেদ, কামাল হোসেন মিঠু, কো-অর্ডিনেটর আহসান হাবিব, যুগ্ম সাংস্কৃতিক চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, ইকবাল হায়দার, সাংস্কৃতিক চেয়ারম্যান অনিক রাজ এবং সদস্য সচিব ফিরোজ আহমেদ। মেলায় মূল দায়িত্ব পালন করবেন সংগঠনটির সভাপতি কাজী আজম এবং সাধারণ সম্পাদক এস এম ফেরদৌস। মেলায় কোভিট ১৯ হিরো সম্মাননায় ভূষিত হবে কমিউনিটি বিশিষ্ট জনেরা এবং প্রাতিষ্ঠানিক ভাবেও দেয়া হবে সম্মাননা।

মেলা কমিটি র আহ্বায়ক শাহনেওয়াজ বলেছেন, 'আশা করি সুষ্ঠু সুন্দর পরিবেশে উৎসমুখর এই মেলা আয়োজন করতে পারবো। এই মেলার মাধ্যমে একটি চমৎকার মিলনমেলার সৃষ্টি হবে তেমনি ভাবে দেশিয় সংস্কৃতি চর্চার এক অনন্য আয়োজন সবাইকে আন্দোলিত করবে বলে আমাদের বিশ্বাস।'

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ 'সাঈদী' ভক্তকে

শেষ পৃষ্ঠার পর

নতুন কমিটির উপ-প্রচার সম্পাদক হিসেবে যুক্ত হয়েছিলেন। দলীয় নেতাকর্মী ও সাধারণ জনগনের অভিযোগের ভিত্তিতে ৪মে শনিবার যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ খান শওকতকে দল থেকে আপাত বহিষ্কার করেছে।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি সিদ্দিকুর রহমান বলেন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতা কর্মীদের অভিযোগ ছিল, খান শওকত জামাত এবং বিএনপি ঘেষা সাম্প্রদায়িক মানুষ। তার বিরুদ্ধে অভিযোগ আছে তিনি পহেলা বৈশাখ সম্পর্কে সাম্প্রদায়িকতার কথা ছড়িয়েছেন। গণমাধ্যম কর্মীর তথ্যের ভিত্তিতে তাকে উপপ্রচার সম্পাদক পদ হতে অব্যাহতি দিয়েছি।

বহিষ্কৃত খান শওকত বলেন, আমি নোংরা রাজনীতির শিকার। আমার সঙ্গে ঈর্ষাবসত এ কাজ করা হয়েছে। গত পয়লা বৈশাখে আমি আয়োজক এবং অভিবাসীদের বলেছি পহেলা বৈশাখ উদযাপন না করতে। আমি কাউকে জোর করিনি অনুষ্ঠানে না যেতে। আমি মুসলমানদেরকে পহেলা বৈশাখ সম্পর্কে সচেতন করতে চেয়েছি। হিন্দুয়ানি সংস্কৃতি মুসলমানদের পালন করা উচিত নয় বলে জানিয়েছি। আমি সাম্প্রদায়িকতা করলাম কিভাবে?

কমিউনিটি এক্টিভিস্ট ও লেখক মাহবুব রহমান বলেন,

খান শওকত এ বছর পহেলা বৈশাখের আগে পয়লা বৈশাখ বিরোধিতা করে ফেসবুকে এবং মানুষকে কল করে সার্বজনীন এ উৎসব সম্পর্কে নেতিবাচক প্রচারণা চালিয়েছেন। আমার পোস্টে এক মন্তব্যে তার সাম্প্রদায়িক এবং বাংলা সংস্কৃতি বিরোধী মনোভাবের বহিপ্রকাশ ঘঠেছিল। গত বছর নিউইয়র্কে পহেলা বৈশাখের অনুষ্ঠান ঠিক তারিখে হওয়ার বিরোধীতা করেন এই ব্যক্তি।

যুক্তরাষ্ট্র আওয়ামিলীগ থেকে বহিস্কৃত হয়েছেন খান শওকত! যুক্তরাষ্ট্র আওয়ামিলীগের এমন সিদ্ধান্তকে সাধুবাদ জানাই।

অপু-জেসমিন দম্পতিকে নিয়ে আড্ডা

শেষ পৃষ্ঠার পর

নারী অধিকার বোধ লুকিয়ে আছে'।

তিনি সবাইকে বলেন, নিজের আত্মসম্মানবোধকে আগে বুঝতে এবং শিখতে হবে। প্রথম আলো উত্তর আমেরিকার নারী কর্মীদের ভূয়ষি প্রশংসা করেন তিনি। এই প্রবাসে মেয়েরা সমস্ত কাজ নিজের হাতে করে আবার নিজেদেরকে লেখায় নিয়মিত রাখছেন সেটা তার কাছে খুবই প্রশংসার একটা বিষয় বলে তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানের এক পর্যায়ে সবার অনুরোধ ছিল অপু চৌধুরী যেন নুরুল দিনের সারা জীবন থেকে পাঠ করে শোনান। কারণ ঢাকার মঞ্চে তিনি দীর্ঘদিন নুরুল দিনের সারা জীবন মঞ্চ নাটকে অভিনয় করেছেন।

অপু চৌধুরী যখন তার ভরাট কণ্ঠে পাঠ শুরু করেন তখন যেন সেই কক্ষের ভেতরে তিন পতন নিস্তব্ধতা বিরাজ করছিল। অপু চৌধুরী আবারো প্রমাণ করলেন উনি যথার্থই একজন মঞ্চাভিনেতা। এদিনের অনুষ্ঠান আলোকিত হয়েছিল কয়েকজন মুক্তিযোদ্ধার উপস্থিতি। বীর মুক্তিযোদ্ধা ফেরদৌস নাজমী , বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুর রাজ্জাক এবং বীর মুক্তিযোদ্ধা শেখ আখতার উল ইসলাম উপস্থিত ছিলেন সবার সাথে।প্রথম আলো উত্তর আমেরিকার যেকোনো আয়োজনে বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিশেষ সম্মাননা জানানো হয়। এবারেও এর ব্যতিক্রম হয়নি।

অনুষ্ঠানের শেষের দিকে প্রথম আলো পরিবারের জাকির হোসেন গান গেয়ে সবাইকে মুগ্ধ করেন।

চা চক্রে ছিল প্রথম আলো উত্তর আমেরিকার মহিলা সাংবাদিকদের তৈরি করা উপাদেও সব খাবার।

এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এক ঝাঁক নারী কর্মী ও লেখক। অন্যান্যের মধ্যে শেলী জামান খান, রোকেয়া দীপা, ফরিদা ইয়াসমীন, মনিজা রহমান, রাওশন হক, রাজিয়া নাজমী, শাহানা বেগম, ভায়লা সালিনা, জাকির হোসেন, আবুল কাশেম তোহা, জেবুন নাহার বেলা, মিয়া এম আছকির, মোহাম্মদ আব্দুল কাইয়ুম, ধনঞ্জয় সাহা, মৌ মধুবন্তী, আইরিন রহমান,রওশন জাহান, হায়দার আকবর কিরণ, আজাদ উদ্দিন প্রমূখের উপস্থিতি এবং কথামালায় আদা আয়োজন আনন্দময় হয়ে উঠেছিল।

জ্বালানি উপদেষ্টার মন্তব্য

ডলার সংকটের জন্য বিদেশিরা দায়ী

ঢাকা অফিস

বাংলাদেশের ডলার সংকটের জন্য বিদেশিরা দায়ী বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদবিষয়ক উপদেষ্টা ড. তৌফিক ই ইলাহী চৌধুরী। আজ বৃহস্পতিবার রাজধানীর কারওয়ানবাজারে পেট্রোসেন্টারে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) আয়োজিত সেমিনারে এ মন্তব্য করেন তিনি।

‘টেকসই উন্নয়নের জন্য জিওলজি’ শীর্ষক দুই দিনব্যাপী সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জিএসবির মহাপরিচালক তাহমিনা ইয়াসমিন।

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ড. তৌফিক ই ইলাহী চৌধুরী বলেন, ‘পশ্চিমারা যুদ্ধবিগ্রহ শুরু করে এখন এসে বুদ্ধি দিচ্ছেন কীভাবে অর্থনীতি চালাতে হবে। ওয়াশিংটন থেকে এসে বুদ্ধি দেয়, অনেক সময় গ্রহণ করতে হয়। সাংবাদিকদের প্রতি অনুরোধ, তাঁরা যেন প্রকৃত কারণ তুলে ধরেন।’

সেমিনারে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, ‘আজকে বিশ্বে যারা উন্নত হয়েছে, সবাই খনিজ সম্পদের ওপর নির্ভর করে। আমাদের যতটুকু সম্পদ রয়েছে, তার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।

জো বাইডেনের হুমকি উপেক্ষা করে রাফায় ইসরাইলের সৈন্য সমাবেশ

উত্তর আমেরিকা ডেস্ক

বাইডেনের হুমকিকে বুড়ো আঙুল দেখিয়ে গাজার রাফাহ সীমান্তে ইসরাইল সৈন্য সমাবেশ ও রাতভর গোলা নিক্ষেপ করেছে। দক্ষিণ গাজার রাফাহ শহরের লোকেরা বলছেন, ইসরায়েলি গোলাবর্ষণ অব্যাহত রয়েছে, তাঁবু গাড়া অঞ্চলগুলোর কাছে সাঁজোয়া ট্যাঙ্ক অবস্থান নিয়েছে। ব্রিটিশ সংবাদদমাধ্যম বিবিসি এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ফিলিস্তিনি শরণার্থীদের জন্য জাতিসংঘের সংস্থা অনুযায়ী, গত সোমবার থেকে এ পর্যন্ত ৮০ হাজার মানুষ এলাকা ছেড়েছে। ইসরায়েল বাসিন্দাদের সরে নির্দেশ দিচ্ছে, যদিও তাঁদের যাবার মতো কোনো নিরাপদ জায়গা নেই। রাফার বেসামারিক নাগরিকেরা পালিয়ে দক্ষিণ গাজার ইউরোপিয়ান হাসপাতালে আশ্রয় নেওয়ার চেষ্টা করছেন। এদিকে গতকাল বুধবার রাতে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন বলেন, রাফাতে বড় ধরনের হামলার জন্য যুক্তরাষ্ট্র ইসরায়েলকে অস্ত্র সরবরাহ করবে না।

বাইডেন বলেন, ‘ইসরায়েলি সৈন্যরা যদি ঘনবসতিপূর্ণ রাফাহ শহরে প্রবেশ করে, তাহলে আমরা অস্ত্র এবং কামানের গোলা সরবরাহ করব না।’

ইসরাইলের উগ্র-ডানপন্থী মন্ত্রী ইতামার বেন-গভির যুক্তরাষ্ট্রের এই পদক্ষেপের নিন্দা করে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) লিখেছেন, ‘হামাস বাইডেনকে ভালোবাসে।’ এদিকে যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রী লর্ড ক্যামেরন বলেছেন, সাধারণ জনগণের সুরক্ষার স্পষ্ট পরিকল্পনা ছাড়া’ যুক্তরাজ্য রাফাতে ইসরায়েলের আক্রমণকে সমর্থন করবে না।

লর্ড ক্যামেরন বলেন, ‘আমরা এমন কোনো পরিকল্পনা দেখিনি। তাই এমন পরিস্থিতিতে আমরা কোনোভাবেই রাফাতে বড় কোনো অভিযান পরিচালনার পক্ষে সমর্থন দেব না।’

এর আগে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন হুঁশিয়ারি দিয়ে বলেন, ইসরায়েল যদি ফিলিস্তিনের গাজার দক্ষিণাঞ্চলীয় শহর রাফায় বড় ধরনের অভিযান চালায়, তাহলে তিনি দেশটিকে (ইসরায়েল) মার্কিন অস্ত্র সরবরাহ বন্ধ করে দেবেন। মার্কিন সংবাদমাধ্যম সিএনএনকে গতকাল বুধবার দেওয়া এক সাক্ষাৎকারে বাইডেন মিত্র ইসরায়েলকে এই হুঁশিয়ারি দেন।

সাত মাস আগে গাজা যুদ্ধ শুরু হয়। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় বুধবার জানায়, গত ৭ অক্টোবর থেকে ইসরায়েলি বাহিনীর হামলায় এ পর্যন্ত ৩৪ হাজার ৮৪৪ জন নিহত হয়েছেন।

মার্কিন কর্মকর্তারা ব্যক্তিগত আলাপচারিতায় বলেছেন, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু স্পষ্ট করে দিয়েছেন যে তিনি রাফায় অভিযানের ব্যাপারে এগিয়ে যাবেন। এ পরিস্থিতিতে বাইডেন কঠোর অবস্থান নিতে বাধ্য হলেন।

হবিগঞ্জে সিরিয়াল নিয়ে সংঘর্ষে

শেষ পৃষ্ঠার পর

কাদির মিয়ার। পরে এ ঘটনার জের ধরে দুইপক্ষ দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। প্রায় দুই ঘণ্টাব্যাপী সংঘর্ষে উভয় পক্ষের প্রায় অর্ধশতাধিক লোক আহত হয়েছে।

তন্মধ্যে গুরুতর আহত আগুয়া গ্রামের সিএনজি অটোরিকশার ড্রাইভার কাদির মিয়া, সিরাজ মিয়া এবং লিলু মিয়াকে হবিগঞ্জ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। পরে হবিগঞ্জ থেকে আহত আনু মিয়াকে উন্নত চিকিৎসার জন্য সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মৃত্যু বরণ করেন। ঘটনার খবর পেয়ে বানিয়াচং থানা পুলিশ, হবিগঞ্জ পুলিশ লাইনের রিজার্ভ পুলিশসহ বিশাল সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য সেখানে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। সংঘর্ষে আহতদের হবিগঞ্জ ২৫০ শয্যা জেলা সদর হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

এ বিষয়ে বানিয়াচং থানার এসআই অমিতাভ ৪ জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন এবং সংঘর্ষ পরবর্তী ঘটনা এড়াতে বিপুল সংখ্যক পুলিশ সেখানে উপস্থিত রয়েছে বলেও জানান তিনি।

বানিয়াচং থানার ওসি দেলোয়ার হোসেন বলেন, আগুয়া বাজারে অটোরিকশার স্ট্যান্ডের নিয়ন্ত্রণ নিয়ে ম্যানেজার বদির মিয়া ও স্থানীয় ইউপি সদস্য সোহেল মিয়ার মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। এর জেরে সংঘর্ষের ঘটনা ঘটেছে।

রোজারিও হত্যার প্রতিবাদে আন্দোলন

শেষ পৃষ্ঠার পর

দেখা যায়। নিকটস্থ জামাইকা হাসপাতালে নেয়ার পর তাকে মৃত ঘোষণা করা হয়।

এ ঘটনার পরপরই বাংলাদেশি জনসমাজ, ড্রামসহ সহ বিভিন্ন ব্যক্তি ও সংগঠন প্রতিবাদ জানাতে থাকে। এমন নিষ্ঠুর হত্যাকাণ্ডের পর যেভাবে কমিউনিটি ফুঁসে উঠার কথা ছিল তা হয়নি। শুরু থেকেই এ ঘটনা নিয়ে প্রথম আলো উত্তর আমেরিকা সহ নিউইয়র্কের বাংলা সংবাদমাধ্যম পুলিশের এমন নৃশংস আচরণ নিয়ে সংবাদ করে আসছিল।

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমসের উদ্যোগে ৩ মে শুক্রবার ঘটনার পুলিশ বডি ক্যামেরার ফুটেজ প্রকাশ করা হয়েছে। জানানো হয়েছে, ঘটনার সাথে জড়িত পুলিশদের নিয়মিত দায়িত্ব থেকে সরিয়ে বিকল্প দায়িত্ব দেয়া হয়েছে। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এসব পুলিশ সদস্য কোন আগ্নেয়াস্ত্র বহন করতে পারবেন না।

বডি ক্যামেরার ভিডিও প্রকাশের পর উইন রোজারিওর পরিবারের পক্ষ থেকে তাঁর বাবা, মা এবং পারিবারিক সদস্যদের পক্ষ থেকে প্রতিক্রিয়ায় জানানো হয়েছে। বিবৃতিতে তারা বলেছেন, ভিডিও থেকে আবারও দেখা যাচ্ছে পুলিশ উসকানিমূলক পরিস্থিতির সৃষ্টি করে ঠান্ডা মাথায় উইন রোজারিওকে হত্যা করেছে। সন্তানহারা পরিবারের সদস্যরা বিবৃতিতে উইন রোজারিওকে হারানোর বেদনা বহন করে চলার কথা উল্লেখ করেছেন। ন্যায় বিচার নিশ্চিত করার জন্য দায়ী পুলিশদের শাস্তি দাবি করেছেন তারা।

জাস্টিস কমিটি নামের নাগরিক সংগঠনের পরিচালক লোয়েডা কলন বলেছেন, এ ঘটনা আবারও মনে করইয়ে দিচ্ছে সিটির ৯১১ কল পাওয়ার পর ঘটনাস্থলে যাওয়া পুলিশদের মানসিক সমস্যা নিয়ে কাজ করার সঠিক প্রশিক্ষণ নেই।

নিউইয়র্ক সিটি পুলিশ থেকে জানানো হয়েছে, তারা প্রতিবছর ১ লাখ ৫৫ হাজার ৯১১ কল পেয়ে থাকেন। এসব কলের জের ধরে ১ শতাংশের নিচে পুলিশকে আগ্নেয়াস্ত্র ব্যবহার করতে হয়। উইন রোজারিওর মৃত্যু ঘটনা নিয়ে নিউইয়র্ক পুলিশ তাদের বিভাগীয় তদন্ত অব্যাহত রেখেছে। অ্যাটর্নি জেনারেল অফিসের পক্ষ থেকেও এ নিয়ে তদন্ত পরিচালিত হচ্ছে। দায়ী পাওয়া গেলে পুলিশের বিরুদ্ধে আইনগত পদক্ষেপ নেয়া হবে বলে জানানো হয়েছে।

এদিকে এ নিয়ে বাংলাদেশি জনসমাজকে নতুন করে নড়েচড়ে উঠতে দেখা গেছে। নিউইয়র্ক ভিত্তিক অনলাইন টিভি টাইম টেলিভিশনে এ নিয়ে আলোচনায় বিষয়টি নিয়ে আন্দোলনে নামার ঘোষণা দেয়া হয়েছে। সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজুমল আহসান, টাইম টিভির সিইও আবু তাহের, প্রথম আলো উত্তর আমেরিকা সম্পাদক ইব্রাহীম চৌধুরী, ড্রামের সংগঠক কাজী ফৌজিয়া, নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটির নেতা মোহাম্মদ আলী, নাগরিক সংগঠক আল আমীন রাসেল বলেছেন, দ্রুতই বাংলাদেশি জনসমাজকে নিয়ে রাজপথে বিক্ষোভ করা হবে। দল, সংগঠন নয়, পুলিশের নিষ্ঠুর হত্যাকাণ্ডের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে জনসমাজকে মাঠে নামার আহ্বান জানানো হয়েছে। ঘটনাটিকে স্পষ্ট হত্যাকাণ্ড উল্লেখ করে তারা এ নিয়ে সোচ্চার হওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। এরমধ্যেই জনসংযোগ শুরু হয়েছে। ড্রামের সংগঠক কাজী ফৌজিয়া জানিয়েছেন, ৮ মে বুধবার সিটি হলের সমানে সংবাদ সম্মেলন ও সমাবেশ করা হবে। সকাল ১১টায় এ সংবাদ সম্মেলন এবং সমাবেশে যোগ দেয়ার জন্য তিনি সকল বাংলাদেশিদের প্রতি আহ্বান জানিয়েছেন।

মুক্ত গণমাধ্যম সূচকে বাংলাদেশের অবনতি ও প্রাসঙ্গিক কথা

ইমরান ইমন

গণমাধ্যম হলো মানবসভ্যতার প্রতিচ্ছবি। আমাদের প্রাত্যহিক জীবনে ঘটে যাওয়া ঘটনাগুলোর চিত্র ধারণ করে সভ্যতার বুকে স্বাক্ষর রেখে চলে গণমাধ্যম। গণমাধ্যমকে রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ বলে অভিহিত করা হয়। গণতন্ত্র ও গণমাধ্যম শব্দ দুটির মধ্যে 'গণ' বা জনগণের অংশগ্রহণ বুৎপত্তিগতভাবেই নিবিড়ভাবে সম্পৃক্ত হয়ে আছে। আবার গণতন্ত্রের সঙ্গে গণমাধ্যমের এক ধরনের সমান্তরাল মিথষ্ক্রিয়াও কার্যকর।

অর্থাৎ, গণতন্ত্রের জন্য যেমন গণমাধ্যম দরকার, তেমনি গণমাধ্যমের আক্ষরিক অর্থে গণমাধ্যম হয়ে ওঠার জন্য দরকার গণতন্ত্রের সঠিক চর্চা।গণমাধ্যমকে একটি রাষ্ট্রের দর্পন বা আয়না স্বরূপ বিবেচনা করা হয়। তাই একটি রাষ্ট্রের উন্নতি,অগ্রগতি ও রাষ্ট্রের মূল লক্ষ্য-উদ্দেশ্য পূরণে গণমাধ্যমের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম।গণমাধ্যম সরকার এবং জনগণের মধ্যে যোগসূত্র স্থাপন করে রাষ্ট্রকে এগিয়ে নিতে সাহায্য করে।

যেকোনো রাষ্ট্রে গণমাধ্যম হবে গণমানুষের সারথিস্বরূপ। অসহায় মানুষের সুখ-দুঃখ, আনন্দ-বেদনা, যন্ত্রণা, হতাশা, দুর্দশা, অধিকার, অসাম্য প্রভৃতি বিষয় তুলে ধরে সমাধানের পথ ত্বরান্বিত করবে গণমাধ্যম। আবার দুর্নীতি, অপরাধ, অনাচার, অবিচার তথা সমাজের নেতিবাচক দিকগুলোর বিরুদ্ধেও হবে সোচ্চার।

আর এ সোচ্চার হওয়ার মধ্য দিয়ে মানুষকে সংশোধনের পথ বাতলে দিয়ে একটি সুন্দর, নৈতিক ও মানবিক পৃথিবী গড়ে তোলাই হবে গণমাধ্যমের অন্যতম লক্ষ্য। একমাত্র স্বাধীন গণমাধ্যমই বা গণমাধ্যমের স্বাধীনতাই এ লক্ষ্য অর্জনে কার্যকর ভূমিকা রাখতে পারে।

কিন্তু গণমাধ্যমের স্বাধীনতার সঙ্গে গণমানুষের অধিকারের সম্পর্ক খুঁজতে গেলে তাকাতে হবে সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রের দিকে। ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত জাতিসংঘ সাধারণ পরিষদে এ ঘোষণা প্রদান করা হয়। এ ঘোষণাপত্রের ১৯তম ধারায় বলা হয়েছে, 'প্রত্যেক মানুষেরই মতামত পোষণ ও মতামত প্রকাশের স্বাধীনতার অধিকার রয়েছে। অবাধে মতামত পোষণ এবং রাষ্ট্রীয় সীমানা নির্বিশেষে যেকোনো মাধ্যমে ভাব ও তথ্য জ্ঞাপন, গ্রহণ ও সন্ধানের স্বাধীনতাও এ অধিকারের অন্তর্ভুক্ত।'

গণমাধ্যমের একটি শক্তিশালী কাঠামো হচ্ছে গণমাধ্যম নির্বাক মানুষের সবাক বন্ধু। গণমাধ্যম শব্দহীনের মুখে শব্দ ফোঁটায়, শক্তিহীনকে শক্তি দান করে। অন্যদিকে অপরাধী, অন্যায়কারী ও দুষ্টুজনের জন্য মূর্তিমান আতঙ্কের ভূমিকায় অবতীর্ণ হওয়া একটি সংশোধনকারী মাধ্যমও। তাই, স্বাধীন বা নিরপেক্ষ গণমাধ্যম মানেই আপামর জনসাধারণের পক্ষে তাদের অব্যক্ত কথাগুলো বলার একটি বড় মাধ্যম। কিন্তু এদেশের গণমাধ্যমের সার্বিক অবস্থার দিকে তাকালে এর উল্টো চিত্রটাই চোখে পড়ে। এখানে বেশিরভাগ গণমাধ্যম গড়ে তোলা হয়েছে নিজেদের ঠাট বজায় রাখার জন্য।

এখন প্রশ্ন হলো 'জাতির বিবেক' খ্যাত এই গণমাধ্যম তার অবস্থান থেকে কতটুকু নিরপেক্ষ বা স্বাধীনভাবে তার দ্বায়িত্ব পালন করছে। বাংলাদেশের গণমাধ্যমসমূহের অবস্থা কেমন? গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে কাজ করা আন্তর্জাতিক সংস্থা "রিপোর্টার্স স্যান্স ফ্রন্টিয়ার্স" বা আরএসএফ এর সম্প্রতি প্রকাশিত ২০২৩-এর রিপোর্টে দেখা গেছে, বিশ্বের ১৮০টি দেশের মধ্যে গণমাধ্যমের স্বাধীনতা সূচকে বাংলাদেশের অবস্থান বর্তমানে ১৬৩তম স্থানে- যা এর আগের বছর ছিল ১৬২তম স্থানে। যেটি দক্ষিণ এশিয়ায় সবার নিচে। অর্থাৎ, মুক্ত গণমাধ্যম সূচকে একধাপ পিছিয়ে বাংলাদেশের অবনতি ঘটেছে। বিশ্বের বিভিন্ন দেশে গণমাধ্যম কতটা স্বাধীনভাবে কাজ করতে পারছে, তার ভিত্তিতে ২০০২ সাল থেকে আরএসএফ এই সূচক প্রকাশ করে আসছে। ২০০২ সালে বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে বাংলাদেশের অবস্থান ছিল ১১৮তম। আর এবছর ১৬৩তম স্থানে। অর্থাৎ, মুক্ত গণমাধ্যম সূচকে গত ২১ বছরে ৪৫ ধাপ পিছিয়েছে বাংলাদেশ, যা একটি দেশের গণমাধ্যম সোসাইটির জন্য হুমকিস্বরূপ।

এ সম্পর্কে ভয়েস অব আমেরিকার এক রিপোর্টে বলা হয়েছে, দুর্নীতিবিরোধী আন্তর্জাতিক সংস্থা টিআইবি, বাংলাদেশের মানবাধিকার সংগঠন আইন ও শালিস কেন্দ্রসহ অনেক সংস্থাই বাংলাদেশের গণমাধ্যমের স্বাধীনতার নিম্নধারার পরিস্থিতিতে বিভিন্ন সময় উদ্বেগ প্রকাশ করেছে।

তাছাড়া আমরা যদি বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটের দিকে তাকাই তাহলে এটা প্রতীয়মান হবে যে, বিশ্বব্যাপী গণমাধ্যমের স্বাধীনতা আজ চরম হুমকির মুখে।

সংবাদকর্মীদের ওপর হামলা সারা বিশ্বে বিভিন্ন সময়ে বিশেষ করে বর্তমানে এতটাই নিত্য নতুন হয়ে উঠেছে যে, অনেকেই সাংবাদিকদের ওপর এমন নিপীড়ণকে অভিহিত করছেন 'নিউ নরমাল' হিসেবে। ডয়চে ভেলে ও দি টেলিগ্রাফের পৃথক দুটি প্রতিবেদনে বর্তমান সময়টাকে সাংবাদিকদের জন্য সবচেয়ে ঝুঁকিপূর্ণ বলে আখ্যায়িত করা হয়েছে।

বিশ্ব নেতা ও গণতন্ত্রের রক্ষাকবচ দাবিদার যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গণমাধ্যম নিয়ে বেশ কয়েকবার টুইটারে আক্রমণাত্মক মন্তব্য করেছেন। রোহিঙ্গা নির্যাতন নিয়ে প্রতিবেদন করায় মিয়ানমারের দুই সাংবাদিককে সাত বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। সবচেয়ে বেশি নির্মম ও জঘন্যতম ঘটনা ছিল, সৌদি দূতাবাসের ভেতরে সাংবাদিক জামাল খাশোগি হত্যাকাণ্ড। এ হত্যাকাণ্ডের নেপথ্যে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতার অভিযোগ উঠেছে। সারাবিশ্বে এ নিয়ে আলোচনা-সমালোচনার রেশ না কাটতেই গ্রেফতার হলেন জুলিয়ান অ্যাসাঞ্জ। ফলে সারাবিশ্বে মুক্তিকামী মানুষের মধ্যে বিরাজমান উৎকণ্ঠাকে আরও বাড়িয়ে দিয়েছে। এ ছাড়া আফগানিস্তান, সিরিয়াসহ বিভিন্ন দেশে অনেক সাংবাদিক হত্যার শিকার হয়েছেন।

তাছাড়া চীনের উহান নগরী থেকে মহামারি করোনা ভাইরাসের ছড়িয়ে পড়ার ভিডিওসহ সত্য সংবাদ প্রকাশ করায় তিনজন সাংবাদিককে নিখোঁজ করে ফেলা হয়। যাদের এখনো কোনো খবর পাওয়া যায়নি।

আমাদের দেশেও সাংবাদিকরা, সংবাদপত্রশিল্প বিভিন্ন সময় বিভিন্ন মহলের দ্বারা অত্যাচারিত-নির্যাতিত হয়ে আসছে। কখনো সাংবাদিক নিখোঁজ, কখনো পত্রিকা বন্ধ করে দেওয়া এগুলো নিত্য ব্যাপার। সাংবাদিক সাগর-রুনি হত্যাসহ সাংবাদিক নির্যাতনের আরো অনেক ঘটনা রয়েছে এবং প্রতিনিয়ত ঘটছে যেসব বলে শেষ করা যাবে না। সাম্প্রতিক সময়ে সংবাদ প্রকাশের জেরে প্রথম আলোর সাংবাদিককে রাতের আঁধারে বাসা থেকে তুলে নেওয়ার ঘটনায় বিশ্বমিডিয়ায় বাংলাদেশ ও বাংলাদেশে সংবাদপত্রের স্বাধীনতা ছিল আলোচনার কেন্দ্রবিন্দুতে। বাংলাদেশে সংবাদপত্রের জন্য কালাকানুন হিসেবে পরিচিত ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট। এ আইন স্বাধীন ও মুক্ত সাংবাদিকতার পথে বড় বাধা। এ আইন বন্ধে জাতিসংঘ মানবাধিকার সংস্থাসহ বহু আন্তর্জাতিক সংস্থা উদ্বেগ প্রকাশ করেছে।

১৯৯১ সালে ইউনেস্কোর ২৬তম সাধারণ অধিবেশনের সুপারিশ অনুযায়ী ১৯৯৩ সালে জাতিসংঘের সাধারণ সভায় ৩ মে তারিখকে 'ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ডে'র (বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস) স্বীকৃতি দেওয়া হয়। এরপর থেকে প্রতিবছর ৩ মে, 'ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ডে' বা 'বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস' পালিত হয়। এ বছর দিবসটির প্রতিপাদ্য: The Theme of World Press Freedom Day 2024 is "A Press for the Planet: Journalism in the Face of the Environmental Crisis".)। বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে গতবছরের তুলনায় এবছর ১ ধাপ পিছিয়েছে বাংলাদেশ। এ বছর বাংলাদেশের স্কোর ১০০ এর মধ্যে ৩৫ দশমিক ৩১। বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচক তৈরিতে আরএসএফ মূলত ৫টি বিষয় বিবেচনায় নেয়। সেগুলো হলো—রাজনৈতিক প্রেক্ষাপট, আইনি অবকাঠামো, অর্থনৈতিক প্রেক্ষাপট, সামাজিক-সাংস্কৃতিক প্রেক্ষাপট ও নিরাপত্তা।

এসব পরিসংখ্যান বৈশ্বিক প্রেক্ষাপটে বাংলাদেশের গণমাধ্যমের নাজুক পরিস্থিতি তুলে ধরে। সূচকে বাংলাদেশের ভয়ঙ্কর পিছিয়ে পড়ার মূলে রয়েছে ডিজিটাল নিরাপত্তা আইনের অপব্যবহার। মতপ্রকাশের স্বাধীনতার বিরুদ্ধে এই আইনের ব্যবহার চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে। তাছাড়া মুক্ত গণমাধ্যমের জন্য সরকারকে যে দায়িত্ব পালন করতে হয় বিগত ৫৩ বছরে আমাদের দেশের কোনো সরকার সেই দায়িত্ব তেমনভাবে পালন করেনি। ফলে মুক্ত গণমাধ্যম সূচকে বাংলাদেশের অবনতি ঘটছে।

এদেশের অধিকাংশ সংবাদমাধ্যম বা মিডিয়া বিভিন্ন সংবাদ পরিবেশনের বেলায় যে ভূমিকা রাখছে, সেটা গণ্যমাধ্যমের চরিত্রের মধ্যে পড়ে বলে মনে হয় না। এক ধরনের মিডিয়ায় দেশ ভরে যাচ্ছে যারা জণগণের কাছে সংবাদ পরিবেশনের ব্রত বা দায়বদ্ধতা নিয়ে কাজ করছে না। এসব পত্রিকায় প্রাধান্য পায় নিজেদের অপকর্ম ঢাকা, প্রতিপক্ষকে ঘায়েল করা, আক্রমণ পাল্টা আক্রমণ করা। সাম্প্রতিক সময়ে একাধিক ঘটনায় এ ধরনের চরিত্রের প্রাধান্য লক্ষ্য করা গিয়েছে। এসব ঘটনা এদেশের মানুষ একের পর এক মানুষ দেখেই চলেছে।

বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায়, এদেশের সংবাদমাধ্যম বা মিডিয়াগুলোতো জণগণের কাছে সংবাদ পরিবেশনের ব্রত নিয়ে মিডিয়া খুলে নাই। এরা মিডিয়া খুলেছে সেলফ-সেন্সরশিপের জন্য, নিজেদের অপরাধ, অপকর্ম ঢাকতে, প্রতিপক্ষকে ঘায়েল করতে, আক্রমণ পাল্টা আক্রমণ করতে। একসময় শিল্পপতি, জমিদাররা নিজেদের ক্ষমতা ধরে রাখতে বিদেশি কুকুর, সন্ত্রাসী পালতো। আর এখন পালে মিডিয়া আর সাংবাদিক। এদেশে এখন সাংবাদিকতার এমন অবস্থা হয়েছে যে, সাংবাদিক শুনলেই মানুষ এখন গালি দেয়, উপহাস করে। অথচ এককালে সাংবাদিক শব্দটির বেশ মাহাত্ম্য ছিল, সাংবাদিক পরিচয় দিলে মানুষ বিশেষ সম্মান দিতো।

সাম্প্রতিক সময়ে এমন ঘটনা এদেশের মানুষ দেখেই চলছে। আর এ জন্য এদেশের মানুষের গণমাধ্যমের প্রতি আস্থাহীনতা দিনদিন বেড়েই চলছে। যা এদেশের গণমাধ্যমের জন্য অশনিসংকেত। আর এভাবে চলতে থাকলে খুব অল্প সময়ের মাঝেই এদেশের মানুষের গণমাধ্যমের প্রতি আস্থা পুরোপুরি উঠে যাবে। গণমাধ্যমশিল্পের করুণ পরিণতি হবে।

গণমাধ্যম হলো একটা জাতির ফাউন্ডেশন। আর এ ফাউন্ডেশনকে মজবুত রাখতে প্রয়োজন এর নিরপেক্ষতা, সত্য প্রকাশের স্বাধীনতা। সাংবাদিকতা একটি মহান পেশা। আর এ মহান পেশা তখনই মহৎ হয়ে উঠবে যখন একজন সাংবাদিকের হলুদ সাংবাদিকতা পরিহার করে সত্য বলার, সঠিক চিত্র তুলে ধরার ক্ষমতা থাকবে। গণমাধ্যম ও সাংবাদিকের মূল বৈশিষ্ট্য হলো নীতি ও নৈতিকতা। গণমাধ্যম ও সাংবাদিককে তার নীতি ও নৈতিকতার প্রশ্নে সবসময় অটল থাকতে হবে।

আমরা আশা করি, গণমাধ্যমগুলো সংবাদ ও সাংবাদিকতার সকল নিয়মনীতি মেনে দল-মত, ধর্ম-বর্ণ নির্বিশেষে সবধরনের ব্যক্তি ও গোষ্ঠীস্বার্থের উর্ধ্বে থেকে ব্যক্তি,সমাজ, রাষ্ট্রের সঠিক ও সত্যচিত্র তুলে ধরে গণমাধ্যমের প্রকৃত উদ্দেশ্য পূরণে সফল হবে এবং তাদের সে স্বাধীনতা নিশ্চিত করতে হবে। নিশ্চিত করতে হবে সাংবাদিকদের সার্বিক নিরাপত্তা।

এটা বলার অপেক্ষা রাখে না যে, গণমাধ্যম একটি রাষ্ট্রের শান্তি প্রতিষ্ঠা, ন্যায় বিচার, টেকসই উন্নয়ন ও মানবাধিকার রক্ষার এক অবিচ্ছেদ্য সহায়ক অংশীদার। গণমাধ্যমের স্বাধীনতা, নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন ব্যতীত একটি সমাজ বা রাষ্ট্রের সুষম উন্নয়ন কখনোই সম্ভব নয়। তাই গণমাধ্যমের স্বাধীনতা, নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা নিশ্চিতকরণে সবাইকে একযোগে কাজ করতে হবে। সোচ্চার হতে হবে হলুদ সাংবাদিকতা ও দালাল মিডিয়ার বিরুদ্ধে। গণমাধ্যম হোক দালাল, চাটুকার, দাসসুলভ, লোভী ও মেরুদন্ডহীন গণমাধ্যমকর্মীমুক্ত—এটাই প্রত্যাশা।

বাঙালির আত্মপরিচয় ও সংস্কৃতির সংকট

শেখর ভট্টাচার্য

বাঙালির আত্মপরিচয় নিয়ে বিভ্রান্তির বিষয়টিকে সুনির্দিষ্ট ভাবে একটি সংকট হিসেবে সর্বপ্রথম যিনি গুরুত্ব দিয়ে চিহ্নিত ও উপস্থাপন করেন তিনি হলেন বদরুদ্দীন উমর। উমরের রাজনৈতিক মতাদর্শ নিয়ে আপনি সহমত পোষন না'ও করতে পারেন, তবে তার গবেষণার নির্মোহ চরিত্রের সমালোচনা করা সহজ কাজ নয়। পাকিস্তানোত্তর পূর্ববাংলার সাংস্কৃতিক সংকট নিয়ে একজন ধ্রুপদ গবেষক হিসেবে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে তিনি তার বক্তব্যকে উপস্থাপন করার চেষ্টা করে গেছেন। এ'ক্ষেত্রে তিনি এতোই নির্মোহ ছিলেন যে একটি গ্রহণ যোগ্য সিদ্ধান্তে পৌঁছানোর জন্য ভিন্নমতের মানুষের সত্য ভাষণকে নির্বিবাদে গবেষণায় যুক্ত করতে ক্ষুদ্রতার পরিচয় দেননি।

২২ ফেব্রুয়ারি ২০২৪ সালে দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত তার সাক্ষাৎকার থেকে জানতে পারি তিনি কী ভাবে ভাষা আন্দোলন নিয়ে বাংলা ভাষায় সবচেয়ে নির্ভরযোগ্য ও আকর গ্রন্থ "পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি" বইটিতে চাক্ষুষ ও নির্ভরযোগ্য সূত্রের তথ্য ব্যবহার করেছিলেন। এ'প্রসঙ্গে তার সাক্ষাতকারের একটি ক্ষুদ্র অংশ পাঠ করলেই পাঠক অনুধাবন করতে পারবেন বদরুদ্দীন উমরের গবেষণা ক্ষেত্রে ব্যক্তির থেকে যথাযথ বক্তব্যকে কতোটুকু প্রাধান্য দেয়া হয়েছে। উমরের নির্মোহ দৃষ্টিভঙ্গীর জ্বলন্ত প্রমান আমরা উল্লেখিত সাক্ষাৎকার থেকে পেয়ে যাই। বদরুদ্দীন উমর "পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি" বইটির তথ্য সংগ্রহ প্রসঙ্গে বলেন, "প্রাথমিকভাবে যাঁরা আমাকে গবেষণার কাজে খুব সাহায্য করেছিলেন, তাঁদের মধ্যে কামরুদ্দীন আহমেদ ছিলেন। অলি আহাদের কাছ থেকেও কিছু জিনিস পেয়েছি। তাজউদ্দীন আহমদের কাছ থেকেই নথি ও তথ্য পেয়েছি সবচেয়ে বেশি। তাজউদ্দীনের একটা অভ্যাস ছিল তখনকার দিনের নথিপত্র সংগ্রহ করার। আগেকার দিনে দেখা যেত, একটা লিফলেট বা পাম্পলেট বের হলো, কিন্তু তাতে কোনো তারিখ থাকত না। তাজউদ্দীন সাহেবের অভ্যাস ছিল, তিনি যেদিন লিফলেটটা পেতেন, সেই তারিখ লিখে রাখতেন। তাজউদ্দীনের সঙ্গে আমার আগে থেকেই পরিচয় ছিল। তবু কামরুদ্দীন সাহেবের সঙ্গে তাজউদ্দীনের বাড়িতে গিয়ে আনুষ্ঠানিক ইন্টারভিউ নিয়েছিলাম। তখন তিনি বললেন, 'আমি একটা ডায়েরি লিখেছিলাম, সেই ডায়েরি আপনার কোনো কাজে লাগবে কি না, দেখেন। তাজউদ্দীনের ডায়েরিগুলো ছিল ছোট ছোট। ইংরেজিতে লেখা। সাতচল্লিশ সালে লিখতে আরম্ভ করেছিলেন, ছাপ্পান্ন সাল পর্যন্ত লিখেছিলেন।সেগুলো দেখে আমি বললাম যে এগুলো তো মহামূল্যবান সম্পদ। তাজউদ্দীন বললেন, 'আপনি এগুলো নিয়ে যান, দেখেন আপনার কোনো কাজে আসে কি না। আমি আমার কাজের জন্য বায়ান্ন সাল পর্যন্ত ডায়েরি নিজের কাছে রাখলাম। বাকিটা তাঁকে ফিরিয়ে দিয়ে এলাম।'

এই দীর্ঘ উদ্ধৃতি উপস্থাপনের উদ্দেশ্য হলো একজন গবেষক সত্য অনুসন্ধানে কতোটুকু নির্মোহ হলে সত্য তথ্য সন্নিবেশ করতে ভিন্ন মত ভিন্ন পথের মানুষের ধারণা ও মতামতকে উদার ভাবে গ্রহণ করতে দ্বিধান্বিত হননা কোনভাবেই। এখানে লক্ষণীয় তাজউদ্দীন আহমেদ ছিলেন বাম ঘেষা (মস্কো পন্থী) আওয়ামীলীগ নেতা, কামরুদ্দীন আহমেদ, অলি আহাদ ছিলেন সে সময়ের আওয়ামী লীগের উল্লেখযোগ্য নেতা।

বদরুদ্দীন উমরের গবেষণা প্রক্রিয়া নিয়ে এই দীর্ঘ ভূমিকা দেয়ার উদ্দেশ্য হলো তিনি যে বিষয়টি পাকিস্তানোত্তর পূর্ববাংলায় উত্থাপন করেছিলেন সেই গুরুত্বপূর্ণ বিষয় "সংস্কৃতির সংকট" স্বাধীনতার তিপ্পান্ন বছর পরও জাতীয় জীবনে প্রবলভাবে উপস্থিত। আমাদের শ্রদ্ধেয় বুদ্ধিজীবীরা বিষয়টিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করছেন-না অথবা বিভাজিত সমাজে তারা কোন একটি পক্ষ অবলম্বন করছেন বলে স্বাধীন মতামত ব্যক্ত করতে ভয় পাচ্ছেন।

আত্মপরিচয় নিয়ে আবার যে জাতীয় সংকট তৈরি হয়েছে, তার পুনঃসূচনা পঁচাত্তর পরবর্তী সামরিক সরকারের আমলে। এই সময় সব কিছুর মধ্যেই সাম্প্রদায়িকীকরন করে বুঝিয়ে দেয়া হয় যে পাকিস্তান সৃষ্টি হয়েছিলো যে ধর্মীয় জাতীয়তাবাদকে প্রতিষ্ঠা করার জন্য সেই জাতীয়তাবাদকে আমরা ফিরিয়ে নিয়ে আসার চেষ্টা করা হচ্ছে। সংবিধানের মূল নীতির পরিবর্তন সাধন করে বার্তা দেয়ার চেষ্টা করা হয়, মুক্তিযুদ্ধের মাধ্যমে আধুনিক, প্রগতিমুখী যতো অর্জন আছে সেগুলোকে বর্জন করে আমরা আবার ধর্মভিত্তিক জাতীয়তাবাদ প্রতিষ্ঠার দিকে এগিয়ে যাচ্ছি।

জাতীয়তাবাদী চেতনাকে কোন জাতির অন্তরে আরোপ করা যায়না। জাতীয়তাবাদ জাতীয় সংহতির মাধ্যমে হাজার বছরে ধীরে ধীরে জন্ম নেয়, বিকশিত হয়। নির্দিষ্ট জনগোষ্ঠীর যে মাটিকে আশ্রয় করে বসবাস করে সে মাটি থেকে উত্থিত ভাষা,সংস্কৃতি, ঐতিহ্য থেকে জাগরিত হয় এক ধরণের চেতনার।সেই একাত্মবোধ সংহতির চেতনা হলো জাতীয়তাবোধ। বায়ান্নের পর যখন পূর্ববাংলার বাঙালির মধ্যে সমচেতনা বোধের জন্ম নেয় তখন স্লোগান ওঠে "তোমার আমার ঠিকানা পদ্মা মেঘ্না যমুনা", খুব সহজ স্লোগান কিন্তু বোধের জায়গাটি অত্যন্ত গভীর। মানুষের বোধে, দেয়ালে, চেতনায় জাগ্রত হয় বাঙালি জাতীয়তা;সুকান্তের ভাষায় "বন্ধু তোমার ছাড়ো উদ্বেগ সুতীক্ষ্ণ করো চিত্ত, বাংলার মাটি দুর্জয় ঘাটি বুঝে নিক দুর্বৃত্ত"। শুধু স্লোগান নয় শিল্প, সাহিত্য, সংস্কৃতিতে বাঙালি জাতীয়তাবাদী চেতনার জোয়ার ওঠে।সেই জোয়ার থেকেই মানুষের ভেতরের দেশ প্রেম শানিত হতে থাকে। দেশপ্রেম থকে সৃষ্ট অঙ্গীকারের মাধ্যমেই বাংলাদেশ নামক নুতন রাষ্ট্রের অভ্যুদয় ঘটে।

পাকিস্তান সৃষ্টির পর যে প্রেক্ষাপটে বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনের সূচনা ঘটেছিলো, আমরা মনে হয় সেই প্রেক্ষিত, প্রেক্ষাপট কিছুটা হলেও আবার ফিরে এসেছে।ফিরে না আসলেও সেই আবহ ধীরে ধীরে তৈরি হচ্ছে। যে বীজ বপন করা হয়েছিলো সংবিধান পরিবর্তন করে সে বীজ মহীরুহ না হলেও চারাগাছে রুপান্তরিত হচ্ছে ধীরে ধীরে। বুদ্ধিবৃত্তিক নির্দেশনা দেয়ার মতো দেশপ্রেমিক বুদ্ধিজীবীর অভাব থাকলেও সাধারণ মানুষ তা' টের পাচ্ছেন নানা মাধ্যমে। জাতীয়, আন্তর্জাতিক রাজনৈতিক সংস্কৃতির প্রভাব, পঁচাত্তর পরবর্তী সকল সরকারের পৃষ্টপোষকতায় মানস জগতে একটি পরিবর্তন সাধণ হচ্ছে। চোখ বন্ধ করে অনেকেই প্রলয়কে রোখার চেষ্টা করছেন। সামরিক শাসকদের পৃষ্টপোষকতায় সৃষ্ট রাজনৈতিক দল সমূহই নয় মুক্তিযুদ্ধের সপক্ষ নামধারী দলগুলোও নানা উপায়ে ধর্মকে রাজনীতিতে মিশিয়ে এক উদ্ভট রাজনৈতিক সংস্কৃতির সৃষ্টি করছে। বিকাশমান সেই সংস্কৃতির ফলাফল ও ধারণাকে যারা ধর্মনিরপেক্ষতাকে আদর্শ হিসাবে গ্রহণ করেছেন তাদের কর্মকান্ডেও ইদানীং দৃশ্যমান হচ্ছে।

১৯৬৭ সালের ২৬ অক্টোবর যে বাস্তবতার আলোকে বদরুদ্দীন উমর তার বিখ্যাত "সংস্কৃতির সংকট" গ্রন্থ প্রকাশ করেছিলেন সে প্রেক্ষাপটের সাথে বহমান রাজনৈতিক বাস্তবতার ব্যাপক সাদৃশ্য লক্ষ্য করা যায়। এই সাদৃশ্য মিলিয়ে দেখা যায় "সংস্কৃতির সংকটে"র প্রথম সংস্করনের মুখবন্ধ পাঠ করে। প্রথম সংস্করণের মুখবন্ধে বদরুদ্দীন উমর লিখেছিলেনঃ "আমাদের সংস্কৃতির চরিত্র নিয়ে পূর্ব পাকিস্তানে এখন যে বিতর্কের সূত্রপাত হয়েছে তা দ্বারা একথাই প্রমাণিত হয় যে আমরা এখনও যথাযথভাবে নিজেদের জাতীয় এবং সাংস্কৃতিক পরিচয় নির্ধারণে সমর্থ হইনি। এসব ক্ষেত্রে যে বিভ্রান্তি, নৈরাজ্য এবং হতবুদ্ধিতা আজ পরিলক্ষিত হচ্ছে তার উৎপত্তি আমাদের বহুদিনের কুসংস্কার ও হীনমন্যতার মধ্যে। অন্যান্য দেশের মতো আমাদের দেশেও ধর্মকে ক্ষুদ্র স্বার্থ সাধনের কাজে ব্যবহার করার ব্যাপারটি নোতুন কোন ঘটনা নয়। এই পুরাতন অভ্যাসের জোরে এখন এক শ্রেণীর লোকে সাংস্কৃতিক আলোচনার ক্ষেত্রে ধর্মকে নিয়ে অনেক অবান্তর বিতর্কে অবতীর্ণ হয়েছে। ধর্মের একটি বিশিষ্ট স্থান অনেকের জীবনে আছে এবং সে কারণে তাঁদের ব্যক্তিগত জীবনও ধর্মনিষ্ঠ।...... সেটা হয় তাদের দ্বারা যারা ধর্মকে টেনে আনে অন্যান্য ক্ষেত্রে। এ মনোবৃত্তি এবং প্রচেষ্টার নামই সাম্প্রদায়িকতা।" পাঠক আমরা যে সময় অতিক্রম করছি সে সময়ের সাথে দ্বিজাতিতত্বের ভিত্তিতে সৃষ্ট পাকিস্তান উত্তর পূর্ববাংলার কিছু মানুষের হীনমন্যতার সাদৃশ্য লক্ষ্য করুন। সমুখপানে এগিয়ে যাওয়ার পথে তখনও কাঁটা বিছানো হয়েছিলো এখনও ধর্ম, ধর্মীয় জাতীয়তাবাদ চর্চার মাধ্যমে সকল ক্ষেত্রে নুতন করে কাঁটা বিছানো হচ্ছে। সে কাঁটায় আমরা ক্রমাগত ক্ষত বিক্ষত হচ্ছি তবে এররকম নীরবতার সংস্কৃতি আমাদের গ্রাস করেছে বলে আমাদের চেতনা নাশ হচ্ছে ক্রমাগত।

পাকিস্তানোত্তর পূর্ববাংলায় "সংস্কৃতির সংকট" সৃষ্টি হয়েছিলো ঔপনিবেশিক পাকিস্তানী শাসক এবং তাদের বশংবদদের দ্বারা। পাকিস্তানি শাসকদের শাসনের অবসান হয়েছে কিন্তু তাদের বশংবদরা পঁচাত্তর পরবর্তী সময়ে যে সাম্প্রদায়িকতার জাগরণ সৃষ্টি করেছিলো তার পালে হাওয়া দিয়ে যাচ্ছে ধর্মনিরপেক্ষ, ধর্মাশ্রয়ী জাতীয়তাবাদ এবং সরাসরি ধর্মীয় জাতীয়তাবাদে বিশ্বাসী দল সমূহ। এসব দলের সাথে আমরা সক্রিয় ভাবে যুক্ত দেখতে পাচ্ছি স্বাধীনতার পক্ষ নামধারী প্রগতিশীল দলসমূহকে।ধর্মাশ্রয়ী জাতীয়তাবাদ, ধর্মীয় জাতীয়তাবাদী দল সমূহের আদর্শকে ধারণ করে ধর্মনিরপেক্ষ দল সমূহ পরিবর্তিত পরিস্থিতির সাথে খাপ খাওয়ানোর নামে একই রাজনীতি অনুশীলন করে যাচ্ছে ভিন্ন মোড়কে। বহমান "সংস্কৃতির সংকট" আর পাকিস্তান উত্তর সংস্কৃতির সংকটের মধ্যে চরিত্র গত অনেক পার্থক্য রয়েছে। তবে এ'কথা নিসন্দেহে বলা যায় প্রবহমান "সংস্কৃতির সংকট" অনেক বেশি বিপদজনক। সংস্কৃতির সংকটের স্বরূপ এবং ফলাফল আমরা যদি অনুধাবন করতে না পারি তাহলে বহমান সংকট আমাদেরকে জাতি হিসেবে আবারও অন্ধকারে নিক্ষেপ করার সম্ভাবনা আছে। সংস্কৃতির সংকটকে কাটিয়ে ওঠা অর্থনৈতিক সংকট কাটিয়ে ওঠার থেকে গুরুত্বপূর্ণ। এ' বিষয়টি আমাদের রাজনৈতিক দল এবং বুদ্ধিজীবীরা যতো দ্রুত অনুধাবন করতে পারবেন জাতির জন্য ততোই মঙ্গল।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
শনিবার সকল শাখা খোলা, রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্‌স খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা পাশাপাশি সকল ব্যাংকের একাউন্টে আরও ২.৫০% প্রণোদনা পাবার নিশ্চয়তা

৫% বোনাস

সম্মানিত গ্রাহক ও শুভানুধ্যায়ীদের শুভেচ্ছা

blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-505-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE HOME CARE
MOMOTAJ
Solo Concert
FRIDAY 17 MAY 7.30-11PM
AMAZURA HALL
91-12 144TH PL, QUEENS, NY 11435
TICKET PRICE: GOLD:$25 VIP:$100 VVIP:$200
টিকেট এর জন্য যোগাযোগ করুন: 934-444-1863
ORGANIZER:
অনিক রাজ, শিবলী ছাদেক, মোঃ আলম নমি, সাকিল মিয়া
বদরুদ্দোজা সাগর, বেলাল আহমেদ
EVENT MANAGEMENT BY:
Galaxy media
MEDIA PARTNER:
আজকাল

GRAND SPONSORS
NURUL AZIM
516-451-3748
Eastern Investment
rivertel
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
PRESENTS
POWERED BY
Aasha Home Care
আদাকালো
FREE ENTRY
বৈশাখী
মেলা
১৪৩১
নৃত্য পরিবেশন করবেন - Nrityanjali
মেলায় থাকছে আকর্ষণীয় রাফেল ড্র :
WORLD TRAVELS এর সৌজন্যে
ঢাকা – নিউইয়র্ক – ঢাকা এয়ার টিকেট এছাড়াও রয়েছে
বিভিন্ন আকর্ষণীয় পুরস্কার
মেলায় থাকছে বিভিন্ন শাড়ি কাপড় স্টল
জুয়েলারি স্টল ও দেশীয় খাবার স্টল
ORGANIZED BY
SHOWTIME MUSIC
SUNDAY 12TH MAY
AT 3 PM TO 10 PM
THE MARY LOUIS ACADEMY
176-21 WEXFORD TERRACE, JAMAICA, NY 11432
MEDIA PARTNERS
ঠিকানা
আজকাল
আদাকালো
TIME
IBTV
নিউইয়র্ক সময়
NRBC
FOR STALL & MORE INFO 646 546 6038

সূর্যের উষ্ণ সংবর্ধনা

সুবীর কাস্মীর পেরেরা

বাইরে সূর্যের উষ্ণ সংবর্ধনা!
আগুনের ফুলকি ফুলের বর্ষণ,
মাথা বেয়ে গা এবং পা অবধি বাদ যায়নি সবুজ গাছ,
ফসলের মাঠ-আমার চিরচেনা ঢাকা শহর!

নিম্ন এবং মধ্যবিত্ত-সংবর্ধনার প্রধান আকর্ষণ!
সব সময় নিষ্পেষিত-নিপীড়িত এবং
উর্ধ-নিম্ন চাপের হাতিয়ার।
কখনো কর্মের অভাব, কখনো বাসস্থান
আবার কখনো খাদ্যের দুর্ভিক্ষ!
তারপরেও সূর্যের তীব্র উপহাস!

উচ্চবিত্ত কি জানে কষ্টের বেদনা?
জানে কি ক্ষুধা কাকে বলে?
কিংবা অতিষ্ঠ গরমে এসির বাইরে একটি নরক
যন্ত্রণা আছে? কিংবা রাস্তায় এসি গাড়ি ছাড়াও
ঘর্মাক্ত একটি পথ ও জীবন আছে?

ধনীর নাকে টাকার গন্ধ, চোখ বাস্তবতায় অন্ধ!

সূর্য দেবতা, বন্ধ হোক তোমার-
নরকীয় উপহাস, অগ্নি সংবর্ধনা!
অসহায় মানুষ হাসতে চায়
বৃষ্টির কান্নার অঝোর ধারায়।

বিনীত প্রার্থনা

দর্পণ কবীর

সূর্যকে আড়াল করে দাঁড়িয়ো না
সূর্যোদয়ের গানে ভেঙেছে আমার দীঘল ঘুম
এই দেখো, বুকের পাঁজরে
খিলখিলিয়ে হাসছে অবরুদ্ধ বেদনা
ফুটছে স্বপ্নের পারিজাত;
পাখিরা গলা সাধছে বনে
নদীরা ফিরে পেয়েছে যৌবন
কবিতার মিছিলে সময় ছিঁড়েছে দুঃসময়ের শেকল।

আমার আঙিনায় সব সুন্দর মেতেছে ধ্রুপদী গল্পে
ভোরের ডালিতে খুঁজো না দীর্ঘশ্বাস
স্মৃতির সিম্ফনি...
প্রাণের আলোতে আজ প্রাণের ঝিলিমিলি।

কোনো দাবি নেই, দফা নেই
ভালবাসি এবং বাসব বলেই
আমি মাথা তুলে দাঁড়িয়েছি।

সূর্যকে আড়াল করে দাঁড়িয়ো না।

তক্ষকের কাব্য

বিশ্বজিৎ মণ্ডল

১.
প্রতিরাতে একটা তক্ষক আসে, আমার টেবিলে

নিতান্ত দুর্বল শরীরে নাড়া দেয় বার বার...
আমাকে দেখে আড়াল খোঁজে ইতঃস্তত
অভ্যাস হয়ে গেছে তার সন্ধ্যার যাতায়াত

২.
আজ রাতে আমি বাড়ি নেই
মধ্য দুপুরের কোলাহল ছেড়ে, সুনশান পাড়া গাঁ...
এখানে তক্ষক নেই
নেই আমার পড়ার টেবিল
মিহিন জ্যোৎস্নায় ধুয়ে যাচ্ছে, বারান্দা

শিউরে উঠে দেখি-চাঁদ বেয়ে নেমে আসছে
অলীক এক তক্ষক।

আমাকে ভাবায়

মোঃ ইজাজ আহামেদ

শক্তির নিত্যতা সূত্র আমাকে ভাবায়
আদম-হাওয়া থেকে আজ সাতশো কোটিরও বেশি আমরা
আমাদের কত কথা লিপিবদ্ধ হয়েছে এই নীল গ্রহের খাতায়
অন্তর্জালের মতো আকাশে বাতাসে ভাসছে
মানব সৃষ্টির কাল থেকে কত মনীষীদের বাণী মুখে মুখে
ভ্রমণ করছে
কিছু লিপিবদ্ধও হয়েছে বইয়ের পাতায়
পরিবর্তন ছুঁয়েছে, কিছু বিকৃত হয়েছে কিছু অবিকৃত রয়েছে

শক্তির নিত্যতা সূত্র আমাকে ভাবাচ্ছে
পূর্বপুরুষদের শব্দরা ডানা মেলে উড়ে বেড়াচ্ছে
আকাশে বাতাসে ইন্টারনেটের মতো বর্তমান প্রযুক্তির
মোবাইল বা কম্পিউটার ধরতে পারছে না

শক্তির নিত্যতা সূত্র আমাকে ভাবায়
যদি তাদেরকে ধরার ভবিষ্যত প্রযুক্তি আবিষ্কার হয়
তবে অবিকল ভাষাগুলো শুনতে পাবো;
দেখতে পাবো বিচার দিবসের মতো।

মনে রাখার গল্প

আব্দুল্লাহ আল মামুন রিটন

বহুদিন পর যখন আবার আমাদের দেখা হলো
তখন শরীরের সাথে ভাঁজ পড়েছে চোখেরও
বাঁকা চোখ সোজা হয়ে তীক্ষ্ণ হয়েছে আরও
শুধু কারো বদলায়নি মনে রাখার আদিম চরিত্র।

মুখোমুখি হওয়ার সাথেই জাপটে ধরলো অতীত
তোমার কিছু প্রশ্ন ছিল, আমারও ছিল কিছু গল্প
আমাদের চায়ের কাপের সাথে চললো কথা খরচ
তারপর, আবার সেই বিচ্ছিন্ন হওয়ার কঠিন সময়।

দুজন দুটি পথের পথিক হয়েও বারবার ফিরে এসে
আমাদের এই যে হঠাৎ মুখোমুখি হওয়ার এই ক্ষণ
এ যেন গোপনে পরখ করা ভেতরের নির্গত প্রস্রবণ
কতটা নির্মল, কতটা পরিচ্ছন্ন, কার জন্য কতটুকু।

বয়সের সন্ধিক্ষণেও একবার দেখা হোক এভাবেই
দেখা হোক দুজনের, লম্বা হোক মনে রাখার গল্প।

পূর্ণের মধ্যে শূন্যের কান্না

সৌরভ দুর্জয়

হাসির লঙ্গরখানায় লুকানো ক্ষুধার অন্ন নাই
ধনবতী পৃথিবীর গোলায়
তাই বুঝি এস্কিমোরা বরফের ঘরে পোড়ে
শীতল আগুনের রুক্ষ ছায়ায়
কুবের কাঁধে চালের চাতালে বসে
দু'মুঠো ভাতের লাগি
সাগরে পায় না তৃষ্ণার জল
ভাসমান নাবিক কোনকালে কোনদিন।

এভাবেই পূর্ণের মধ্যে শূন্যের কান্না
চলছে এবং চলবে বিরামহীন চিরদিন।

আশীর্বাদ

সাধন চন্দ্র দাস

যাহারে দেখিতে সদয় কৃপা
করিয়াছেন অনাথের নাথ।
তাহার চরণে প্রণতি জানাও
নত মস্তকে করি প্রণিপাত।

সৃজন করিলেন যাহারে তোমার তরে
তাহারে রাখিও সদা প্রফুল্লচিত্তে।
অজস্র বর্ষ তুমি বাঁধিও ডোরে
থাকিও একই বৃন্তে যুগ যুগ ধরে।

অজানা বাগানে যেই ফুল ফুটিলো
তোমার পূজায় লাগবে বলে।
সেইফুলের গন্ধ, সুধা হৃদয়ে করিও ধারণ
পূর্ণ চন্দ্রের রুপ সদাই করিও অবগাহন।

তোমাদের আগমনী বার্তায় আনন্দিত
ছিলো যতো পরমাত্মীয় -স্বজন।
তাহাদের সুখ দু:খ গ্রহণ করিও
প্রিয়জন হইয়া থাকিও সারাজীবন।

প্রজন্ম হইতে প্রজন্মান্তরে সুহৃদ
জানুক যতো আপনজন।
সত্য সুন্দরে মন করিও অর্পণ
আলোকিত হউক তোমাদের পূর্ণ জীবন।

সুইসাইডালের বৈঠকে

ইফাদ ইমতিয়াজ অয়ন্ত

দুর্ভাগ্যক্রমে একটি সুইসাইডাল বৈঠকে
আকাশ থেকে পড়েছি।
গোলটেবিল বৈঠক,
হতেও পারে একটি বাইজির আড্ডা
কেউ নাচায় তো কেউ নাচে।
জয়েন্টে টান দিয়ে যখন ঘোরে ঘোরে
জন্ম দিয়েছিল আমায়
সেই নেশা নিয়ে আমি ছিটকে পড়ি
গোলটেবিলের উপর।
রক্তে মাখামাখি ছিল আমার আপাদমস্তক
সেদিন রক্ত আর নেশায় একাকার হয়েছিল
আমার মানস।
সেই থেকে আমিও সুইসাইডাল হওয়ার
প্রতিযোগিতায় রেসের ময়দানে।
আহ্! কি নিষ্ঠুর প্রতিযোগিতা
যে যাকে পারে মাড়িয়ে সামনে এগোয়
একবার গাছটির দিকে তাকাও কিংবা নদীটার দিকে,
তোমায় দেখে অট্টহাসিতে ফেটে পড়ছে তারা-
যেমন করে সার্কাসের জোকার দেখে আমরা হাসি।
আর তুমি-আমি বীরের বেশে ছুটছি
সুইসাইডালের বিদ্যাগ্রহণের উদ্দেশ্যে।

মাঝে মাঝে নিজেকে বড় নিঃসঙ্গ মনে হয়। স্বজন, বন্ধুরা ঘিরে থাকলেও মনে হয় বড় একাকী। তাল মেলাতে পারিনা অনেকের সঙ্গে। প্রত্যকের সাথে প্রত্যেকের সম্পর্ক আছে, তারপরও সম্পর্কহীন হয়ে যাচ্ছে মানুষ। কী আশ্চর্য! সম্পর্ক না-কী মূলধন, সোশ্যাল ক্যাপিটাল। আপনার যদি ক্ষমতা কাঠামোর মানুষের সাথে সুম্পর্ক থাকে তাহলে এটি ভাঙ্গিয়ে আপনি অর্থ, বিত্ত অর্জন করতে পারেন। সব কিছু পারবেন এ'ক্ষেত্রে চিত্তের প্রসার ঘটাতে পারবেননা।

সম্পর্কের সাথে মূল ধনের যোগাযোগ তত্ত্ব, এটি কোন সেল কোম্পানির বিজ্ঞাপনের ভাষ্য-না, মানুষ এখন এটি বিশ্বাস করে। তক্কে তক্কে থাকে, সম্পর্কের নেটওয়ার্কের বিস্তৃতি ঘটানোর জন্য। মানুষের সাথে মানুষের সম্পর্ক মুলধন বা ক্যাপিটাল হয় কী করে।

হ্যাঁ, ক্যাপিটেল হয় আজকাল। আপনি মধ্যবিত্তদের দেখবেন, ক্যাপিটেল বাড়ানোর জন্য সম্পর্ক তৈরি করতে মরিয়া। বিয়েবাড়ি, শেষকৃত্য কিংবা কবিতা পাঠের অনুষ্ঠানে দেখে দেখে মন্ত্রী-মিনিস্টার, ভিসি, ডিসি, প্রভাবশালী ব্যবসায়ী, এমপিদের হাজির করা হয়। বিভিন্ন অঙ্গনের তারকাদের বহুবার আমন্ত্রণ জানিয়ে নিয়ে আসা হয়। তাদের আসা নিশ্চিত করতে বিনয়ের অবতার সেজে চারবার ফোন, এবং দুবার সশরীরে উপস্থিত হয়ে আমন্ত্রণ জানানো এখন রীতি হয়ে গেছে।অনুষ্ঠানের দিন ভিন্ন প্রজাতির প্রভাবশালীদের সাথে সেলফি, হেলফি থেকে শুরু করে নানারকম ছবি তুলে বন্দী করে রাখা হয় সম্পর্ক। পারিবারিক অনুষ্ঠানে আজকাল নিমন্ত্রণ করা হয় নানা ভাবে। একদলের উপস্থিতি নিশ্চিত করতেই হবে কারণ তারা উপস্থিত না হলে ক্যাপিটেলের বিস্তৃতি ঘটবেনা, আর একদলকে আমন্ত্রণ "জানানো হয়" প্রাণহীন ভাবে। দরজার নিচ দিয়ে আমন্ত্রণপত্র ফেলে দিয়ে আসা হয়, এদের আসা না আসার উপর সোশ্যাল ক্যাপিটাল বাড়ানোর কোন সম্পর্ক নেই।

সোশাল ক্যাপিটাল বাড়াতে গিয়ে আন্তরিকতাকে গলা টিপে হত্যা করা হচ্ছে। এর পর মহান সেজে মানুষের সাথে মানুষের সম্পর্ক নিয়ে গাম্ভীর্য বজায় রেখে তত্ব, তথ্যের সংমিশ্রণে ওজনদার গলায় বক্তৃতা চলতে থাকে। পুরোনো সেই কথা, আমরা যা বিশ্বাস করি তা' বলিনা আবার যা বলি তা' কোন ভাবেই অন্তর দিয়ে বিশ্বাস করিনা। মুখের সামনের মুখোশকে ভেদ করে আসল চেহারা দেখতে দেইনা কাউকে।

চারপাশের মানুষ গুলোর অস্থিরতা খেয়াল করেছেন? সবাই প্রতিযোগিতায় নেমেছে। দিব্যেন্দু পালিতের একটি উপন্যাসে পড়েছিলাম, রেসের মাঠের প্রতিযোগির পিছন ফিরে তাকাতে নেই। কে পিছনে পড়ে থাকলো এতে তার কিছু আসে যায়না। সবার আগে উইনিং লাইনে পা'দিতে হবে। প্রতিযোগিতায় কেউ কেউ মুখোশ পড়ে নামে আর কেউ কেউ এতো চলাকি করতে পারেনা, তাদের মুখোশ খুলে যায়। দ্বিতীয় প্রজাতি থেকে প্রথম প্রজাতি বিপদজনক। নিজের কাজে যতোটুকু নিবেদন, মনোযোগ দেয়ার প্রয়োজন ততোটুকু নেই। মেধা যেমন নেই, ধৈর্যের বলিহারি। এরকম মানুষের সহজ পথে সম্পর্ককে মূলধন হিসেবে ব্যবহার করে উপরে উঠতে কষ্ট করতে হয়না। সম্পর্ক দিয়ে হাজার কোটি টাকা ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে বিদেশে পাচার করে দিতে পারেন খুব সহজে। আবার সম্পর্ক আপনাকে পদ, পদবী দেবে সামাজিক স্বীকৃতি দিবে এমন কী জাতীয়, স্থানীয় পুরস্কারও দিতে পারে। এবার বাংলা একাডেমির পুরস্কার প্রাপ্তদের একজনের নামে চোর্যবৃত্তির অভিযোগ উঠেছে। কী এসে যায়, পুরস্কারই প্রধান। পুরস্কার প্রাপ্তির পর কিছু লোক দাঁড়িয়ে আছে আপনাকে সংবর্ধনা দেয়ার জন্য। পারস্পরিক লাভের জন্য এই সংবর্ধনা। এখানেও সম্পর্ক হলো মূলধন।

সম্পর্কের মই ব্যবহার করতে গিয়ে মানুষের শ্রম, মেধা, নিবেদন দ্রুত কমে যাচ্ছে, কমে যাচ্ছে আত্মবিশ্বাস। সামাজিক সংস্কৃতি, মূল্যবোধের ব্যারোমিটার দ্রুত নেমে আসছে। যতোই নামুক "কুছ পরোয়া নেহি"। আমাদের যে "ঋষি রবীন্দ্রনাথে"র ভাব মূর্তি আছে সেটি টিকে থাক। যারা এই রেসে নেই, যারা চালাকি করতে দক্ষ নয়, যাদের মানসিকতা এতো নিচে নামতে পারেনা, তারা বড় অসহায় এ'দেশে। তারা বিশাল প্রান্তরে একা দাঁড়িয়ে। কেউ কেউ জনারণ্যে থেকেও বড় একা। তারা একা তবে তাদের মেরুদণ্ড বড় শক্ত। ভাঙ্গবে তবুও মচকাবে। তারা সংখ্যায় কম। ক্রমাগত কমে আসছে। তবে তাদের জন্যই কিন্তু সমাজ এখনও টিকে আছে। তারা দূর থেকে বলেন, হে ঈশ্বর লজ্জাহীন রেসের ঘোড়াদের জন্য করুণা বর্ষণ করুন।

A BIOSKOPE FILMS USA CANADA DISTRIBUTION
দেয়ালের দেশ
A FILM BY MISHUK MONI
IN THEATERS
FRIDAY MAY 17th
SARIFUL RAZZ
SHABNAM BUBLY
KEW GRADEN CINEMAS
8105 LEFFERTS BLVD.,
KEW GARDENS, QUEENS, NEW YORK.
New Theatre Venue
METRO CINEMA

PEOPLE UNITED FOR PROGRESS®
POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

People United for Progress

The new wave of People United for Progress

Endorsed New York State Assemblymember Jessica & Raga.

Sir Dr. Abu Zafar Mahmood is on the ballot for
Queens Democratic County Committee member

May 3, 2024, Ahead of the New York State Democratic elections, People United for Progress (People UP) led by Sir Dr. Abu Zafar Mahmood publicly endorsed Assembly members Jessica González Rojas and Steven Raga during a ceremony held at Diversity Plaza in Jackson Heights.

জীবন

প্রথম আলো

Prothom Alo North America
9 May 2024, Thursday, Issue 373

৯ মে ২০২৪, ২৬ বৈশাখ ১৪৩১, ১ জিলকদ ১৪৪৫, বৃহস্পতিবার

রোজারিও হত্যার প্রতিবাদে আন্দোলন শুরু হবে

উইন রোজারিওকে গুলি

নিউইয়র্কে পুলিশের হাতে নিহত ১৯ বছরের উইন রোজারিওর মৃত্যুর ভিডিও দেখে ক্ষুব্ধ বাংলাদেশিরা।



উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক পুলিশের হাতে নিহত ১৯ বছর বয়সের বাংলাদেশি যুবক উইন রোজারিওর মৃত্যুকালীন সময়ের ভিডিও ফুটেজ অবমুক্ত করা হয়েছে। বীভৎস ভিডিও ফুটেজ দেখে ক্ষুব্ধ নিউইয়র্কের বাংলাদেশি জনসমাজ। এ নিয়ে করণীয় নির্ধারণের জন্য নতুন করে তাগিদ এসেছে। নিউইয়র্ক পুলিশের সহিংসতার বিরুদ্ধে বড় ধরনের প্রস্তুতি নেয়া হচ্ছে বাংলাদেশিদের পক্ষ থেকে।

গত ২৭ মার্চ নিউইয়র্কের ওজন পার্কে উইন রোজারিও নিজের ঘরে পুলিশের উপর্যুপরি গুলিতে নিহত হন। কিছুটা মামানসিক সমস্যার মধ্য দিয়ে যাওয়া উইন রোজারিওর অস্বাভাবিক আচরণের জন্য পুলিশের সাহায্য চেয়ে সিটির ৯১১ নাম্বারে কল দেয়া হয়েছিল। পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে রোজারিওর ঘরে প্রবেশ করে। তার হাতে একটি কাঁচি ছিল। পুলিশের বডি ক্যামেরায় ধারণ করা ভিডিওতে স্পষ্ট দেখা যাচ্ছে, পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য কোন উদ্যোগই নেয়নি। প্রথমে টেজার দিয়ে উইন রোজারিওকে ফেলে দেয়ার চেষ্টা করা হয়। উইন রোজারিওর মা তাঁর ছেলেকে গুলি না করার জন্য আর্ত চিৎকারে আকুতি জানাচ্ছিলেন। উইনের ছোট ভাইও এসময় গুলি না করার জন্য আকুতি জানাচ্ছিল।

সম্পূর্ণ নিয়ন্ত্রণযোগ্য পরিস্থিতিতে পুলিশ মায়ের আগলে ধরা সন্তানকে গুলি ছুড়লে উইন ঘরের মেঝেতে লুটিয়ে পড়তে

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

হবিগঞ্জে সিরিয়াল নিয়ে সংঘর্ষে নিহত ৪

সিলেট অফিস

হবিগঞ্জের বানিয়াচংয়ে সিএনজি স্ট্যান্ডে অটোরিকশার সিরিয়াল দেয়াকে কেন্দ্র করে রক্তক্ষয়ী সংঘর্ষে ৪ জন নিহত হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ৫০ জন। নিহত চারজন হলেন- আগোয়া গ্রামের আব্দুল কাদির (২৫), সিরাজ মিয়া (৫০) লিলু মিয়া (৪০), ও আনু মিয়া (৩৫)। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার বেলা ২টার দিকে ১৩ নং মন্দরী ইউনিয়নের আগুয়া গ্রামে।

স্থানীয় সূত্রে জানা যায়, আগুয়া এলাকার একটি সিএনজি স্ট্যান্ডে অটোরিকশার সিরিয়াল দেয়াকে কেন্দ্র করে সিএনজি অটোরিকশার ম্যানেজার বদির মিয়ার সঙ্গে তর্কবিতর্ক হয় ড্রাইভার

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

অপু-জেসমিন দম্পতিকে নিয়ে আড্ডা

ফরিদা ইয়াসমীন

"জাগো বাহে কোনঠে সবাই" নুরুল দীনের কন্ঠে এমন উদাত্ত আহ্বান শুনে এক সময় বাংলার মানুষ জেগে উঠেছিল। নিপীড়িত মানুষের পক্ষে সামন্তবাদ বিরোধী কণ্ঠস্বরের প্রতীক হয়েছিল নুরুল দীন।

৫ মে রোববার প্রথম আলো উত্তর আমেরিকার অফিসে আবারো যেন জেগে উঠেছিল সেই কৃষক নেতা নুরুল দীন। সমস্বরে সবাই বলে উঠেছিল "জাগো বাহে কোনঠে সবাই"!

যুক্তরাজ্য প্রবাসী বিশিষ্ট মঞ্চ অভিনেতা ও নাট্যনির্দেশক অপু চৌধুরী এবং তার স্ত্রী লেখক, অনুবাদক ও নাট্যকার জেসমিন চৌধুরী এক সংক্ষিপ্ত সফরে যুক্তরাষ্ট্র সফরে আসেন। তাদেরকে নিয়ে প্রথম আলো উত্তর আমেরিকার অফিসে বসে এক আনন্দ আড্ডা।

লেখিকা জেসমিন চৌধুরী নারীবাদী লেখিকা হিসেবে বিশেষ ভাবে পরিচিত। তিনি নারী জীবনের অনুচ্চারিত ভাবনা, বেদনা, আশা-আকাঙ্ক্ষা সবকিছু তার লেখায় ফুটিয়ে তোলেন। ব্যক্তি জীবনে তিনি বীর মুক্তিযোদ্ধা লেফটেন্যান্ট কর্নেল এ আর চৌধুরীর কন্যা।জেসমিন চৌধুরীর নারীবাদী লেখায় সাহসের সাথে উচ্চারিত হয় নারী জীবনের অনুচ্চারিত বিষয়গুলো।

যুক্তরাজ্য প্রবাসী জেসমিন স্পষ্ট উচ্চারণে নিজের কথা, সমাজের আচার অনাচারের কথা বলেন। তাঁর নিজের অভিজ্ঞতা,যাপিত জীবনের নাটকীয় বিষয়গুলো উঠে আসে লেখায়,কথায়।

জেসমিনের দাম্পত্য সাথী অপু চৌধুরী এক সময় ঢাকায় জনপ্রিয় নাট্যাভিনেতা ছিলেন।

জেসমিন নাটক লিখেন। অভিনয় করেন। অনুবাদ করেন। যুক্তরাজ্যের মঞ্চে অপু-জেসমিন দম্পতির একাধিক কাজ প্রশংসিত হয়েছে।

আড্ডা আয়োজনের শুরুতেই প্রথম আলো উত্তর আমেরিকা সম্পাদক ইব্রাহীম চৌধুরী এই যুগলকে অভিনন্দন এবং শুভেচ্ছা জানান। জেসমিন চৌধুরী তার আলাপচারিতায় জানান তিনি নারীবাদী লেখিকা হিসেবে পরিচিত কিন্তু তার লেখায় পুরুষ বিদ্বেষ নাই। তিনি বলেন পুরুষ বিদ্বেষ মানেই নারীবাদী নয়। নারীর অধিকারকে জানা এবং বোঝার ভেতরেই নারীবাদ লুকিয়ে আছে। তিনি আরো বলেন যে, "আমি আমার স্বামীকে ভালবাসি, আমার বাবাকে ভালবাসি। পুরুষদেরকে শ্রদ্ধা করি। কিন্তু যে পুরুষ নারীকে অত্যাচার করে তাকে ঘৃণা করি। তিনি বলেন, 'পুরুষের সাথে সারাক্ষণ পাল্লা দিলেই নারী অধিকার অর্জন করা যায় না। নিজের চাওয়া পাওয়ার সমন্বয় করা এবং নিজেকে সম্মান করার ভেতরেও

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ 'সাঈদী' ভক্তকে বহিষ্কার করলো

উত্তর আমেরিকা অফিস

খান শওকত

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলীয় নেতৃবৃন্দদের বলেছেন শূন্য পদ পূরণ করতে। দলীয় নেত্রীর নির্দেশ মত যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সভাপতি ডক্টর সিদ্দিকুর রহমান ১৭ এপ্রিল ২৫ জনকে কার্যনির্বাহী কমিটির অংশ করে নেন। নতুন তের জন সম্পাদকীয় এবং ১২ জন কার্যনির্বাহী সদস্যের মধ্যে অনেকের নামেই রয়েছে দুর্নাম। তারমধ্যে দেলোয়ার হোসেন সাঈদী ভক্ত খান শওকত ছিলেন অন্যতম। তিনি

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

বড় অপরাধ কমলেও বেড়েছে ঘৃণামূলক অপরাধ

নিউইয়র্ক

পুলিশের এক বিজ্ঞপ্তিতে জাননো হয় এপ্রিলে বেশিরভাগ বড় অপরাধ কমলেও ঘৃণামূলক অপরাধ ৩৯% বৃদ্ধি পেয়েছে।

উত্তর আমেরিকা অফিস

ইসরায়েল-ফিলিস্তিন ইস্যুতে কিছুটা অস্বাভাবিক পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছে নিউইয়র্ক। ছাত্রদের আন্দোলন ঠেকাতে গ্রেপ্তারও যেন কাজে আসছে না। তবে ফিলিস্তিনিপন্থীদের আন্দোলনে শহরের পরিবেশ কিছুটা অস্থিতিশীল থাকলেও এপ্রিলে সিটির বড় অপরাধের সংখ্যা অনেকটা কমেছে। তবে বেড়েছে ঘৃণামূলক অপরাধের মাত্রা।

৭ মে মঙ্গলবার নিউইয়র্ক পুলিশের প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জাননো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, নিউইয়র্ক সিটিতে এপ্রিল মাসে বেশিরভাগ বড় অপরাধের সংখ্যা কমেছে। কিন্তু ঘৃণামূলক অপরাধ ৩৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। শহরের সামগ্রিক অপরাধ সূচক গত মাসে ২০২৩ সালের এপ্রিলের তুলনায় ৪.৯ শতাংশ কমেছে। এসব অপরাধের মধ্যে রয়েছে খুন, চুরি, অটো চুরি এবং গ্র্যান্ড লুর্সিনি।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এই সময়ে গুলির ঘটনা ১৫.৫ শতাংশ এবং পরিবহন সংক্রান্ত অপরাধ কমেছে ২৩ শতাংশ। এপ্রিল মাসে মুসলিম বিরোধী ঘটনাও দ্বিগুণ হয়েছে। গত বছরের যে সংখ্যা

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

'ব্রুকলিন পথমেলা মেলা' নিয়ে সংবাদ সম্মেলন

ডেস্ক রিপোর্ট

নবম বারের মতো বাংলাদেশি-আমেরিকান ফ্রেন্ডশিপ সোসাইটি অব ইউএসএ ইনক (বাফ্স) ও ৬৬ প্রিসেন্ট কমিউনিটি কাউন্সিলের যৌথ আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে উত্তর আমেরিকার সর্ববৃহৎ 'ব্রুকলিন পথমেলা মেলা' । আগামী ১৯ মে রোববার চার্চ এভিনিউতে অনুষ্ঠিত হবে এই মেলা। যেখানে বিভিন্ন পরিবেশনা নিয়ে থাকবেন দেশ-বিদেশের স্বনামধন্য সব গায়ক-গায়িকা। মেলাটি অনুষ্ঠিত হবে চার্চ ম্যাকডোনাল্ড এবং এভিনিউ সি এর কর্ণারে।

এ উপলক্ষে ৬ মে সোমবার অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বলা হয়েছে, মেলায়

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল: নিউজ:** news@prothomalony.com, **বিজ্ঞাপন:** cm@prothomalony.com